ত্রিপুরার প্রথম দৈনিক

জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 2 September, 2023 ■ আগরতলা ২ সেপ্টেম্বর ২০২৩ ইং ■ ১৫ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

চিকিৎসার গাফিলতির অভিযোগ এক নাবালকের মৃত্যু ঘিরে চাঞ্চল্য

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।। উদয়পুর টেপানিয়ায় গোমতী জেলা হাসপাতালে চিকিৎসকের ভুল অপারেশনে এক নাবালকের মৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে তীব্র খুব এর সঞ্চার হয়েছে। পরিজনদের কান্নায় ভারী হয়ে উঠে হাসপাতাল চত্বর।

ঘটনার বিবরণে জানা যায়, উদয়পুর এলাকার বাসিন্দা অনিক দেব গলার সমস্যা নিয়ে উদয়পুর টেপানিয়া গোমতী জেলা হাসপাতালে ভর্তি হন বৃহস্পতিবার সকালে। তারপর সেখানে কর্মরত এক চিকিৎসক অনিক দেবের গলায় একটি অস্ত্রোপচার করেন। তারপর থেকেই অনিক দেবের শারীরিক সমস্যা দেখা দেয়। তারপরেই উদয়পুর টেপানিয়া জেলা হাসপাতালের ওই চিকিৎসক দায়মুক্ত হওয়ার কৌশল হিসেবে তাকে জরুরি ভিত্তিতে জিবি হাসপাতালে রেফার করে দেন। জিবিপি হাসপাতালে নিয়ে আসা হলেও শেষ রক্ষা করা যায়নি। গোমতী জেলা হাসপাতালের ওই চিকিৎসক নিজেকে বাঁচাতে বৃহস্পতিবার সন্ধ্যা রাতে অনিক দেবকে মৃত অবস্থায় উদয়পুর টেপানিয়া হাসপাতাল থেকে জিবিপি হাসপাতালে রেফার করে দেয় বলেই অভিযোগ করেন মৃত অনিক দেবের পরিবারের লোকজন। পরে নাবালক ছেলেকে জিবিপি হাসপাতালে আনার পর সেখানে কর্মরত চিকিৎসকরা পরীক্ষা নিরীক্ষার পর তাকে মৃত বলে ঘোষণা করেন। মৃত নাবালকের পরিবারের লোকজন আরো অভিযোগ করেন উদয়পুর টেপানিয়া গোমতী জেলা হাসপাতালের একজন চিকিৎসক এবং স্বাস্থ্যকর্মী অনিক দেবকে জিবিপি হাসপাতালে আনার পর কিছুক্ষণের মধ্যেই তারা গা ঢাকা দেন। ছেলেকে হারিয়ে হাসপাতাল চত্বরে কান্নায় ভেঙে পড়ে মৃত নাবালক ছেলের মা বাবা সহ আত্মীয় পরিজন।

পরিবারের লোকজন ও আত্মীয় পরিজনরা ঘটনার সুষ্ঠু তদন্ত ক্রমে চিকিৎসকের বিরুদ্ধে আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন। ভুল চিকিৎসার কারণেই নাবালকের মৃত্যু হয়েছে বলে তারা স্পষ্টভাবে অভিযোগ করেছেন। উল্লেখ্য গোমতী জেলা হাসপাতালে ইতিপূর্বেও বিনা চিকিৎসায় এবং ভুল চিকিৎসায় রোগী মৃত্যুর বহু ঘটনা ঘটেছে। পরপর এসব ঘটনাকে কেন্দ্র করে গোমতী জেলা হাসপাতালের চিকিৎসকদের উপর রোগী ও তাদের পরিবারের লোকজনদের আত্মবিশ্বাস ক্রমশ হ্রাস পাচ্ছে। রাজ্যের মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী যেখানে রাজ্যের স্বাস্থ্য পরিষেবার মান উন্নয়নের জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছেন সেক্ষেত্রে একাংশ চিকিৎসকদের গাফিলতি ও ভুল চিকিৎসার কারণে রোগী মৃত্যুর ঘটনায় রাজ্যের স্বাস্থ্য পরিষেবা প্রশ্নের সম্মুখীন হচ্ছে।

৫০ কিলো গাঁজা উদ্ধার

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।। ফের বিপুল পরিমাণ গাঁজা উদ্ধার করেছে পুলিশ। একটি মারুতি গাড়ি থেকে পঞ্চাশ কেজি শুকনো গাঁজা উদ্ধার করা হয় এদিন। বিশ্বস্ত সূত্রে প্রাপ্ত খবরের ভিত্তিতে খোয়াই থানার পুলিশ ধলাবিলে খোয়াই চা বাগানের সামনে একটি মারুতি গাড়ি আটক করে। চালক গাড়িটি ফেলে রেখে পালিয়ে যেতে সক্ষম হয় বলে পুলিশ সূত্রে খবর। পুলিশ গাড়িতে তল্লাশি চালিয়ে ৭৯ টি প্যাকেটে মোট পঞ্চাশ কেজি শুকনো গাঁজা উদ্ধার করে গাড়ির ভেতরের গোপন চেম্বার থেকে। গাড়িতে অনেকগুলো ভুয়ো নাম্বার প্লেটও পাওয়া যায়। পুলিশ এন ডি পি এস ধারায় একটি মামলা লিপিবদ্ধ করে তদন্ত শুরু করেছে। এদিকে গাড়িটি আটক করে থানায় নিয়ে আসা হয়েছে। চালককে গ্রেপ্তারের চেষ্টা চালাচ্ছে পুলিশ। প্রতিদিন রাজ্যের কোনো না কোনো এলাকা থেকে গাঁজা উদ্ধার হচ্ছে। এতো পরিমাণ গাঁজা এবং পাচারকারী আটক হলেও এই পেসার বাণিজ্যের মূল মাস্টার মাইন্ডদের আটক করতে ব্যর্থ হচ্ছে পুলিশ।

যাকে ইচ্ছা তাকে ভোট দিন উপনির্বাচনের আগে ঘোষণা মথার

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।। ধনপুর ও বক্সনগর বিধানসভার উপনির্বাচনে তিপ্রা মথা দল কাউকে সমর্থন করবে না। দলীয় কর্মীদের যাকে ইচ্ছা তাকেই ভোট দেবে। শুক্রবার সাংবাদিক সম্মেলন করে এই বিষয়টি স্পষ্ট করলেন বিরোধী দলনেতা অনিমেষ দেববর্মা। তবে তিপ্রা মথার সমর্থন বামেদের দিকেই রয়েছে এমনই দাবি জীতেন্দ্র চৌধুরীর।

ত্রিপুরা বিধানসভা নির্বাচন এবং উপ নির্বাচন দুটিতেই তিপ্রা মথা দলের সমর্থন কোন দিকে যাবে তা নিয়ে জোর চর্চা চলছিল রাজনৈতিক মহলে। আগামী ৫ই সেপ্টেম্বর রাজ্যে অনুষ্ঠিত হতে যাওয়া উপ নির্বাচনে প্রার্থী তালিকা ঘোষণা করার আগেই বামফ্রন্ট, কংগ্রেস ও তিপ্রা মথা দলের শীর্ষস্থানীয় নেতারা রুদ্ধদ্বার বৈঠক করেন। যদিও উপ নির্বাচনে প্রার্থী দিয়েছেন শুধুমাত্র সিপিআইএম দল ও শাসক দল। প্রার্থী তালিকা ঘোষণা হওয়ার পর থেকেই রাজ্যের বর্তমান প্রধান বিরোধী দল তিপ্রা মথার সমর্থন কোন দিকে রয়েছে তা নিয়ে জোর চর্চা চলছিল রাজনৈতিক মহলে। বামেরা প্রথম থেকেই দাবি করছিলেন বিরোধীরা তাদের সমর্থনে রয়েছে। শেষ পর্যন্ত উপ নির্বাচন নিয়ে শুক্রবার নিজেদের অবস্থান স্পষ্ট করলেন তিপ্রা মথা দল। এদিনের সাংবাদিক সম্মেলনে অনিমেষ দেববর্মা জানান, তারা কোনো দলকেই সমর্থন করবে না। ওই এলাকার দলীয় কর্মীরা যাকে ভালো মনে করবেন , যারা তাদের জন্য কাজ করবেন বলে মনে করবেন তাদেরকেই ভোট দেবে।

☞ ৬ এর পাতায় দেখুন

মায়ের বকুনি আত্মহত্যা ছেলের

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।। উদয়পুর রমেশ চৌমুহনীতে শোকের আবহ। মায়ের বকুনিতে মৃত্যু ১৩ বছরের ছেলের।

মায়ের সামান্য বকুনিতে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করল রণবীর পাল নামে বয়স ১৩ এর এক নাবালক। বাড়ি উদয়পুর রমেশ চৌমুহনি এলাকায়। জানা যায় তার বাবার নাম হারাধন পাল। সামান্য কিছু বিষয় নিয়ে তার মা তাকে বকুনি দেয়। বকুনি দিয়ে বাড়ি থেকে কাজের উদ্দেশ্যে বেরিয়ে জন তিনি। তখনই অভিমানে গলায় গামছা লাগিয়ে রণবীর আত্মহত্যা করে বলে পরিবার সূত্রে খবর। পরবর্তী সময়ে গোমতী জেলা হাসপাতালে অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীরা তাকে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করে। এই খবর শোনা মাত্র পরিবারের মধ্যে কান্নার রোল পড়ে যায়। শোকে অনুতাপে কান্নায় ভেঙে পড়েন তার মা। ময়নাতদন্তের পর মৃতদেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়। ঘটনায় এলাকা জুড়ে শোকের ছায়া নেমে আসে।

হাতে আছে আর মাত্র এক মাস। তাই দুর্গোৎসবকে কেন্দ্র করে মূর্তি পাড়ায় চলছে চরম ব্যস্ততা।

উৎসবের আগেই চট্টগ্রাম আগরতলা বিমান পরিষেবা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।। দুর্গাপূজার আগেই খুলে যেতে পারে আগরতলা — বাংলাদেশের আকাশ পথ। আগামী ১৭ সেপ্টেম্বর থেকে চালু হওয়ার সম্ভাবনা আগরতলা থেকে বাংলাদেশের বিমান পরিষেবা। ১৭সেপ্টেম্বর আনুষ্ঠানিকভাবে আগরতলা মহারাজা বীর বিক্রম বিমানবন্দর থেকে চট্টগ্রাম শাহ আমানত বিমানবন্দরে যাত্রীবাহী বিমান চলাচল শুরু হতে পারে বলে এম বিবি বিমান বন্দর সূত্রে জানা গেছে।

এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়া সূত্রে এই খবর জানা গেছে। ইতিমধ্যেই এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়া এক টুইট বার্তায় এই কথা জানিয়েছেন। প্রতিনিয়ত দায়িত্বপ্রাপ্ত আধিকারিকরা বর্তমানে পরীক্ষা নিরীক্ষা চালিয়ে যাচ্ছেন। বেশ কয়েকবার আগরতলা বিমানবন্দরে এসে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় খতিয়ে দেখেছেন।

প্রসঙ্গত ২০১২ সালে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ত্রিপুরা সফরকালে বাংলাদেশের সরকারি বিমান বাংলাদেশ থেকে সরাসরি আগরতলা বিমানবন্দরে অবতরণ করেছিল। আগরতলা বিমানবন্দরে সেটিই ছিল প্রথম আন্তর্জাতিক বিমানের অবতরণ। তারপর থেকেই আগরতলা বিমানবন্দর আন্তর্জাতিক বিমান উঠা নামার জন্য প্রস্তুত রয়েছে বলে আন্তর্জাতিক বিমান পরিষেবা চালু করার বিষয়টি আলোচনায় উঠে আসে। কিন্তু বিভিন্ন প্রতিকূলতার কারণে মাঝে কয়েক বছর রাজ্যের বিমান পরিবহন ব্যবস্থার তেমন একটা উন্নতি হয়নি। পরে ২০১৮ সালে ত্রিপুরায় প্রথম বিজেপি জোট সরকার ক্ষমতায় আসার পর তৎকালীন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব প্রথম আগরতলা থেকে বাংলাদেশ চিটাগাং পর্যন্ত বিমান পরিষেবা চালু করার ঘোষণা দিয়েছিলেন। আগরতলা মহারাজা বীর বিক্রম বিমানবন্দরের পরিকাঠামো উন্নয়নের পর গত কয়েক মাস যাবত আন্তর্জাতিক বিমান পরিষেবা চালু হওয়ার ক্ষেত্রে উভয় দেশের মধ্যে প্রস্তুতি শুরু হয়ে যায়। অবশেষে আগামী ১৭ই সেপ্টেম্বর(২০২৩) আনুষ্ঠানিক ভাবে সেই বিমান পরিষেবা চালু হতে

☞ ৬ এর পাতায় দেখুন

বিদ্যুৎহীন কৈলাসহর সমসায় রোগীরা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।। রাত থেকে বিদ্যুৎবিহীন জেলা হাসপাতাল। সমস্যায় রোগী সহ তাদের আত্মীয় পরিজন। বার বার বিদ্যুৎ নিগমের দপ্তরে জানিয়েও মিলছে না কোনো সুরাহা।

কৈলাসহর ঊনকোটি জেলা হাসপাতাল। বৃহস্পতিবার রাত থেকে বিদ্যুৎবিহীন অবস্থায় ছিল। পরবর্তীকালে কৈলাসহর ঊনকোটি জেলা হাসপাতাল কর্তৃপক্ষ দফায় দফায় কৈলাশহরের বেসরকারি বিদ্যুৎ সংস্থা সাই কম্পিউটার লিমিটেডের সাথে যোগাযোগ করলে তারা বিদ্যুৎ পরিষেবা ঠিক করার আশ্বাস দিয়ে যান। কিন্তু সকাল সাতটা বেজে গেলেও দেখা মিলেনি কৈলাশহরের বেসরকারি বিদ্যুৎ সংস্থা সাই কম্পিউটার লিমিটেডের কোন কর্মীর। এদিকে বিদ্যুৎ না থাকার কারণে চরম ভোগান্তিতে পড়েছেন রোগী থেকে শুরু করে তাদের নিকট আত্মীয়রা। এদিকে হাসপাতালের মধ্যে রয়েছেন মুমূর্ষু রোগী থেকে শুরু করে কচিকাঁচরা। বিদ্যুৎ না থাকার কারণে চরম দুর্ভোগের শিকার হতে হয়েছে প্রত্যেক কে। বিদ্যুৎ এর

☞ ৬ এর পাতায় দেখুন

জিবি হাসপাতালে বিক্ষোভ অনিয়মিত স্বাস্থ্য কর্মীদের

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।। স্থায়ী কর্মসংস্থানের দাবীতে শুক্রবার জিবিপি হাসপাতালে বিক্ষোভে সামিল হল ১০০ জন অনিয়মিত নার্স। করোনার সময় তারা তাদের জীবন বাজি রেখে জিবিপি হাসপাতালে চিকিৎসা পরিষেবা প্রদান করলেও তাদের প্রাপ্য বেতন তাদের প্রদান করা হয়নি বলে অভিযোগ। এমনকি করোনার পর তাদের নিয়োগ করার আশ্বাসও দিয়েছিলেন তৎকালীন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। কিন্তু করোনা ভাইরাসের প্রাদুর্ভাব শেষ হতেই তাদের ২-৩ মাস কাজ করিয়ে বের করে দেওয়া হচ্ছে। যতদিন কাজ করেছেন তার বেতনও তারা পাচ্ছেন না বলে অভিযোগ। শেষ পর্যন্ত বাধ্য হয়ে শুক্রবার ফের একবার তারা স্থায়ী সমাধানের ভিত্তিতে বিক্ষোভে সামিল হন।

করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে যখন রাজ্যের স্বাস্থ্যক্ষেত্রে সংকট নেমে এসেছিল ঠিক তখনই প্রায় ১০০ জন নার্স হাসপাতালে চিকিৎসা পরিষেবা প্রদান করেছেন। জনসাধারনের সেবা করেছেন। তাদের চাকরির ক্ষেত্রে রাজ্য সরকার কিছুটা সাহায্য করবে বলে জানিয়েছিল। স্থায়ী চাকরির ব্যবস্থাও করা হবে বলে জানানো হয়েছিল। তবে এখন আর তাদের প্রাপ্য বেতন টুকুও মিটিয়ে দেওয়া হচ্ছে না বলে অভিযোগ। এমনকি জিবিপি হাসপাতালের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকদের কাছে গেলেও তারা জানান, তাদেরকে নাকি ফান্ড দেওয়া হচ্ছে না। ফলে তারা তাদের বেতন ভাতা মিটিয়ে দিতে পারছেন না। অনিয়মিত নার্সরা এদিন অভিযোগ করেন, রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার বেহাল অবস্থা। রাজ্যে নার্সের সঙ্কট রয়েছে। এমনকি জিবিপি হাসপাতালে নার্সের সংখ্যা দরকার থেকে অনেক কম বলেও অভিযোগ তাদের। বার বার তারা রাজ্যের মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করার জন্য চিঠি পাঠিয়েও দেখা করতে পারছেন না বলে অভিযোগ। তাদের স্থায়ী সমাধান না হলে তারা আইনি পথে হাঁটবেন বলেও হুশিয়ারি দিয়েছেন এদিন।

অ্যাম্বুলেন্সে হামলা

অভিযোগ জানাতে গিয়ে চালক গ্রেপ্তার

নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১ সেপ্টেম্বর।। রোগী নিয়ে যাওয়ার পথে সরকারি অ্যাম্বুলেন্সে হামলা, থানায় অভিযোগ জানতে গিয়ে গ্রেফতার অ্যাম্বুলেন্স চালক। ঘটনা বৃহস্পতিবার গভীর রাতে চড়িলাম স্কুল সংলগ্ন এলাকায়। জানা গেছে মেলাঘর থানাধীন তক্সাপাড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে থেকে এক গর্ভবতী মহিলাকে নিয়ে আগরতলা আইজিএম হাসপাতালের উদ্দেশ্যে টি আর ০৭ ০৮১৭ নম্বরের এম্বুলেন্স নিয়ে যাচ্ছিলেন চালক সুনীল দেবনাথ। অভিযোগ, চড়িলাম স্কুলের সামনে অন্য আরেকটি গাড়িকে সাইড দিতে রাস্তায় দাঁড়াতেই দুটি বাইকে করে এসে চার/পাঁচজন যুবক অ্যাম্বুলেন্স এবং এম্বুলেন্সের চালক সুনীল দেবনাথের উপর আক্রমণ চালায়। এদিকে অ্যাম্বুলেন্সের ভিতরেই যন্ত্রণায় ছটফট করছে গর্ভবতী রোগী। কোনক্রমে চালক ঘটনাস্থল থেকে রোগী নিয়ে আইজিএম হাসপাতালে ছুটে

☞ ৬ এর পাতায় দেখুন

মূখ্য নির্বাচন আধিকারিকের সঙ্গে সাক্ষাৎ জিতেন্দ্রর

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।। বক্সনগর , ধনপুর বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনে পুলিশ অফিসারদের সতর্ক করতে দাবি জানিয়েছেন সিপিআইএমের রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী। আজ তিনি আগরতলায় রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক পুনীত আগরওয়ালের সঙ্গে দেখা করেন। শ্রী চৌধুরী বলেন, সোনামুড়া মহকুমায় হোটেল , গেস্ট হাউসগুলিতে শাসক দলের বহিরাগত নেতা কর্মীদের দখলে আছে।

ভোটের ৪৮ ঘন্টা আগে তাদের মহকুমা থেকে সরানোর দাবি জানিয়েছেন তিনি। সিপিআইএম রাজ্য সম্পাদক অভিযোগ করেছেন, গত বছর রাজ্যে চারটি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনে কয়েকজন পুলিশ অফিসারের গাফিলতির কারনে বহিরাগতরা ভোটারদের ওপর প্রভাব ফেলেছিল। এটা যাতে পুনরাবৃত্তি না হয় তার দাবি করেছেন শ্রী চৌধুরী।

‘এক দেশ এক ভোট’ কার্যকর করতে কমিটি গড়ল কেন্দ্র

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর (হি.স.): আবারও ‘এক দেশ এক ভোট’ (ওয়ান নেশন ওয়ান ইলেকশন) নীতি কার্যকরের পক্ষে তৎপরতা শুরু করল কেন্দ্রীয় সরকার। ওই নীতি কার্যকরের দিকগুলি খতিয়ে দেখার জন্য আইন কমিশনের সঙ্গে ইতিমধ্যেই কেন্দ্রের কয়েক দফা আলোচনা হয়েছে। সেই আলোচনার ভিত্তিতে ‘এক দেশ এক ভোট’ নীতি কার্যকরের দিশা খুঁজতে একটি কমিটি গঠন করেছে কেন্দ্র। সেই কমিটির নেতৃত্বে রয়েছেন দেশের প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। কেন্দ্রের এই সিদ্ধান্তের তীব্র নিন্দা করেছে বিরোধীরা। সিপিআই-

☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ৩২০ ▫২ সেপ্টেম্বর ২০২৩ইং ▫ ১৫ ভাদ্র ▫শনিবার ▫১৪৩০ বঙ্গাব্দ

ঘুরিল অর্থনীতির চাকা

২০২৩-২৪ অর্থবর্ষের প্রথম ত্রৈমাসিকে ভারতের জিডিপি বাড়ল ৭.৮ শতাংশ। অর্থাৎ নতুন অর্থবর্ষের প্রথমটা দারুণ হল ভারতের। যা নিঃসন্দেহে দেশের অর্থনীতির জন্য ভাল খবর। বিশ্বের যে কোনও বড় অর্থনীতির তুলনাতেও এই বৃদ্ধি চমকপ্রদ।

গত অর্থবর্ষের শেষ ত্রৈমাসিকে জিডিপি বৃদ্ধি পেয়েছিল ৬.১ শতাংশ। কিন্তু পরের ত্রৈমাসিকে এতটা বৃদ্ধি সত্যিই চমকপ্রদ। উল্লেখ্য, আরবিআই আগেই ভবিষ্যদ্বাণী করেছিল, এপ্রিল-জুনের জিডিপি বৃদ্ধি হবে ৭.৭ শতাংশ। তাদের আন্দাজ প্রায় মিলে গেল।কেন্দ্রের তরফে এই সংক্রান্ত যে ঘোষণা করা হয়েছে, তাতে বলা হয়েছে ভোক্তার চাহিদা বৃদ্ধি কিংবা পরিষেবা ক্ষেত্রে চাহিদার মতো নানা ইস্যুর কারণেই এই ত্রৈমাসিকে দেশের অর্থনীতি একলাফে এতটা এগতে পারল। পাশাপাশি জানা যাচ্ছে, স্টিল, সিমেন্ট, বিদ্যুতের উৎপাদন জুলাইয়ে বেড়েছে। বেড়েছে কয়লা, প্রাকৃতিক গ্যাসের উৎপাদনও।সম্প্রতি এক সাক্ষাৎকারে অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ আশ্বাস দিয়েছিলেন, গত অর্থবর্ষের থেকে পরিস্থিতি এবার অনেক ভাল হবে। তাঁর সেই ভবিষ্যদ্বাণী মিলে গেল। গত আর্থিক বছরে দেশের অভ্যন্তরীণ মোট উৎপাদন বা জিডিপি বৃদ্ধির হার ছিল ৭.২ শতাংশ, যাহা ২০২১-২২ অর্থবর্ষের তুলনায় কম। সেই বছর জিডিপি বৃদ্ধির হার ছিল ৯.১ শতাংশ। তবে গত বছরের নির্ধারিত জিডিপি বৃদ্ধির হার বাস্তবে আরও বাড়িবে বলিয়া মনে করিয়াছেন দেশের মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা অনন্ত নাগেশ্বরন। ভারত চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজিত এক অনুষ্ঠানে তিনি বলেন, দেশের অর্থনৈতিক বিষয়ে আরও যত তথ্য মিলিবে, সেগুলি বিশ্লেষণ করিলে ২০২২-২৩ অর্থবর্ষের জিডিপি বৃদ্ধির হার আরও বেশি হইবে। তবে তাহার জন্য আগামী ২০২৬ সালের ফেব্রুয়ারি পর্যন্ত অপেক্ষা করিতে হইবে। ওই সময় পর্যন্ত পাওয়া তথ্যের উপর নির্ভর করিয়াই প্রকৃত হার নির্ধারিত

হইবে বলিয়া মনে করিতেছেন তিনি। তাঁহার আরও দাবি, চলতি অর্থবর্ষের জন্য রিজার্ভ ব্যাঙ্ক জিডিপি বৃদ্ধির যে পূর্বাভাস দিয়াছে, তাহার সঙ্গে কেন্দ্রীয় সরকারও এক মত। গত এপ্রিলে রিজার্ভ ব্যাঙ্ক দাবি করিয়াছিল, চলতি আর্থিক বছরের শেষে দেশের আর্থিক বৃদ্ধির হার দাঁড়াইতে পারে ৬.৪ শতাংশ। তবে গত বৃহস্পতিবার আর্থিক নীতি নির্ধারণ কমিটির বৈঠক শেষে আরবিআই গভর্নর শক্তিকান্ত দাস বলেন, তাঁহাদের পূর্বাভাস, ৬.৫ শতাংশে পৌঁছাইবে জিডিপি বৃদ্ধি। এদিন নাগেশ্বরন সেই কথা মনে করাইয়া বলেন, এক্ষেত্রে অর্থমন্ত্রকের পূর্বাভাস আরবিআইয়ের সঙ্গে মিলিয়া যাইতেছে। কারণ, দেশের যে আর্থিক পরিস্থিতি, তাহাতে অগ্রগতি অব্যাহত থাকিবে। আন্তর্জাতিক ক্ষেত্রে কোনও বিরূপ পরিস্থিতি আসিলেও সেই অগ্রগতি ধরিয়া রাখা সম্ভব হইবে। মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা বলেন, দেশের সামগ্রিক চাহিদা করোনাকাল কাটাইয়া ফের আগের জায়গায় ফিরিয়াছে। তবে তাহা হইয়াছে মূলত শহরভিত্তিক চাহিদার উপর কেন্দ্র করিয়া।

বিগত কয়েক বছর ধরিয়াই দেশে আয়কর আদায় বাড়িয়াছে। সেই আদায় বৃদ্ধির অন্যতম হাতিয়ার যে তৃতীয় পক্ষের পেশ করা লেনদেন সম্পর্কিত তথ্য, তাহা জানাইলেন অর্থমন্ত্রকের এক কর্তা। কলকাতায় ভারত চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজিত এক অনুষ্ঠানে অর্থমন্ত্রকের যুগ্ম সচিব রামন চোপড়া বলেন, আয়কর আদায়ের ব্যাপারে বিগত আট থেকে দশ বছর ধরিয়াই সরকারের মনোভাব বদলাইয়াছে। এখন কর আদায়ের ব্যাপারে ইনকাম ট্যাক্স ডিপার্টমেন্ট জোর করে না, বরং স্বেচ্ছায় কর আদায় হয়। তবে করদাতার এই স্বেচ্ছায় কর মিটানোর ইচ্ছাকে আরও উৎসাহ জুগাইয়াছে তৃতীয় পক্ষ থেকে পাওয়া তথ্য। তিনি বুঝাইয়াছেন, ব্যাঙ্ক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানগুলি যেভাবে আয়কর দপ্তরকে সাধারণ মানুষের লেনদেন সংক্রান্ত যাবতীয় তথ্য জুগাইয়া আসিতেছে, তাহা করদাতাকে স্বেচ্ছায় কর দিতে উৎসাহিত করিতেছে।

বর্তমানে আয়করদাতা ২৬এএস ফর্মটিতে তাঁহার আর্থিক লেনদেন সংক্রান্ত তথ্য দেখিতে পান। পাশাপাশি টিডিএস সংক্রান্ত তথ্যও করদাতাকে পরিবেশন করা হয়। তাহার সাহায্যেই রিটার্ন দাখিল করিতে পারেন করদাতা। এখন সরকারের কাছে তৃতীয় পক্ষের থেকে সাধারণ মানুষের লেনদেন সংক্রান্ত যে যে তথ্য আসিতেছে, তাহার সবকিছুই তাঁহাদের জানাইয়া দেওয়া হইতেছে। তাই কর দেওয়ার প্রবণতাও বাড়িয়াছে। কর্পোরেট ট্যাক্স ৩০ শতাংশ থেকে কমিয়া ২২ শতাংশ করা হইয়াছে। নতুন সংস্থার ক্ষেত্রে তাহা আরও করাইয়া ১৫ শতাংশে নামানো হইয়াছে। কিন্তু তাহার পরও যেভাবে আয়কর আদায় সার্বিকভাবে বাড়িতেছে, তাহার অন্যতম কারণ স্বেচ্ছায় কর মিটানোর ব্যবস্থা। প্রসঙ্গত, বছর আটেক আগে কেন্দ্রীয় সরকার ইনকাম ডিক্লারেশন স্কিম আনে, যেখানে সাধারণ মানুষকে কালো টাকাকে কর মিলাইয়া সাদা করিবার সুযোগ করিয়া দেওয়া হয়। এরপর নোটবন্দি হয়। তাহার পরই আর্থিক প্রতিষ্ঠানগুলি থেকে সাধারণ মানুষের লেনদেন সংক্রান্ত তথ্য আয়কর দপ্তরকে সরবরাহ করিবার বিষয়ে জোর দেয় সরকার।

প্রজ্ঞানন্দকে সংবর্ধনা ও অভিবাদন অনুরাগ ঠাকুরের, কেন্দ্রীয় মন্ত্রী বললেন সে দেশকে গর্বিত করেছে

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর (হি.স.): একটুর জন্য হাতছাড়া হয়েছে সোনা। রূপোর পদক নিয়েই ঘরে ফিরেছেন ভারতীয় দাবাড়ু রমেশবাবু প্রজ্ঞানন্দ। দেশকে গর্বিত করেছেন তিনি। শুক্রবার সকালে দিল্লিতে ভারতীয় দাবা গ্র্যান্ডমাস্টার এবং ২০২৩ ফিডে বিশ্বকাপের রানার আপ আর প্রজ্ঞানন্দ এবং তাঁর বাবা-মাকে সংবর্ধনা জানিয়েছেন কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। প্রজ্ঞানন্দকে অভিবাদন জানিয়ে কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর বলেছেন, 'আমি তাঁকে অভিনন্দন জানিয়েছি। তিনি ভারতকে গর্বিত করেছেন। ১৬ বছর বয়সে তিনি যা করতে পেরেছেন, তা অন্যরা পারেননি। তাঁর কাছ থেকে দাবা খেলার অনুপ্রেরণা পায় অনেক তরুণ। দাবার উৎপত্তি ভারতে কিন্তু দেশে একটি দাবা অলিম্পিয়াড আয়োজন করতে শত শত বছর লেগেছিল, যাইহোক সফলভাবে তা সংগঠিত হয়েছে।'

দাবাড়ু রমেশবাবু প্রজ্ঞানন্দ বলেছেন, 'আমরা অত্যন্ত খুশি এই সমর্থন পেয়ে। এই সমর্থন আমাদের কঠোর পরিশ্রম করতে ও টুর্নামেন্টে ভাল পারফর্ম করতে এবং দেশের জন্য খ্যাতি আনতে অনুপ্রাণিত করছে।' উল্লেখ্য, গত বৃহস্পতিবার, দাবা বিশ্বকাপের ফাইনালে বিশ্বের এক নম্বর ম্যাগনাস কার্লসেনের কাছে হেরে যান ভারতের দ্বিতীয় সর্বকনিষ্ঠ গ্র্যান্ডমাস্টার। এ বারে হার মানলেও আশা হারাননি, পাখির চোখ সামনে কলকাতায় অনুষ্ঠিত হতে চলা 'চেস ইন্ডিয়া' প্রতিযোগিতা ও এশিয়ান গেমসে।

মহাকাশ-বিজয়ী প্রথম ভারতীয় রাকেশ শর্মার লড়াই ছিল কতটা কঠিন ?

বিশ্বদীপ দে।। চাঁদের মাটিতে ভারত। ইসরোর চন্দ্রবিজয়ের গৌরবের সাক্ষী গোটা বিশ্ব। মহাকাশ রেসে নতুন 'সুপার পাওয়ার' হয়ে উঠেছে আমাদের দেশ। আমেরিকা, রাশিয়ার মতো দেশ যা পারেনি, তাই করে দেখিয়েছে ভারত। চাঁদের দক্ষিণ মেরুতে এই প্রথম নামল মানুষের পাঠানো চন্দ্রযান। এমন ইতিহাস গড়ার দিনে আচমকাই ভেসে উঠেছে এক বিস্মৃতপ্রায় নাম। রাকেশ শর্মা । অথচ ১৯৮৪ সালে এদেশের সর্বত্র আলোচিত হয়েছিল তাঁরই নাম। ২১ ঘণ্টা ৪০ মিনিট তিনি মহাকাশে কাটিয়েছিলেন। প্রথম ভারতীয় হিসেবে মহাশূন্যে থাকার নজির গড়া মানুষটি সেদিন জায়গা করেছিলেন আমজনতার হৃদয়ে। মহাকাশ থেকে কেমন লাগছে ভারতকে? তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর এহেন প্রশ্নের উত্তরে তিনি জানিয়েছিলেন, "সারে জাঁহা সে আচ্ছা।" এই উত্তর আজকের ভাষায় সেদিন 'ভাইরাল' হয়ে গিয়েছিল। কিন্তু যত সময় গিয়েছে, ধীরে ধীরে বিস্মৃতির আড়ালে চলে গিয়েছিলেন সেদিনের সেই হাস্যমুখ তরুণ। 'দেহ পট সনে নট, সকলই হারায়'। সেদিনের তরুণ রাকেশ আজ বৃদ্ধ। কোথায় তিনি? কী করেন? এমনই সব প্রশ্ন উঠতে শুরু করেছে। আচমকাই মানুষের মনে পড়ে গিয়েছে তাঁকে। চন্দ্রবিজয়ের গৌরবের মুহূর্তে দেশের মহাকাশে যুগের সূচনাকারী প্রথম নভোচরকে নিয়ে কৌতূহলী অনেকেই। বিশেষ করে আজকের প্রজন্ম।

শুরুটা করা যাক ১৯৮৪ সালের এপ্রিল দিয়েই। স্যালিউট -৭ মহাকাশ স্টেশনের কন্টোল রুমে দেখা গিয়েছিল রাকেশ শর্মাকে। পৃথিবীতে বসে তাঁর সঙ্গে কথা বলেছিলেন ইন্দিরা গান্ধী। 'সারে জাঁহা সে আচ্ছা' মন্তব্যও সেই সময়েরই। গোটা দেশ সাদা-কালো টিভির পর্দায় দেখেছিল সেই দৃশ্য। সে এক অন্য সময়। মহাকাশে সে সময় ভারত হাঁটি হাঁটি পা পা। বিশ্বের ১২৮তম ও ভারতের প্রথম ব্যক্তি হিসেবে রাকেশ শর্মাকে মহাকাশে পাঠানো হয় দুই রুশ নভোচরের সঙ্গে। ইন্ডিয়ান এয়ার ফোর্সের টেস্ট পাইলট থেকে স্কোয়াড্রন লিডার হয়ে ওঠা রাকেশ শর্মার ওই ভূমিকায় নির্বাচিত হওয়াটা অবশ্য সহজ ছিল না। রীতিমতো কঠিন পরীক্ষার বৈতরণি টপকাতে হয়েছিল। ১৯৮২ সালের ২০ সেপ্টেম্বর মনোনীত হন তিনি। ১৯৮৪ সালের ৩ এপ্রিল পাড়ি দেন মহাকাশে। মাঝের এই সময়ে যেতে হয়েছিল বিপুল প্রস্তুতির মধ্যে দিয়ে।

এই প্রসঙ্গে আরেকজনকে মনে পড়ে গেল। তিনি রবীশ মালহোত্রা। রাকেশের সঙ্গে তিনিও নির্বাচিত হন মহাকাশচারী হিসেবে। সেই সময় রাকেশের মতোই রবীশের ছবিও খবরের কাগজে দেখা গিয়েছিল। যদিও সয়ুজ টি-১১-তে চেপে মহাকাশে পাড়ি দেওয়ার সময় রবীশের আর রাকেশের সঙ্গী থাকা হয়নি। তিনি ছিলেন ব্যাকআপ টিমের সদস্য। খোদ রাকেশই যেখানে বিস্মৃত, রবীশকেও যে মানুষ মনে রাখেনি তাতে আর আশ্চর্য কী!

যাই হোক। রাকেশ শর্মার প্রস্তুতির কথা হচ্ছিল। মস্কোর ইউরি গ্যাগারিন কসমোনট ট্রেনিং সেন্টারে মাসের পর মাস ধরে প্রশিক্ষণ নিতে হয়েছিল তাঁকে। সবচেয়ে কঠিন পর্যায়টা ছিল একেবারে শেষে। টানা ৭২ ঘণ্টা একটা ছোট্ট ঘরে আটকে রাখা হয়েছিল। এটা ছিল ক্লস্ট্রোফোবিয়া টেস্ট। সব পরীক্ষাতেই দারুণ ভাবে উত্তীর্ণ হন তিনি। এরপর আর তাঁর মহাকাশে প্রথম ভারতীয় হয়ে ইতিহাস রচনায় কোনও বাধা ছিল না। মহাকাশ থেকে নিজের দেশকে দেখে উদ্বেলিত হয়ে উঠেছিলেন রাকেশ। ইন্দিরা গান্ধী তাঁকে প্রশ্ন করেন, "ভারতে কেমন দেখাচ্ছে ওপর থেকে?" জবাবে রাকেশ শর্মা সাবলীল ভাবে বলে উঠেছিলেন, "সারে জাঁহা সে আচ্ছা।" এমন উত্তর কার্যতই তৈরি করে দিয়েছিল এক আশ্চর্য আবেগময় মুহূর্ত। যে প্রশ্নোত্তর আজও থেকে গিয়েছে মানুষের স্মৃতিতে।

কিন্তু এমন এক মানুষকে সবাই ভুলে গেল! শোনা যায়, ২০১৯ সালে চন্দ্রযান ২-এর উড়ানের সময় আমন্ত্রণও নাকি জানানো হয়নি দেশে 'অশোক চক্র', রাশিয়ায় (তৎকালীন সোভিয়েত ইউনিয়ন) 'হিরো অফ সোভিয়েত ইউনিয়ন' সম্মানে ভূষিত হওয়া। ২০২৩ সালে চন্দ্রযান ৩-এর অভিযান শুরুর ঠিক আগে জুলাই মাসে আচমকাই সবাইকে চমকে দিয়ে সোশ্যাল মিডিয়ায় ভেসে ওঠে এক বৃদ্ধের মুখ। তামিলনাড়ুর এক গ্রামে জীবনযাপন করা মানুষটির নাম রাকেশ শর্মা। স্ত্রী মধুর সঙ্গে নিভৃত এক জীবন কাটাচ্ছেন কুনুর নামের ছোট্ট সেই গ্রামে। হইহই থেকে দূরে শান্ত পৃথিবীর কোলে। তবে ২০২১ সাল পর্যন্ত অবশ্য তিনি চাকরি করেছেন। বেঙ্গালুরুর এক সংস্থায় চেয়ারম্যানও ছিলেন। তবে ইসরোর সঙ্গে তাঁর যোগাযোগ কিন্তু ছিন্ন হয়নি। গগনযান মিশনের সঙ্গে তিনি যুক্ত ছিলেন। এছাড়াও ভারতীয় মহাকাশ সংস্থার নানা প্রকল্পেও অংশ নিতে দেখা গিয়েছে তাঁকে। কিন্তু জনমানসে যেন হারিয়েই গিয়েছেন তিনি।

ইন্দিরার সঙ্গে রাকেশের কথোপকথন আজও স্মরণীয় হয়ে রয়েছে চন্দ্রযান ৩ ইতিহাস গড়ার আগেই রাকেশ শর্মা বলেছিলেন, "ইসরোর কর্মকাণ্ডের পদ্ধতি সম্পর্কে অবহিত বলেই আমি গর্বের সঙ্গে জানাচ্ছি, চন্দ্রযান ৩ সফট ল্যান্ডিং করবেই।" তাঁর কথা ফলে গিয়েছে অক্ষরে অক্ষরে। আগামী ২ সপ্তাহ সকলের চোখ থাকবে আকাশে ভারতের সাফল্যের নতুন খতিয়ানের দিকে। আর সেই সঙ্গে নতুন করে আলোচিত হবেন তিনি- রাকেশ শর্মা।

রোষানলে বিদ্রোহী নজরুল

জোবায়ের আলী জুয়েল

প্রথম বিশ্বযুদ্ধের পরবর্তী প্রেক্ষাপটে অবির্ভাব ঘটেছিল বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের (১৮৯৯-১৯৭৬ খ্রি.) পৃথিবীর কোটি কোটি অবহেলিত, নিপিড়ীত, নির্যাতিত, শোষিত, বঞ্চিত মানুষের পক্ষের প্রতিবাদী কণ্ঠস্বর ছিলেন কাজী নজরুল ইসলাম। তাই তিনি হয়ে উঠেছিলেন বিদ্রোহী। ডাক দিয়েছিলেন বিপ্লবের অত্যাচারের বিরুদ্ধে বিরামহীন সংগ্রাম চালিয়ে যাওয়ার আহ্বান ধ্বনিত হয়েছিল

তার বিদ্রোহী কবিতায়-

বিদ্রোহী রণক্লান্ত আমি সেই
দিন হব শান্ত।
যবে উৎপীড়িতের ক্রন্দল
রোল আকাশে বাতাসে
ধ্বনিবে না,
অত্যাচারীর খড়্গ কৃপাণ
ভীমরণ-ভূমে রণিবে না
.....
অথবা
আমি চির বিদ্রোহী বীর -
বিশ্ব ছড়ায়ে উঠিয়াছি একা
চিরউন্নত শির।

কবির বিরুদ্ধে বার বার ভারতীয় ফৌজ দারি দন্ড বিধি অনুসারে ব্যবস্থা নেয়া হয়েছে। নজরুল তাঁর প্রতিষ্ঠিত পত্রিকা "ধুমকেতুতে" প্রকাশিত "আনন্দ ময়ীর আগমনে" নামের কবিতার জন্য প্রথম দন্ডিত হন। নজরুলের আগেও কবি, সাহিত্যিক সরকারী রোষানলে পড়েছেন এবং দন্ডিত হয়েছেন। কিন্তু নজরুলের মতো কারা রুদ্ধ কবিকে নিয়ে বিক্ষোভ ব্যাপক আন্দোলন আর কারো ক্ষেত্রে ঘটেনি। এমনকি সে সময়ের বরণীয় ব্যক্তিত্ব রবীন্দ্রনাথ, দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ, সুভাষ চন্দ্র বসু ও নজরুলের জীবন রক্ষায় উদ্বগ্ন হয়ে পড়েছিলেন।

নজরুলের যে গ্রন্থটি প্রথম সরকারী রোষানলের কবলে পড়ে তা' হলো তাঁর প্রবন্ধ সংকলন যুগবাণী (১৯২২ খ্রি.)। ১৯২২ সালে বাংলা সরকার ফৌজদারী বিধির ৯৯ (এ) ধারায় বইটি বাজেয়াপ্ত এবং গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে তা" নিষিদ্ধ ঘোষণা করে।

১৯২৩ সালের ১৬ জানুয়ারি আদালতের রায়ে নজরুল কে দোষী সাব্যস্ত করে বিচারক এক বৎসরের সশ্রম কারাদন্ড দিয়ে আলিপুর সেন্ট্রাল করাগারে পাঠিয়ে দেন। সম্পাদক হিসেবে আবেদন করলেও তাঁকে ডিভিশন দেয়া হলোনা। সেখান থেকে তাঁকে আবার হুগলী জেলা করাগারে স্থানান্তর করা হয়। উল্লেখ্য নজরুল ইসলাম করাগারে থাকা অবস্থায় বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর 'বসন্ত' নামক নাটকটি নজরুল ইসলামকে উৎসর্গ করেন। আমাদের জানামতে তৎকালীন অবিভক্ত ভারতবর্ষে একমাত্র মুসলমান কবি হিসেবে নজরুলকে রবীন্দ্রনাথ তাঁর এই বইখানা উৎসর্গ করেন।

জেল খানাতে বসেও কবি নজরুল বিভিন্ন ধরনের প্রতিবাদী কবিতা লেখা অব্যাহত রাখেন। পরবর্তীতে ভাঙ্গার গান কবিতায় তিনি লিখেছেন-

কারার ঐ লৌহ কপাট
ভেঙ্গে ফেল কররে লোপাট
রক্ত-জমাট
শিকল-পুজোর পাষান বেদী।
ওরে ও তরুণ ঈশান!
বাজা তোর প্রলয়-বিষাণ
ধ্বংস-নিশান
উড়—ক প্রাচীর প্রাচীর ভেদি।

আবার একদিন জেলের দারোয়ান এক টুকরো কাগজ (এত ছোট যাতে নজরুল ইসলাম লিখতে না পারে) ও কলম নজরুল ইসলামের কাছে এগিয়ে দিয়ে বললেন 'তুমি নাকি খুব সুন্দর কবিতা লিখতে পারো? আমাকে একটা লিখে দাওনা? দুর্ভাগ্যের বিষয় ঐ কাগজটি এত ছোট ছিল জায়গার অভাবে মাত্র দু' লাইনের একটা কবিতা লেখা সম্ভব ছিল।

নজরুল ইসলাম লিখলেন-

'এদেশ ছাড়বি কিনা বল?
নইলে কিলের চোটে হাড় করিব জল'।

কবিতাটি পেয়ে জেলের দারোয়ান নজরুল ইসলামের দিকে ফিরে রহস্যময় হাসি দিয়ে চলে গেলেন। এছাড়া শিকল-পরার গানে তিনি লিখলেন- এই শিকল পরা ছল মোদের এ শিকল পরা ছল।

এই শিকল পরেই শিকল তোদের করব রে বিকল!! তোদের বন্ধ কারায় আসা মোদের বন্দী হতে নয়, ওরে ক্ষয় করতে আসা মোদের সবার বাঁধন-ভয়। এই বাঁধন পরেই বাঁধন-ভয়কে করব মোরা জয়, এই শিকল-বাঁধা পা নয় এ শিকল-ভাঙ্গা কল!!

হুগলি কারাগারে নজরুল ইসলামের সাথে খুব দুর্ব্যবহার করা হতো। এর এক বছর পরই ১৯২৪ সালের ২২ অক্টোবর ফৌজদারি বিধির ৯৯ (এ) ধারা অনুসারে গেজেট ঘোষণা (নং-১০৭২ পি) দ্বারা বিষের বাঁশী (১৯২৪ খ্রি.) নিষিদ্ধ হয়। উল্লেখ করা যেতে পারে "বিষের বাঁশী" দেশ দ্রোহ মূলক গ্রন্থ হিসেবে সরকারের বিভিন্ন নথিতে পাওয়া যায়। শুধু বইটি বাজেয়াপ্ত করেই ক্ষান্ত হননি সরকার। ১৯৪২ সালের ২৯ অক্টোবর চিফ কমিশনার সেক্রেটারিকে লেখা পুলিশ কমিশনার মিস্টার টের্গাটের চিঠিতে প্রাপ্ত তথ্য থেকে জানা যায় ১৯২৪ সালের ২৩ অক্টোবর পুলিশ বিভিন্ন স্থানে বিশেষ করে বিভিন্ন প্রকাশনা সংস্থা ও যাদের সঙ্গে নজরুলের ঘনিষ্ট সমপৃক্ততা ছিল এবং কবির হুগলির বাড়িতে তল্লাশি চালিয়ে "বিষের বাঁশী'র ৪৪ কপি বই আটক করে। অবশ্য ১৯৪৫ সালে বাংলা সরকারের এক বিজ্ঞপ্তিতে "বিষের বাঁশীর'র ওপর থেকে বাজেয়াপ্ত আদেশ প্রত্যাহার করা হয় তখন নজরুল সম্পূর্ণ বাকরুদ্ধ (১৯৪২ খ্রি.) এছাড়া ১৯৩০ সালে নজরুল ইসলাম 'প্রলয় শিখা' নামে একটি কাব্যগ্রন্থ প্রকাশ করেন। কাব্যগ্রন্থে রাজমূলক কিছু শব্দ থাকায় তাঁর নামে আবার আদালতে মামলা করা হয়। শুরু হলো আবার পলাতক জীবন। এর আগে ১৯২৪ সালের সেপ্টেম্বর মাসে গান্ধী রাজনৈতিক এক কমীসূচিতে হুগলি সফরে এসেছিলেন। তাঁর সম্মানে নজরুল ইসলাম একটি গান লিখে তাঁকে উপহার পাঠান-

আজ না চাওয়া পথ দিয়ে কে
এলে, ঐ কংশ কারার দ্বার ঠেলে,
আজ শব-শ্মশানে শিব নাচে ঐ,
ফুল ফুটানো- পা ফেলে।

কবিতাটি পেয়ে গান্ধী-জি অত্যন্ত খুশি হলেন এবং নজরুল ইসলামের ভূয়সী প্রশংসা করলেন। এমনকি ভারতীয় 'কংগ্রেস পার্টির' জাতীয় সম্মেলনের উদ্বোধনী সঙ্গীত রচনার জন্য নজরুল ইসলামকে দায়িত্ব দেওয়া হলো। ১৯৩১ সালের ৪ মার্চ গান্ধীজির সঙ্গে ইংরেজদের বেশ কিছু বিষয়ে একটি চুক্তি স্বাক্ষরিত হয় সেখানে কবি নজরুলের প্রসঙ্গটি উঠে আসে এবং ঐ চুক্তির ফলে নজরুল ইসলামের নাম মামলা থেকে প্রত্যাহার করা হয় এবং তাঁকে আর কারাগারে যেতে হয়নি। কবির পরবর্তী কাব্যগ্রন্থ "ভাঙ্গার গান" ও ফৌজ দারি বিধির ৯৯ (এ) ধারায় ১৯৪২ সালের ১১ নভেম্বর বাজেয়াপ্ত ঘোষণা করে ব্রিটিশ সরকার। অবশ্য ব্রিটিশ শাসন বলবৎ থাকা অবস্থায় "ভাঙ্গার গা'নের ওপর থেকে নিষেধাজ্ঞা ওঠেনি। এই বইটির দ্বিতীয় সংস্করণ বের হয় ১৯৪৯ সালে। "ভাঙ্গার গানে'র পর নজরুলের "প্রলয় শিখা" (১৯৩০ খ্রি.) গ্রন্থটি সরকারী রোষানলে পড়ে। বইটির প্রকাশক ছিলেন স্বয়ং নজরুল নিজেই। "প্রলয় শিখা" বাজেয়াপ্ত হয় ১৯৩১ সালে। বইটির সরকারী (বিজ্ঞপ্তি নম্বর ছিল ১৪০৮৭ পি) গ্রন্থটি বের হয়েছিল ১৯৩০ সালের ১৭ সেপ্টেম্বর। ভারতীয় ফৌজ দারি দন্ডবিধির ১২৪ (এ) এবং ১৫৩ (এ) ধারানুসারে বইটি নিষিদ্ধ ঘোষণা করে ব্রিটিশ সরকার। "প্রলয় শিখা'র ওপর থেকে বাজেয়াপ্ত আদেশ প্রত্যাহার করা হয় ১৯৪৮ সালের ৬ ফেব্রুয়ারি যার গেজেট বিজ্ঞপ্তি (নম্বর ছিল ৮৫ পি আর)। এই গ্রন্থটির জন্য স্বয়ং কবির বিরুদ্ধে মামলা হয়েছিল।

"প্রলয় শিখা'র পর নজরুলের বাজেয়াপ্ত গ্রন্থ "চন্দ্র বিন্দু" (গান)। প্রকাশের সঙ্গে গ্রন্থটি বাজেয়াপ্ত হয়েছিল। নজরুলের "প্রলয় শিখা" নিষিদ্ধ হওয়ার এক মাস পরই "চন্দ্র-বিন্দু" নিষিদ্ধ হয়। বইটির বাজেয়াপ্ত গেজেট ঘোষণার তারিখ ছিল ১৯৩১ সালের ১৪ অক্টোবর (বিজ্ঞপ্তি নং- ১৭৬২৫ পি) গ্রন্থটি ছিল ব্যঙ্গ রচনার সংকলন। গ্রন্থটির ওপর থেকে বাজেয়াপ্ত আদেশ উঠে যায় ব্রিটিশ আমলেই। গ্রন্থটির বাজেয়াপ্ত আদেশ প্রত্যাহার করেন ব্রিটিশ সরকার ১৯৪৫ সালের ৩০ নভেম্বর। নজরুলের যুগ বাণী, বিষের বাশী, ভাঙ্গার গান, প্রলয় শিখা ও চন্দ্রবিন্দু সহ মোট ৫টি গ্রন্থ ব্রিটিশ সরকার বাজেয়াপ্ত করে। বাংলা সাহিত্যে সমকালীন অন্য কোনো কবি বা সাহিত্যিকের এত গ্রন্থ একত্রে কখন ও বাজেয়াপ্ত হয়নি। নজরুলের ব্রিটিশ রোষানলে পড়ার অন্যতম কারণ হলো তিনিই প্রথম ভারতবর্ষের স্বাধীনতার কথা উচ্চারণ করেন। নজরুলের যুগবানী, বিষের বাঁশী, ভাঙ্গার গান, প্রলয় শিখা, চন্দ্রবিন্দু এ পাচঁটি গ্রন্থ ছাড়া নজরুলের আরো অনেক লেখা ব্রিটিশের রাজ রোষে পড়ে। সেগুলো হলো- অগ্নিবীনা (১৯২২ খ্রি.), রুদ্র মঙ্গল (১৯২৬ খ্রি.), সর্বহারা (১৯২৬ খ্রি.), ফণীমনসা (১৯২৭ খ্রি.) সঞ্চিতা (১৯২৮ খ্রি.) যদি ও শেষ পর্যন্ত এ সব গ্রন্থ বাজেয়াপ্ত হয়নি। নজরুলের কবিতার নির্বাচিত সংকলন "সঞ্চিতা" বাজেয়াপ্ত না হলেও সরকারের রোষানলে পড়েছিল। নজরুলের প্রবন্ধ গ্রন্থ "রুদ্রমঙ্গল" ও নিষিদ্ধ করার জন্য সুপারিশ করেছিলেন পুলিশ কর্মকর্তা, গোয়েন্দা এবং সরকারী আইন বিশারদরা আনুষ্ঠানিক ভাবে বইটি নিষিদ্ধ করা না হলেও এর প্রচার সে সময় নিষিদ্ধ করা হয়েছিল।

নজরুলের সংগ্রামী শ্রেণি চেতনার উজ্জ্বল স্বাক্ষরবাহী কাব্যগ্রন্থ "সর্বহারা" (১৯২৬ খ্রি.)। এ কাব্যটির জন্য ও তৎকালীন পুলিশ কর্মকর্তা স্যার চালস-টেগার্ট এবং তৎকালীন পাবলিক প্রসিকিউটার রায় বাহাদুর তারকনাথ সাধু বইটি নিষিদ্ধ করার পক্ষে মতামত দেন। কিন্তু তাদের সুপারিশ সত্ত্বেও শেষ পর্যন্ত ব্রিটিশ সরকার বইটি বাজেয়াপ্ত করেনি। ১৯৪১ সালের ৫ ও ৬ এপ্রিল কোলকাতার মুসলিম ইনস্টিটিউট হলে বঙ্গীয় মুসলমান সাহিত্য সমিতির রজত জয়ন্তী উৎসব পালিত হয়। কবি এই উৎসবে সভাপতি হিসেবে জীবনের শেষ ভাষণ দান করেন। কবির বইগুলোর ওপর থেকে তৎকালীন নিষেধাজ্ঞা প্রত্যাহারের জোর দাবী উঠলেও এমনকি বঙ্গীয় আইন সভায় তা' নিয়ে তুমুল আলোচনা হলেও দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগে তাঁর কোনো বইয়ের ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নেয়নি ব্রিটিশ সরকার। তাঁর আগেই কবি ১৯৪২ সালের ১০ জুলাই সম্পূর্ণ বাকরুদ্ধ হয়ে পড়েন। এভাবে সুদীর্ঘ ৩৪টি বছর ধরে (১৮৯৯-১৯৭৬ খ্রি.) আয়ত নয়নে কবি শুধ ফ্যাল ফ্যাল করে তাকিয়ে থেকেছেন। কোনো কথাই বলতে পারেন নাই। ফুলের জল সায় চিরকালের মতোই কবি একেবারে নীরব হয়ে গেলেন।

কবি এই উৎসবে সভাপতি হিসেবে জীবনের শেষ ভাষণ দান করেন। কবির বইগুলোর ওপর থেকে তৎকালীন নিষেধাজ্ঞা প্রত্যাহারের জোর দাবী উঠলেও এমনকি বঙ্গীয় আইন সভায় তা' নিয়ে তুমুল আলোচনা হলেও দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগে তাঁর কোনো বইয়ের ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নেয়নি ব্রিটিশ সরকার। তাঁর আগেই কবি ১৯৪২ সালের ১০ জুলাই সম্পূর্ণ বাকরুদ্ধ হয়ে পড়েন।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

লখনউতে কেন্দ্রীয় মন্ত্রীর বাড়িতেই যুবককে গুলি করে খুন, এফআইআর রুজু পুলিশের

লখনউ, ১ সেপ্টেম্বর (হি.স.): উত্তর প্রদেশের লখনউতে কেন্দ্রীয় আবাসন এবং নগরোন্নয়ন মন্ত্রী কৌশল কিশোরের বাড়িতে যুবককে খুনের অভিযোগ উঠল। গুলি চালিয়ে যুবককে খুনের অভিযোগ উঠেছে মন্ত্রী-পুত্রের বিরুদ্ধে। শুক্রবার ভোরে লখনউয়ের বেগারিয়া গ্রামে মন্ত্রীর বাড়ি থেকে যুবকের দেহ উদ্ধার করা হয়েছে। নিহত যুবকের নাম বিনয় শ্রীবাস্তব। নিহত যুবক মন্ত্রী-পুত্রের বন্ধু বলে দাবি। পশ্চিম লখনউয়ের ডিসিপি রাহুল রাজ বলেছেন, 'বিনয় শ্রীবাস্তব (৩০) নামে এক যুবককে গুলি করে হত্যা করা হয়েছে। একটি লাইসেন্স থাকা পিস্তল উদ্ধার করা হয়েছে, যা বিকাশ কিশোরের। তদন্ত জারি রয়েছে। ফরেনসিক দলও এসেছে এবং আমরা সিসিটিভি ভিজ্যুয়ালগুলিও অনুসন্ধান করছি। মৃতের ভাইয়ের অভিযোগের ভিত্তিতে এই ঘটনায় একটি এফআইআরও নথিভুক্ত করা হয়েছে। শুক্রবার ভোর চারটে নাগাদ ঘটনাটি ঘটেছে।

এই ঘটনায় বিজেপি সাংসদ ও কেন্দ্রীয় মন্ত্রী কৌশল কিশোর বলেছেন, 'এটি একটি তদন্তের বিষয়। ফরেনসিক দল এবং পুলিশ তদন্ত শুরু করেছে। জড়িত ব্যক্তিকে রেহাই দেওয়া হবে না। আমরা নিহতের পরিবারের সদস্যদের পাশে আছি। আমি জানি না যে সময় ঘটনাটি ঘটেছে, তখন বাড়িতে কে কে ছিল।' পশ্চিম লখনউয়ের ডিসিপি রাহুল রাজ বলেছেন, বৃহস্পতিবার রাতে মোট ৬ জন বিকাশের বাড়িতে এসেছিল, রাতের খাবার খেয়েছিল এবং তারপর ঘটনাটি ঘটেছে। আমরা একটি পিস্তল উদ্ধার করেছি যা বিকাশ কিশোরের বলে জানা গিয়েছে। আমরা বিষয়টি তদন্ত করছি। ''ঘটনার সময় ছেলে বাড়িতে ছিল না'', নিজ বাসভবনে যুবক খুনে দাবি কৌশল কিশোরের কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি সাংসদ কৌশল কিশোর বলেছেন, 'আমার ছেলে ঘটনার সময় সেখানে ছিল না, সে তাঁর অসুস্থ মায়ের সঙ্গে দেখা করার জন্য দিল্লির উদ্দেশ্যে বিকেল ৪.৫০ মিনিটের বিমানে রওনা হয়েছিল। ঘটনাটি রাতে ঘটেছিল। পুলিশ কমিশনারকে জানিয়েছি। তিনি ডিসিপি এবং ফরেনসিক দলকে পাঠিয়েছেন, যারা তদন্ত করে আমার (ছেলের) বন্ধুদের সঙ্গে নিয়ে গিয়েছে।' পিস্তল উদ্ধার হওয়া প্রসঙ্গে কৌশল বলেছেন, 'পুলিশ যে পিস্তলটি উদ্ধার করেছে, তা আমার ছেলে বিকাশ কিশোরের। পুলিশ পুঙ্খানুপুঙ্খ তদন্ত করছে। অপরাধীদের রেহাই দেওয়া হবে না। ঘটনাটি হওয়ার সময় বিকাশ কিশোর বাড়িতে ছিল না। পুলিশ তাঁর বন্ধু ও উপস্থিত সবাইকে আটক করেছে। মৃতদেহ ময়নাতদন্তের জন্য নিয়ে যাওয়া হয়েছে। বিষয়টি জানতে পেরে বিকাশ অত্যন্ত দুঃখ প্রকাশ করেছে, মৃত বিনয় আমার ছেলের খুব ভালো বন্ধু ছিল।'

মৃত বিনয়ের ভাইয়ের বক্তব্য

মৃত যুবক বিনয়ের ভাই বিকাশ শ্রীবাস্তব বলেছেন, 'আমার ভাই বিনয় শ্রীবাস্তবকে কেন্দ্রীয় মন্ত্রী কৌশল কিশোরের বাড়িতে খুন করা হয়েছে। আমার ভাই তাঁর ছেলে বিকাশ কিশোরের বন্ধু ছিল। ঘটনাটি ঘটার সময় সেখানে তিনজন উপস্থিত ছিল, কিন্তু ঘটনাটি ঘটার সময় বিকাশ কিশোর কোথায় ছিল তা আমার জানা নেই। ঘটনাস্থল থেকে তাঁর লাইসেন্স করা রিভলবার উদ্ধার করেছে পুলিশ।'

''ক্লান্ত'' নীরজ জুরিখ ডায়মন্ড লিগে দ্বিতীয়

কলকাতা, ১ সেপ্টেম্বর (হি.স.): ডায়মন্ড লিগের জুরিখ পর্বে দ্বিতীয় হলেন নীরজ। নীরজ চোপড়া শুরু করলেন ৮০.৭৯ মিটার ছুড়ে। ডায়মন্ড লিগে এ বারের সংস্করণে অপরাজিত নীরজ। জুরিখের এই ইভেন্টে দ্বিতীয় ও তৃতীয় থ্রো অবশ্য ফাউল হল। চতুর্থ রাউন্ডে প্রত্যাবর্তন। ৮৫.২২ মিটার থ্রো করেন নীরজ। পঞ্চম থ্রোয়ে ফের ফাউল। ষষ্ঠ অর্থাৎ ফাইনাল থ্রো-তে ৮৫.৭১ মিটার ছুড়ে দ্বিতীয় স্থানে শেষ করলেন বিশ্ব চ্যাম্পিয়ন নীরজ চোপড়া। শীর্ষস্থান দখল করেন এবারের বিশ্ব চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জ পাওয়া চেক প্রজাতন্ত্রের জ্যাকুব ভাদলেচ। তিনি ছুড়েছেন ৮৫.৮৬ মিটার। জার্মানির জুলিয়েন ওয়েবার ৮৫.০৪ মিটারে তৃতীয়।

ডায়মন্ড লিগে ডিফেন্ডিং চ্যাম্পিয়ন নীরজ এ বারও ফাইনাল নিশ্চিত করেছেন। ১৭ সেপ্টেম্বর মার্কিন যুক্তরাষ্ট্রের ইউজিনে ফাইনাল। এ মরশুমের ডায়মন্ড লিগে দোহা, লসেন পর্বে জিতেছেন নীরজ। জুরিখে একশো শতাংশ দিতে পারেননি নীরজ। কারণ ক্লান্তি। জুরিখে ইভেন্টের আগে সাংবাদিক সম্মেলনে নীরজ জানিয়েছিলেন, বিশ্ব চ্যাম্পিয়নশিপের পর থেকে কাঁধ এবং পিঠে ব্যাথা হচ্ছে তাঁর। পুরো ফিট না থাকা সত্ত্বেও দ্বিতীয় স্থানও খারাপ ফল নয়।

রেল বোর্ডের নয়া চেয়ারম্যান ও সিইও হলেন জয়া বর্মা সিনহা, গ্রহণ করলেন দায়িত্বভার

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর (হি.স.): শ্রীমতি জয়া বর্মা সিনহা রেলওয়ে বোর্ডের প্রথম মহিলা সিইও এবং চেয়ারম্যান হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন। ইন্ডিয়ান রেলওয়ে ম্যানেজমেন্ট সার্ভিসেস-এর সদস্য জয়া বর্মা শুক্রবার এই পদের দায়িত্ব নেন। ভারতীয় রেলওয়ের ১৬৬ বছরের ইতিহাসের পাশাপাশি রেলওয়ে বোর্ডের ১৬৬ বছরের ইতিহাসে তিনিই প্রথম মহিলা যিনি এই পদের দায়িত্বভার নিলেন। বৃহস্পতিবার ক্যাবিনেটের নিয়োগ কমিটি রেলওয়ে বোর্ডের চেয়ারম্যান ও সিইও পদে জয়া বর্মা সিনহাকে নিয়োগের অনুমোদন দিয়েছে। ২০২৩-এর পয়লা সেপ্টেম্বর থেকে ৩১ আগস্ট পর্যন্ত তিনি এই পদে নিযুক্ত থাকবেন বলে রেল সূত্রে জানা গিয়েছে।

জয়া বর্মা এলাহাবাদ বিশ্ববিদ্যালয়ের একজন প্রাক্তন পড়ুয়া। ১৯৮৮ সালে ভারতীয় রেলওয়ে ট্রাফিক সার্ভিসে যোগদান করেন। বর্তমানে তিনি উত্তর রেল, দক্ষিণ-পূর্ব রেল এবং পূর্ব রেলওয়ে বোর্ডের অপারেশন এবং ব্যবসা উন্নয়নের সদস্য হিসাবে কাজ করছেন। তিনি বাংলাদেশের ঢাকায় ভারতীয় হাইকমিশনে রেলওয়ে উপদেষ্টা হিসেবে চার বছর দায়িত্ব পালন করেন। বাংলাদেশে তাঁর কার্যকালের সময় কলকাতা থেকে ঢাকা পর্যন্ত মৈত্রী এক্সপ্রেস উদ্বোধন করা হয়। তিনি ইস্টার্ন রেলওয়ে, শিয়ালদহ ডিভিশনের ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার হিসেবেও কাজ করেছেন। পূর্ব রেলের শিয়ালদহ ডিআরএম এবং দক্ষিণ পূর্ব রেলের সিনিয়র ডেপুটি জেনারেল ম্যানেজার সহ রেলের বিভিন্ন জোনের গুরুত্বপূর্ন পদে দক্ষতার সঙ্গে তিনি কাজ করেন।

উৎক্ষেপণের প্রতীক্ষায় আদিত্য এল-১ মিশন, ইসরোর যাবতীয় প্রস্তুতিও সম্পন্ন

বেঙ্গালুরু, ১ সেপ্টেম্বর (হি.স.): অপেক্ষার আর মাত্র কয়েক ঘন্টার, তার পরেই আসবে সেই মাহেন্দ্রক্ষণ। এই প্রথম সূর্যের উদ্দেশে পাড়ি দিতে চলেছে ভারতের মহাকাশ গবেষণা সংস্থা (ইসরো)। চন্দ্রযান-৩-এর চেয়ে এই অভিযানও কিছু কম গুরুত্বপূর্ণ নয়। অন্ধ্রপ্রদেশের সতীশ ধবন স্পেস রিসার্চ সেন্টারের লঞ্চিং প্যাড থেকে ২ সেপ্টেম্বর, শনিবার সূর্যযান আদিত্য এল-১-এর উৎক্ষেপণ হবে। সূর্যযান উড়বে ঠিক বেলা ১১টা ৫০ মিনিটে। ইতিমধ্যে লঞ্চিং প্যাডে আদিত্য-এল ১ স্থাপন করা হয়ে গিয়েছে। ইসরোর যাবতীয় প্রস্তুতিও সম্পন্ন।এটি ভারতের প্রথম সূর্য অভিযান। সূর্যের অভিমুখে গিয়ে একটি নির্দিষ্ট দূরত্বে দাঁড়িয়ে নক্ষত্রটিকে পর্যবেক্ষণ করবে আদিত্য-এল ১। সূর্য সম্পর্কে অজানা অনেক তথ্য এর মাধ্যমে ইসরোর হাতে আসবে বলে মনে করা হচ্ছে। পৃথিবী থেকে সাড়ে ১০ লক্ষ কিলোমিটার দূরে পাঠানো হবে আদিত্য এল ১-কে। এই অংশকে বলা হয় ল্যাগরেঞ্জ পয়েন্ট। এখানে সূর্য এবং পৃথিবীর আকর্ষণ এবং বিকর্ষণ বল একসঙ্গে ক্রিয়াশীল। ফলে এই অঞ্চলে পৌঁছে কৃত্রিম উপগ্রহ স্থির থাকতে পারে। মহাকাশের পরিবেশ, আবহাওয়া, তার উপর সূর্যের কী প্রভাব পড়ে, সে সব জানার চেষ্টা করবে আদিত্য-এল ১।

বিহারের ভোজপুরে দুটি বাইকের মুখোমুখি সংঘর্ষে মৃত ৩

পাটনা, ১ সেপ্টেম্বর (হি.স.): বিহারের ভোজপুরে দুটি বাইকের মধ্যে মুখোমুখি সংঘর্ষে তিনজনের মৃত্যু হয়েছে। ঘটনাটি ঘটেছে, বিহারের ভোজপুর জেলার আরা-সাসারাম রাজ্য সড়কের চরপোখারি থানার অন্তর্গত সেমরাও গ্রামে। দুর্ঘটনায় ৪ জন গুরুতর আহত হয়েছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, নিহতরা হল সোনু সাহ ও তাঁর ১০ বছরের শিশু, এবং ওম প্রকাশ নামক আর এক ব্যক্তি। সোনু পেশায় একজন অটো চালক এবং ওম প্রকাশ একজন শ্রমিক ছিলেন বলে পুলিশ জানিয়েছে। আহতরা হলেন, মৃত সোনু সাহের স্ত্রী কুমকুম কুমারী, কীর্তি কুমারী, ১০ মাসের শিশু রুচি কুমারী প্রমুখ। পুলিশ মৃতদের দেহ ময়নাতদন্তে পাঠিয়েছে।

সপ্তম দফায় দুয়ারে সরকার শিবির শুরু, চলবে আগামী ১৬ সেপ্টেম্বর

কলকাতা, ১ সেপ্টেম্বর (হি.স.): রাজ্যে সপ্তম দফার দুয়ারে সরকার শিবির শুরু হয়েছে শুক্রবার। বিভিন্ন সরকারি পরিষেবার সুযোগ-সুবিধা সহজে সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে রাজ্য জুড়ে প্রথম দফায় শিবির চলবে আগামী ১৬ সেপ্টেম্বর পর্যন্ত। এবার এখানে পরিযায়ী শ্রমিকরা রাজ্য সরকারের পোর্টালে নিজেদের নাম নথিভুক্ত করতে পারবেন।

বাণিজ্যিক সিলিন্ডারের দাম কমল অনেকটাই

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর (হি.স.): বিগত কয়েকমাস ধরে লাগাতার কমছে বাণিজ্যিক গ্যাস সিলিন্ডারের দাম, সেই ধারা অব্যাহত থাকল সেপ্টেম্বর মাসেও। চলতি মাসের শুরুতে ফের অনেকটাই কমল বাণিজ্যিক সিলিন্ডারের দাম। শুক্রবার থেকে ১৫৮ টাকা কমিয়ে দেওয়া হয়েছে বাণিজ্যিক এলপিজি গ্যাস সিলিন্ডারের দাম। ফলে স্বস্তি পেলেন হোটেল ও রেস্তোরাঁর ব্যবসায়ীরা।

এর আগে জুন, জুলাই ও আগস্ট মাসের শুরুতেও অনেকটাই কমেছিল বাণিজ্যিক সিলিন্ডারের দাম। দিল্লিতে ১৫৮ টাকা কমে বাণিজ্যিক সিলিন্ডারের দাম হয়েছে ১ ৫১১ টাকা।

বিজেপি ক্ষমতায় আসার পর থেকে সংসদ ক্রমশ অনাবশ্যক হয়ে উঠছে : ডি রাজা

মুম্বই, ১ সেপ্টেম্বর (হি.স.): সংসদের বিশেষ অধিবেশন ডাকা নিয়ে বিজেপির বিরুদ্ধে তোপ দাগলেন সিপিআই-এর সাধারণ সম্পাদক ডি রাজা। তিনি বলেছেন, বিজেপি ক্ষমতায় আসার পর থেকে সংসদ ক্রমশ অনাবশ্যক হয়ে উঠছে। শুক্রবার সকালে মুম্বইয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে ডি রাজা বলেছেন, 'নানা ধরনের জল্পনা-কল্পনা রয়েছে। সংসদের বিশেষ অধিবেশন আহ্বান করেছে সরকার। বিষয়গুলো কি? এজেন্ডা কি হতে চলেছে? কেউ জানে না, কিন্তু জল্পনা আছে। কিন্তু আমরা সেই জল্পনা-কল্পনার মুখোমুখি হব। কারণ যখন থেকে বিজেপি ক্ষমতায় এসেছে, সংসদ ক্রমশ অনাবশ্যক হয়ে উঠছে... একটা বিষয় খুবই স্পষ্ট, বিজেপি এবং প্রধানমন্ত্রী মোদী মরিয়া এবং তাঁরা নির্বাচনের মুখোমুখি হতে আত্মবিশ্বাসী নন। ইন্ডিয়া জোট দেখার পর তাঁরা ভয় পেয়েছে।' জাতীয় রাজনীতিতে কান পাতলে শোনা যাচ্ছে, ''এক দেশ এক নির্বাচন''-এর সম্ভাবনা খতিয়ে দেখতে একটি কমিটি গঠন করতে চলেছে কেন্দ্রীয় সরকার। এ প্রসঙ্গে সিপিআই সাধারণ সম্পাদক ডি রাজা বলেছেন, 'রাজনৈতিক দল ও সংসদের সঙ্গে আলোচনা ছাড়া সরকার কীভাবে একতরফা সিদ্ধান্ত নিতে পারে?' এদিন বিজেপিকে আক্রমণ করেছেন সিপিআই নেতা বিনয় বিশ্বমও। তিনি দাবি করে বলেছেন, ''মানুষ পরিবর্তন চায় এবং সেই পরিবর্তন নিশ্চিত। ইন্ডিয়া জোট সেই পরিবর্তনের হাতিয়ার।'

অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৮৭ ডলারের কাছাকাছি, পেট্রোল ও ডিজেলের দাম স্থিতিশীল

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর (হি.স.) : আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম বাড়ছে। আজ ব্রেন্ট অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি প্রায় ৮৭ এবং ডব্লিউটিআই অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি ৮৪ ডলারের কাছাকাছি। যদিও শুক্রবারও সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি।

ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, শুক্রবার দিল্লিতে পেট্রোল প্রতি লিটার ৯৬.৭২ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৮৯.৬২ টাকায় বিক্রি হচ্ছে। মুম্বইতে এক লিটার পেট্রোল পাওয়া যাচ্ছে ১০৬.৩১ টাকায় এবং ডিজেল প্রতি লিটার ৯৪.২৭ টাকায়। চেন্নাইতে এক লিটার পেট্রোলের দাম ১০২.৬৩ টাকা এবং ডিজেলের ৯৪.২৪ টাকা। কলকাতায় এক লিটার পেট্রোলের দাম ১০৬.০৩ টাকা আর ডিজেলের দাম ৯২.৭৬ টাকা। ভ্যাট এবং মালবাহী চার্জের উপর নির্ভর করে দেশে পেট্রোল এবং ডিজেলের দাম রাজ্যে আলাদা। কেন্দ্রীয় সরকারও মোটর জ্বালানির উপর আবগারি শুল্ক নিয়ে থাকে। প্রসঙ্গত, গত বছর ২১ মে থেকে সারা ভারতে জ্বালানির দাম স্থিতিশীল রয়েছে।

আগামীকাল ভারতের বিরুদ্ধে শাহিন আফ্রিদিকে পাওয়া নিয়ে ধোঁয়াশা

কলকাতা, ১ সেপ্টেম্বর (হি.স.): নেপাল ম্যাচের পর শাহিন আফ্রিদির ফিটনেস নিয়ে তৈরি হয়েছে ধোঁয়াশা। নেপালের ম্যাচ খেলার সময় হঠাৎই অসুস্থ হয়ে পড়েন শাহিন। তাই শনিবার ভারতের বিপক্ষে, পাকিস্তানের স্কোয়াডে তিনি থাকবেন কিনা তা নিয়ে উঠছে প্রশ্ন। ধারনা করা হচ্ছে, মুলতানের অতিরিক্ত গরমের জন্যই অসুস্থ হয়ে যান তিনি।নেপালের বিপক্ষে পাঁচ ওভারে ২৭ রানে নিয়েছেন ২টি উইকেট। এদিন ফিল্ডিং করার সময় হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। এক পর্যায়ে চিকিৎসকের পরামর্শে মাঠ ছাড়েন এই বোলার। আসলে ভারতের বিপক্ষে খেলার জন্য শাহিন আফ্রিদিকে নিয়ে খুব একটা ঝুঁকি নেয়নি পাকিস্তান টিম ম্যানেজমেন্ট। পাওয়ার প্লেতে বোলিং করার পরেই তাকে ড্রেসিং রুমে পাঠানো হয়।

দেশের ভালোর জন্য আমরা লড়াই করছি : মমতা বন্দ্যোপাধ্যায়

মুম্বই, ১ সেপ্টেম্বর (হি.স.): 'দেশের ভালোর জন্য আমরা লড়াই করছি', শুক্রবার 'ইন্ডিয়া'' জোটের দ্বিতীয় দিনের বৈঠকের প্রাক্কালে বললেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ও তৃণমূল কংগ্রেস সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। শুক্রবার সকালে মুম্বইয়ের গ্র্যান্ড হায়াত হোটেলে সাংবাদিকদের নানা ধরনের প্রশ্নের মধ্যেই, মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন, 'দেশের ভালোর জন্য আমরা লড়াই করছি।'

'ইন্ডিয়া'' জোটের দ্বিতীয় দিনের বৈঠকে যোগ দিতে এদিন এসেছেন কংগ্রেসের সোনিয়া গান্ধী, মল্লিকার্জুন খাড়গে, রাহুল গান্ধী, পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান, সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব, ন্যাশনাল কনফারেন্সের ফারুক আব্দুল্লাহ, ওমর আবদুল্লাহ প্রমুখ। দ্বিতীয় দিনের বৈঠকে যোগ দিতে এসেছেন আরজেডির লালুপ্রসাদ যাদব, তেজস্বী যাদবও।

পঞ্জাবে পালানোর চেষ্টা ব্যর্থ! দিল্লিতে অ্যামাজনের ম্যানেজার খুনে ধৃত আরও দুই অভিযুক্ত

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর (হি.স.): উত্তর-পূর্ব দিল্লিতে অ্যামাজনের সিনিয়র ম্যানেজার খুনের ঘটনায় আরও দুই অভিযুক্তকে গ্রেফতার করেছে পুলিশ।

এই নিয়ে মোট ধৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৪। আরও এক অভিযুক্তকে শীঘ্রই গ্রেফতার করার হবে বলে আশ্বাস দিয়েছে দিল্লি পুলিশ। বৃহস্পতিবার রাত ১১.৩০ মিনিট নাগাদ গ্রেফতার করা হয়েছে সোহেল ওরফে চৌধুরী ও জুবেইর ওরফে কাসাওরাকে। দিল্লি থেকে এই দু''জন পঞ্জাবে পালিয়ে যাওয়ার চেষ্টা করছিল।

গত মঙ্গলবার রাতে উত্তর-পূর্ব দিল্লির ভজনপুরার সুভাষ বিহার এলাকায় দুষ্কৃতীদের গুলিতে খুন হন হরপ্রীত গিল (৩৬) নামে এক যুবক। তিনি ই-কমার্স সংস্থা অ্যামাজনের সিনিয়র ম্যানেজার ছিলেন।

এই খুনের ঘটনার তদন্তে নেমে ৪ অভিযুক্তকে গ্রেফতার করল পুলিশ। ডিসিপি (উত্তর-পূর্ব) জয় এন তিরকে বলেছেন, 'আমরা এখনও পর্যন্ত ৪ অভিযুক্তকে গ্রেফতার করেছি। পঞ্চম অভিযুক্তকেও গ্রেফতারের চেষ্টা চলছে। তদন্ত জারি রয়েছে।

পাকিস্তানে ৩০০ পেরল পেট্রল-ডিজেলের দাম, ভোগান্তি আমজনতার

ইসলামাবাদ, ১ সেপ্টেম্বর (হি.স.) : কেয়ারটেকার সরকার ক্ষমতায় এলেও স্বস্তি নেই পাকিস্তানের সাধারণ মানুষের। বৃহস্পতিবার নতুন করে জ্বালানির দাম বাড়ায় ইতিহাসে প্রথমবার তিনশোর গণ্ডি পেরল পাকিস্তানের পেট্রল-ডিজেলের দাম। বর্তমানে পাক মুদ্রায় এক লিটার পেট্রলের দাম ৩০৫.৩৬ টাকা। অন্যদিকে ৩১১.৮৪ টাকায় বিক্রি হচ্ছে এক লিটার ডিজেল।

দিন কয়েক আগেই বিদ্যুতের চড়া দামের কারণে প্রতিবাদে সরব হয়েছিলেন পাকিস্তানের সাধারণ মানুষ। একাধিক এলাকায় বিক্ষোভ দেখান তাঁরা। সরকারের তরফে এই সমস্যা মেটানোর আশ্বাস দেওয়া হয়। তবে সেই সমস্যা এখনও মেটেনি। উলটে তার আগেই ফের নতুন করে সমস্যার মুখে পাক জনজীবন। বৃহস্পতিবার পেট্রল ও ডিজেলের বর্ধিত দাম প্রকাশ করে পাকিস্তানের কেয়ারটেকার সরকার। এক ধাক্কায় ১৪.৯১ টাকা বাড়ানো হয় পেট্রলের দাম। হাই স্পিড ডিজেলের দামও একবারে ১৮.৪৪ টাকা বেড়েছে। নতুন মূল্য অনুসারে, লিটার পিছু দুই জ্বালানির দামই তিনশো ছাড়িয়েছে। এর ফলে ইতিহাসে প্রথমবার তিনশো পেরিয়ে পাক মুদ্রায় এক লিটার পেট্রলের দাম ৩০৫.৩৬ টাকা। অন্যদিকে ৩১১.৮৪ টাকায় বিক্রি হচ্ছে এক লিটার ডিজেল। এমতাবস্থায় ফের ধাক্কা খাবে পাকিস্তানের সাধারণ মানুষের জীবনযাত্রা, সেকথা বলাই বাহুল্য। ইতিমধ্যেই ঋণের বোঝায় একেবারে ভেঙে পড়েছে সেদেশের অর্থনীতি। উল্লেখ্য, বর্তমানে কেয়ারটেকার সরকারের অধীনে রয়েছে পাকিস্তান। দেশের নির্বাচনী প্রস্তুতির পাশাপাশি অর্থনীতির হাল ফেরানোর দায়িত্বও রয়েছে সরকারের উপরে। তবে পাক অর্থনীতি পড়ে রয়েছে সেই তিমিরেই। ডলারের নিরিখে হু হু করে পড়ছে পাক মুদ্রার দাম। মূল্যবৃদ্ধির সমস্যায় জেরবার আমজনতা। এহেন পরিস্থিতিতে গোদের উপর বিষফোঁড়া হয়ে বেড়েছে জ্বালানির দাম।

কাজের সন্ধান

অনলাইনে পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরে অনুবাদক, পিএ পদে চাকরি

কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।। সর্বভারতীয় স্তরে পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে অনুবাদক বা ট্র্যান্সলেটর সহ পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে, শূন্যপদ ঃ ৩০৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ইংরেজি বা হিন্দি নিয়ে মাস্টার্স ডিগ্রি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৩০ বছর (এসসি/এসটি - ৩৫, ওবিসি - ৩৩, শাঃপ্রঃ-৪০), অনলাইনে দরখাস্ত জমার শেষ তারিখ ঃ ১২ সেপ্টেম্বর, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র - আগরতলা, তারিখ স্থির হয়নি। কল লেটারে জানানো হবে।

মূল কথা হলো — অনলাইনে চাকরির দরখাস্ত পাঠানো সহজ হলেও, অপেক্ষা করতে নেই। শেষ তারিখের যত আগে সম্ভব, আবেদন করে নিতে হয়। সর্বভারতীয় স্তরে পরীক্ষার জন্য দরখাস্ত পাঠাতে গিয়ে আগে অনেকেই সমস্যায় পড়ছেন। প্রয়োজনীয় সহযোগিতা নিয়ে আবেদন করুন। হিন্দি অথবা ইংরেজি নিয়ে মাস্টার্স ডিগ্রি পাশ হলেই আবেদন করা যাবে, নম্বরের কোনও কড়াকড়ি নেই। কেন্দ্রীয় সরকারের সারা দেশের বিভিন্ন দপ্তর বা অফিসগুলোতে অনুবাদক বা ট্র্যান্সলেটর সহ পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট নিয়োগের জন্য প্রার্থীবাছাই করবেন স্টাফ সিলেকশন কমিশন। জে এইচ টি , জে টি এন্ড এস এইচ টি এগজামিনেশন - ২০২৩-এর মাধ্যমে। প্রার্থীবাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা নেওয়া হবে এবছর অক্টোবরে। নির্দিষ্ট তারিখ কল লেটারে জানানো হবে। যোগ্যতা - অন্ততপক্ষে মাস্টার্স ডিগ্রি পাশ, হিন্দি/ ইংরেজি বিষয় নিয়ে হলে অগ্রাধিকার পাবেন।

ইংরেজি বা হিন্দি বিষয় নিয়ে মাস্টার্স ডিগ্রি পাশ তরুণ-তরুণীরা ০১-০৮-২০২৩ তারিখে বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হলে আবেদন করতে পারেন। দূরশিক্ষা বা মুক্ত বিশ্ববিদ্যালয়ের দূরশিক্ষা ব্যবস্থায় যাঁরা পাশ করেছেন তাঁরা সংশ্লিষ্ট সময়কালে কোর্সটি ডিইসি-ইগনুর স্বীকৃত হলে আবেদন করতে পারবেন। যোগ্যতা, বয়স সবই অর্জন করতে হবে ০১-০৮-২০২৩ তারিখের মধ্যে। তফশিলি, ওবিসি, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী, বিধবা/বিবাহবিচ্ছিন্না/ আইনত আলাদা মহিলা প্রভৃতি প্রার্থীরা যথারীতি বয়সের ছাড় পাবেন। যেমন, ওবিসি-দের জন্য বয়সের উর্ধ্বসীমা ৩৩ বছর, এসসি/এসটি-দের জন্য ৩৫ বছর, শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৪০ বছর। জুনিয়র ট্র্যান্সলেটর পদের মূল মাইনে ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা, সিনিয়র ট্র্যান্সলেটর পদের মূল মাইনে ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা,সাথে অন্যান্য ভাতাও রয়েছে। সাধারণ হিসেবে বেতন প্রতি মাসে ৫০-৬০ হাজারের অধিক। এছাড়া, অতিরিক্ত হিসেবে অন্যান্য ভাতাও রয়েছে। পদগুলো নন-টেকনিক্যাল গ্রুপ-এ ক্যাটেগরির। শূন্যপদের মোট সংখ্যা ৩০৭টি। দপ্তরের প্রয়োজনে নিয়োগের সময় শূন্যপদের সংখ্যা বাড়তে পারে বলে সংবাদ সূত্রে জানা গেছে।

দরখাস্ত করবেন অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে। অনলাইনে দরখাস্ত করতে হলে নিজের সই ও পাসপোর্ট মাপের জেপিজি ফর্ম্যাটের ১০০ বাই ১২০ পিক্সেলের ফটো (৮-বি গ্রে স্কেলে) স্ক্যান করে রাখবেন। পরীক্ষার নির্ধারিত ফি পাঠাবেন ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এসসি, এসটি, শারীরিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী অথবা যে-কোনও মহিলা প্রার্থীদের ক্ষেত্রে এই এগ্‌জাম-ফি লাগবে না। তবে ই-মেইল আইডি তৈরি করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, অনলাইনে দরখাস্ত ফিল-আপ, পরীক্ষার ফি জমা দেওয়া, ব্যাঙ্কের কমিশন, প্রিন্ট আউট বের করে রাখা, এডমিট কার্ড ডাউনলোড করা ইত্যাদির যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হবে। অনলাইনে দরখাস্তের প্রয়োজনীয় নিয়মনির্দেশ সাইটেই পাবেন, তবে দরখাস্ত করতে হবে ৪ আগস্টের মধ্যে। অর্থাৎ শেষ তারিখ ৪ আগস্ট। এককথায়, অনলাইনে দরখাস্ত পাঠানোর জক্কিঝামেলা কম, খরচও কম হয়। দরখাস্তে ভুল হওয়ার সম্ভাবনা কমে যায়, ডকুমেন্টস জেরক্স করে পাঠাতে হয় না, কল লেটার প্রাপ্তির ব্যাপারে পুরোপুরি নিশ্চিত হওয়া যায়। অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের মাধ্যমে পরীক্ষার ফি পাঠানো, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত জানতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্‌অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই বা হ্যালো' লিখে মেম্বারশীপ গ্রহণ করে নিতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

প্রার্থীবাছাই হবে সর্বভারতীয় স্তরে জে এইচ টি, জেটি এন্ডএসএইচটি এগজামিনেশন - ২০২৩ -এর মাধ্যমে। প্রার্থীবাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা নেওয়া হবে এবছর অক্টোবরে। তবে পরীক্ষার দিনক্ষণ জানিয়ে দেওয়া হবে কল লেটারের মাধ্যমে। পরীক্ষার ১৫ দিন আগে কল লেটার স্ট্যাটাস জেনে নিয়ে ৫ দিন আগে ডাউনলোড করে নিতে পারবেন এঁদের ওয়েবসাইট থেকে। প্রশ্নপত্র হবে ২০০ নম্বরের, অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের। তাতে থাকবে ২টি বিষয়, ১০০ নম্বর করে এবং সময় ২ ঘন্টা। নেগেটিভ মার্কিং থাকবে, প্রতিটি ভুলের জন্য ০.২৫ নম্বর অর্থাৎ ৪টি ভুলের জন্য ১ নম্বর খোয়াতে হবে। ২ ঘন্টা বা ১২০ মিনিটের পরীক্ষা হলেও লিখনসহকারী নেওয়া দৃষ্টি প্রতিবন্ধীরা নির্দিষ্ট কিছু সময় অতিরিক্ত পাবেন।

দ্বিতীয় পত্রের পরীক্ষা নেওয়া হবে একই দিনে, ২০০ নম্বরের। দুই ঘন্টার জন্য ২০০ নম্বরের লিখিত পরীক্ষা। এই পরীক্ষায় পাশ করতেই হবে তবে প্রাপ্ত নম্বর মেধা-তালিকা তৈরির কাজে যোগ হবে না, মেধাতালিকা তৈরি হবে ডেসক্রিপটিভ টেস্টে সফল হওয়া প্রার্থীদের কেবল কম্পিউটার ভিত্তিক অবজেকটিভ পরীক্ষার নম্বরের ভিত্তিতে। ত্রিপুরার প্রার্থীদের জন্য আগরতলার পাশাপাশি গুয়াহাটি এবং শিলংয়ে পরীক্ষাকেন্দ্র রয়েছে। অনলাইনে আবেদনের সময় পছন্দমত একটি পরীক্ষাকেন্দ্র বাছাই করে নিতে হবে।

নির্দিষ্ট সময়ের মধ্যে অনলাইনে অর্থাৎ ইন্টারনেটের মাধ্যমে দরখাস্ত পাঠিয়ে দেওয়া অনেক শ্রেয়। দরখাস্ত সাবমিট হয়ে গেলে রেজিস্ট্রেশন কপির প্রিন্ট আউট নিজের কাজে রাখবেন। তা কিন্তু আবার কোথাও পাঠাতে হবে না। যোগ্য প্রার্থীদের অ্যাডমিট কার্ড অর্থাৎ অ্যাডমিশন সার্টিফিকেট অনলাইনে দেওয়ার পাশাপাশি ডাকেও পাঠানো হতে পারে। তবে এই সার্টিফিকেট যাঁরা পরীক্ষার এক সপ্তাহ বাকি থাকতে হাতে না পাবেন, তাঁরা এঁদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নিতে পারবেন।

ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে এগ্রিকালচার অফিসার, টি.এ.এফ.এস নিয়োগ

কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।। ত্রিপুরা সরকারের কৃষি এবং কৃষক কল্যাণ দপ্তরের অধীনে এগ্রিকালচার অফিসার হিসেবে ৬০টি শূন্যপদে নিয়োগ করা হচ্ছে। এককথায়, ত্রিপুরা সরকারের অধীনে এগ্রিকালচার অফিসার পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৬০টি, টিপিএসসি পরীক্ষার মাধ্যমে, শিক্ষাগত যোগ্যতা ঃ এগ্রিকালচার/ হর্টিকালচার বিষয় নিয়ে ডিগ্রি পাশ, পিআরটিসি বাধ্যতামূলক। বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (কোভিড কারনে সবার জন্য ২ বছর এবং সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ সেপ্টেম্বর, লিখিত পরীক্ষার কেন্দ্র আগরতলা, তারিখ কল লেটারে জানানো হবে। বিস্তারিত খবর — টিপিএসসি পরীক্ষার মাধ্যমে এগ্রিকালচার অফিসার পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। এ বিষয়ে নিয়োগের জন্য ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশন ১ আগস্ট, ২০২৩ তারিখে এক বিজ্ঞপ্তি প্রকাশ করেছেন। বিজ্ঞপ্তি নং - ১০/২০২৩। উপযুক্ত শিক্ষাগত যোগ্যতা, আবশ্যক যোগ্যতা ও অভিজ্ঞতা থাকলে আগামী ১১ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের মধ্যে কেবলমাত্র 'অনলাইনে' দরখাস্ত পাঠাতে পারেন। পরীক্ষার ফি — সাধারণ পরীক্ষার্থীদের জন্য ৩৫০ টাকা এবং তফশিলি জাতি/ উপজাতি ভুক্ত, বিপিএল কার্ডধারী / শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা।

এই নিয়োগ সংক্রান্ত বিস্তারিত তথ্য, ফর্ম ফিলাপের কৌশল, আবশ্যকীয় শিক্ষাগত যোগ্যতা, সিলেবাস, নম্বর বিন্যাসও পাবেন এঁদের ওয়েবসাইটে। প্রার্থিবাছাই হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউর মাধ্যমে। দুই ধাপের এই টেস্ট বা লিখিত পরীক্ষার সময়সূচি এবং স্থান পরবর্তী সময়ে পত্রিকায় জানানো হবে এবং কল লেটার পাঠানো হবে। এছাড়া অনলাইনে দরখাস্ত পাঠানো, ওয়েবসাইট থেকে ডাউনলোড করা দরখাস্তের বয়ান, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে বিস্তারিত আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্‌অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্‌অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

শূণ্যপদগুলো হল —

আইটেম নং - ০১ ঃ এগ্রিকালচার অফিসার ঃ শূন্যপদ ৬০টি। এর মধ্যে ৪০টি পদ অসংরক্ষিত, অর্থাৎ জেনারেল, এসসি, এসটি, ওবিসি উপযুক্ত যে-কেউ এর জন্য আবেদন করতে পারেন। এই ৪০টি পদের মধ্যে আবার ১টি পদ এক্স-সার্ভিসম্যানদের জন্য সংরক্ষিত। এছাড়া, ৮টি পদ তফশিলি জাতিভুক্ত (এসসি) প্রার্থী এবং ১২টি পদ তফশিলি উপজাতিভুক্ত (এসটি) প্রার্থীর জন্য সংরক্ষিত। সর্বোপরি মোট ৬০টি পদের মধ্যে ২টি পদ শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীদের জন্য সংরক্ষিত। সামগ্রিক ৬০টি পদের মধ্যে ২১টি পদ মহিলার জন্য সংরক্ষিত। যার মধ্যে ১৪টি পদ অসংরক্ষিত। এছাড়া, ৪টি তফশিলি উপজাতিভুক্ত (এসটি) প্রার্থী এবং ৩টি পদ তফশিলি জাতিভুক্ত (এসসি) প্রার্থীর জন্য সংরক্ষিত। উল্লেখ্য, পদগুলো গ্রেড-ওয়ান, গ্রুপ-বি, গ্যাজেটেড এবং রাজ্য সরকারের এগ্রিকালচার এন্ড ফারমার্স ওয়েলফেয়ার তথা কৃষি এবং কৃষক কল্যাণ দপ্তরের অধীনে। শিক্ষাগত যোগ্যতা - স্বীকৃত প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয় থেকে এগ্রিকালচার/ হর্টিকালচার বিষয়ে বিএসসি পাশ হতে হবে। ত্রিপুরার এগ্রো-ক্লাইমেটিক কন্ডিশন সম্পর্কে জ্ঞান থাকা চাই। বাংলা অথবা ককবরক ভাষা জ্ঞানও থাকতে হবে। বেতনক্রম ঃ পে ব্যান্ড অনুযায়ী, ১০,২৩০ - ৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৮০০ টাকা। অর্থাৎ ত্রিপুরা স্টেট পে ম্যাট্রিক্স ২০১৮ অনুসারে, পে লেভেল ১৩ অনুযায়ী। বয়স ঃ ১১-০৯-২০২৩ তারিখের হিসেবে অনূর্ধ্ব ৪০ বছর। তফশিলি জাতি/ উপজাতিভুক্ত প্রার্থী/ শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থী অথবা সরকারি চাকুরিরতদের জন্য ৫ বছরের যথারীতি ছাড় রয়েছে। পদের বিন্যাস, বিভাজন, সংরক্ষণ, যোগ্যতা, বয়সের ছাড়, বেতনক্রম সম্পর্কে আরও বিস্তারিত জানার জন্য এঁদের ওয়েবসাইটে দেখে নিতে হবে। উল্লেখ্য, সংরক্ষণ ও বয়সের শিথিলতা শুধুমাত্র ত্রিপুরায় বসবাসকারী তফশিলি জাতি/উপজাতি ভুক্ত প্রার্থীদের জন্যই প্রযোজ্য। অন্যান্য রাজ্যের তফশিলি জাতি/উপজাতি ভুক্ত প্রার্থীরা সাধারণ প্রার্থী হিসাবে আবেদন করতে পারবেন। প্রার্থিবাছাই হবে প্রথমে ১৮০ নম্বরের লিখিত পরীক্ষা এবং পরে ২০ নম্বরের ইন্টারভিউ/ পার্সোনালিটি পরীক্ষার ভিত্তিতে। লিখিত পরীক্ষায় সফল হলেই ইন্টারভিউ/ পার্সোনালিটি পরীক্ষার জন্য নির্বাচিত হবেন। সামগ্রিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেরিট অনুযায়ী নিয়োগ হবে। ১৮০ নম্বরের লিখিত পরীক্ষায় থাকবে ২টো পার্ট। পার্ট-ওয়ান-এ ৩০টি প্রশ্ন, পার্ট-টু-তে ১৫০টি প্রশ্ন। মোট সময় ৩ ঘন্টা। লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষার সময়সূচি এবং স্থান পরবর্তী সময়ে পত্রিকায় জানানো হবে অথবা অনলাইনে এদেঁর ওয়েবসাইটে, ইমেলে বা কল লেটারে জানানো হবে। সরকারি চাকরিরত প্রার্থীরা আবেদন করতে পারেন যথারীতি নিয়ম মেনে।

এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট, এক্সিকিউটিভ (এয়ারপোর্ট অথরিটি, বহিঃরাজ্য)**,
শূন্যপদ ঃ ৩৪২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৪ সেপ্টেম্বর,
পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (কর্পোরেট সেক্টর)**,
শূন্যপদ ঃ ১৩৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রিপাশ,
বয়স ঃ ১৮-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৪ সেপ্টেম্বর,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **অপারেটর (কর্পোরেট সেক্টর)**,
শূন্যপদ ঃ ৯২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৪ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **টেকনেশিয়ান, অ্যাসিস্ট্যান্ট, ইঞ্জিনিয়ার (কেন্দ্রীয় মন্ত্রক)**,
শূন্যপদ ঃ ৯৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৫ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **সুপারিটেনডেন্ট, টেকনেশিয়ান (এনআইটি)**,
শূন্যপদ ঃ ১১২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৩৩ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৬ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **নন-টিচিং স্টাফ (এনআইটি)**,
শূন্যপদ ঃ ১৫০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা, গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৩৩ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৬ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **এম.ও (ডিফেন্স)**,
শূন্যপদ ঃ ৬৫০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ এমবিবিএস, পিজি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৩৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১০ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (ইন্ডিয়ান অয়েল)**,
শূন্যপদ ঃ ৪৯০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১০ সেপ্টেম্বর,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **এগ্রিকালচার অফিসার (ত্রিপুরা)**,
শূন্যপদ ঃ ৬০টি,
টিপিএসসি পরীক্ষার মাধ্যমে,
শিক্ষাগত যোগ্যতা ঃ এগ্রিকালচার/ হর্টিকালচার বিষয় নিয়ে ডিগ্রি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ সেপ্টেম্বর,
লিখিত পরীক্ষার কেন্দ্র আগরতলা, তারিখ কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **এম.ও., স্টাফ নার্স, কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট (বহিঃরাজ্যে স্বাস্থ্যবিভাগ)**,
শূন্যপদ ঃ ৭৬২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ এএনএম, ডিপ্লোমা, জিএনএম, এমবিবিএস ডিগ্রি পাশ,
বয়স ঃ ২১-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১১ সেপ্টেম্বর,
পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **অনুবাদক, পি.এ (কেন্দ্রীয় সরকার)**,
শূন্যপদ ঃ ৩০৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ইংরেজি বা হিন্দি নিয়ে অনার্স গ্র্যাজুয়েট বা মাস্টার্স ডিগ্রি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্ত জমার শেষ তারিখ ১২ সেপ্টেম্বর,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা অক্টোবরে, আগরতলায়, তবে নির্দিষ্ট তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (বহিঃরাজ্যে, ব্যাঙ্কে)**,
শূন্যপদ ঃ ৩৯৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ,
বয়স ঃ ২০-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১২ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **প্রজেক্ট অ্যাসিস্ট্যান্ট (এরোনটিক্যাল ডেভেলপমেন্ট এজেন্সি)**
শূন্যপদ ঃ ১০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএসসি, বিই, বিটেক পাশ,
বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৪ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের সাক্ষাৎকারের তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **একাউন্ট্যান্ট, ডক্টর, লিগ্যাল স্পেশালিস্ট (কেন্দ্রীয় বীমা)**,
শূন্যপদ ঃ ১০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ নির্দিষ্ট বিষয়ে ডিগ্রি পাশ,
বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৪ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের পরীক্ষা বা ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (কোলফিল্ড)**,
শূন্যপদ ঃ ১১৯১টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, আইটিআই, বিই, বিটেক পাশ,
বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৬ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০—০—০—০—০—০

* পদের নাম ঃ **ম্যানেজার, ডিরেক্টর (কর্পোরেট সেক্টর)**,
শূন্যপদ ঃ ১০৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, এমবিএ পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৫৫ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১৬ সেপ্টেম্বর,
বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০—০—০—০০০—০—০—০

ইন্ডিয়ান অয়েলে চাকরির লক্ষ্যে ৪৯০ এপ্রেন্টিস, অনলাইনে আবেদন

কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।। ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড বা আই.ও.সি.এল-এ এপ্রেন্টিস পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৪৯০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক থেকে ডিগ্রি পাশ, আইটিআই পাশ হলে অগ্রাধিকার পাবেন। বয়স ঃ ১৮-২৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১০ সেপ্টেম্বর, বাছাইকৃতদের লিখিত পরীক্ষার তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে। বিস্তারিত খবর হলো —

মহারত্ন, মিনিরত্ন ইত্যাদি কর্পোরেট সেক্টরগুলোতে চাকরির জন্য এধরনের ট্রেড এপ্রেন্টিস ট্রেনিংয়ের যথেষ্ট প্রয়োজন রয়েছে। ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড বা আই.ও.সি.এল-এ বিশেষ করে সারা দেশ জুড়ে, দেশের প্রায় সব কয়টি রাজ্যে টেকনিক্যাল এবং নন্-টেকনিক্যাল ট্রেডে এপ্রেন্টিস হিসেবে ৪৯০ জনকে বাছাইয়ের জন্য অনলাইনে দরখাস্ত আহ্বান করা হয়েছে। নিয়োগের সময় শূন্যপদের সংখ্যা বাড়তেও পারে। আইওসিএল-এ ট্রেড এপ্রেন্টিস হিসেবে যোগদান করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ৩১-০৮-২০২৩-এর হিসেবে ১৮ থেকে ২৪ বছর বয়স হলে আবেদন করতে পারেন। সরকারি নিয়মানুসারে এসসি, এসটি, ওবিসি এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষণ যেমন থাকবে, তেমনি তাঁদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমায়ও যথারীতি ছাড় রয়েছে। আসন সংখ্যার বিশদ বিভাজন রাজ্য ও ট্রেড ভিত্তিক সংখ্যা ইত্যাদি দেখতে পাবেন 'আই.ও.সি.এল'-এর ওয়েব সাইটে, 'এপ্রেন্টিস' ট্যাব লিঙ্কে। সারা দেশের সবকটি ডিভিশনের পাশাপাশি পূর্বাঞ্চলের রাজ্যগুলোর জন্য বিশেষ করে ৯টি রিফাইনারি ডিভিশনের জন্য সাধারন প্রার্থী এবং ক্যাটেগরি ভিত্তিক নির্দিষ্ট আসন রয়েছে, সংরক্ষিত হিসেবে। এভাবেই রাজ্যওয়ারি বা ডিভিশন ভিত্তিক বিস্তারিত বিভাজন ও বিন্যাস দেখে নিতে হবে এঁদের ওয়েবসাইট থেকে।

প্রার্থীদের যোগ্যতা অনুযায়ী কেবলমাত্র যে-কোনও একটি ডিসিপ্লিন-এর জন্য আবেদন করতে পারবেন। যদি কোনও প্রার্থী একাধিক ট্রেড বা ডিসিপ্লিন-এর জন্য আবেদন করেন, তাঁর সমস্ত আবেদন বাতিল করা হবে। সময়ে সময়ে প্রযোজ্য ভারত সরকারের নির্দেশাবলী অনুসারে ট্রেড এবং অবস্থানের জন্য প্রযোজ্যমতো প্রতি মাসে নির্ধারিত হারে স্টাইপেন্ড দেওয়া হবে। এ বিষয়ে রাজ্যভিত্তিক বিস্তারিত তথ্যাবলী পেয়ে যাবেন আইওসিএল-এর ওয়েবসাইটে 'এপ্রেন্টিস' ট্যাব-এ। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং ঃ আইওসিএল/ এমকেটিজি/ এপিপিআর/ ২০২৩-২৪, তারিখ ২৫ আগস্ট, ২০২৩।

দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন্ করে ১০

বিনা যুদ্ধে ধূপগুড়ির সূচ্যগ্র মেদিনী ছাড়তে নারাজ বিজেপি

জলপাইগুড়ি, ১ সেপ্টেম্বর (হি. স.) : দলের ঢিলেঢালা সংগঠনকে সম্বল করেই ধূপগুড়ির লড়াই জেতার চেষ্টায় নেমেছে। দলের মতে, এটা নিছক উপনির্বাচনের একটা আসন নয়, লোকসভা ভোটের আগে একটা বার্তাবহও বটে।

ঠিক ছিল রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার ২৮ এবং ২৯ অগস্ট সমাবেশ করবেন ধূপগুড়িতে। আবার যাবেন ২ সেপ্টেম্বর শেষবেলায়। কিন্তু ২৮ তারিখ থেকেই ধূপগুড়ির মাটি কামড়ে পড়ে রয়েছেন সুকান্তবাবু। প্রতি দিনই সভা-সমাবেশ করছেন। কর্মীবৈঠক ও বাড়ি বাড়ি প্রচারেও যাচ্ছেন। বিজেপি সূত্রে জানা গিয়েছে, প্রচারের শেষবেলা পর্যন্ত ধূপগুড়িতেই থাকবেন সুকান্তবাবু। বুধবার গিয়েছেন শুভেন্দুবাবু। বৃহস্পতিবারেও তিনি প্রচার করেছেন। শুক্রবার রাতেই জলপাইগুড়ি রওনা দিচ্ছেন দিলীপ ঘোষ। শেষবেলার প্রচারে শনিবার দিনভর ধূপগুড়িতে থাকার কথা তাঁর।

জলপাইগুড়ির সাংসদ জয়ন্তকুমার রায়, ফালাকাটার বিধায়ক দীপক বর্মণও লাগাতার প্রচারে রয়েছেন। রয়েছেন রাজ্য বিজেপির সহ-সভাপতি রথীন্দ্র বসু-সহ অন্য নেতারা। নেই শুধু অনন্ত মহারাজ। ধূপগুড়িতে বিজেপির উপস্থিতি প্রথম চোখে পড়ে ২০১৮ সালে। সে বার ধূপগুড়ি পুরসভা নির্বাচনে চারটি ওয়ার্ডে জিতেছিল গেরুয়া শিবির। সে বার পঞ্চায়েত ভোটেও ওই বিধানসভার গ্রামাঞ্চলে খাতা খুলেছিল তারা। ২০১৯ সালের লোকসভা নির্বাচনে বিজেপি জলপাইগুড়ি আসনে ১ লক্ষ ৮৪ হাজার ভোটে জেতে।

ধূপগুড়ি বিধানসভাতেও তারা এগিয়েই ছিল। গত বিধানসভা নির্বাচনে তারা ধূপগুড়িতে ৪৫.৬৫ শতাংশ ভোট পেয়ে জেতে ৪,৩৫৫ ভোটে। তৃণমূল পেয়েছিল ৪৩.৭৫ শতাংশ ভোট। সিপিএম ৫.৭৩ শতাংশ। ধূপগুড়িতে জয়-পরাজয়ের ক্ষেত্রে রাজবংশী ভোটের ভূমিকা রয়েছে। ১৯৭৭ সাল থেকে বিধানসভায় রাজবংশী প্রতিনিধি পাঠিয়েছে জলপাইগুড়ি জেলার এই আসন। ২০২১ সালে বিজেপির হয়ে জেতেন রাজবংশী বিষ্ণুপদ রায়। তাঁর মৃত্যুতেই উপনির্বাচন হচ্ছে সেখানে। এ বারেও মূল প্রতিদ্বন্দ্বীরা সকলেই রাজবংশী। সিপিএমের ঈশ্বরচন্দ্র রায় (কংগ্রেস সমর্থিত), তৃণমূলের নির্মলচন্দ্র রায় এবং বিজেপির তাপসী রায়। বাম এবং তৃণমূলের প্রার্থীরা 'রাজনীতিক' হলেও বিজেপির তাপসী কখনও রাজনীতি করেননি। ভোটের ময়দানে তাঁর পরিচয় পুলওয়ামায় জঙ্গি হামলায় নিহত সিআরপিএফ জওয়ান জগন্নাথ রায়ের স্ত্রী। যা থেকে স্পষ্ট 'শহিদ' আবেগ কাজে লাগিয়ে জয় পেতে চাইছে বিজেপি। যে কারণে প্রার্থীর নামও ঘোষণা করা হয়েছিল স্বাধীনতার দিবসের রাতে।

প্রাথমিক ভাবে 'শহিদ' আবেগ এবং রাজবংশী ভোটের অঙ্ক কষেই ময়দানে নেমেছিল বিজেপি। কিন্তু পরে দলের অভ্যন্তরীণ হিসাবে দেখা যায়, ওই এলাকায় রাজবংশী ভোট তিন ভাগ হওয়ার সম্ভাবনা। কারণ, সব দলের প্রার্থীই রাজবংশী সম্প্রদায়ের। আর বিজেপি প্রকাশ্যে যতই দাবি করুক, তারাও জানে, রাজবংশী ভোটের সবটাই 'গেরুয়া' নয়।

পঞ্চায়েতে নির্বাচনেই দেখা গিয়েছে, ওই আসনের গ্রামাঞ্চলে জেলা পরিষদ স্তরে তৃণমূল পেয়েছে ৪৭.৬০ শতাংশ ভোট। বিজেপি পেয়েছে ৩৯.২০ শতাংশ। বাম-কংগ্রেস জোটের দখলে ছিল ১২.১০ শতাংশ ভোট।

যাদবপুরের ছাত্র স্বপ্নদীপ কুণ্ডুর রক্তমাখা টি-শার্ট উদ্ধার

কলকাতা, ১ সেপ্টেম্বর (হি.স.) : যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের ছাত্র স্বপ্নদীপ কুণ্ডুর রক্তমাখা টি-শার্ট উদ্ধার করেছে পুলিশ। পুলিশ রক্তমাখা টি-শার্টটি ফরেনসিক তদন্তের জন্য পাঠিয়েছে।

১০ আগস্ট মূল হোস্টেলে র‍্যাগিংয়ের পর স্বপ্নদীপ কুন্ডুর মৃত্যু হয়। পুলিশ জানিয়েছে, রক্তমাখা টি-শার্টটি তদন্তের জন্য গুরুত্বপূর্ণ প্রমাণ হতে পারে। অভিযুক্তরা দাবি করেছেন, টি-শার্টটি রক্তপাত বন্ধ করতে ব্যবহার করা হয়েছিল। এই বিষয়ে আদালতে পুলিশ জানিয়েছে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রধান হোস্টেলের মোট ২৫ জন ছাত্র ৯ আগস্ট রাতে কী ঘটেছিল, পুলিশের কাছে তাদের বক্তব্য রেকর্ড করেছে।

যাদবপুরের তিন ছাত্র কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং-এর চতুর্থ বর্ষের ছাত্র সত্যব্রত রায়, গণিতে স্নাতকোত্তর হিমাংশু কর্মকার এবং রসায়নে স্নাতকোত্তর এসকে নাসিম আখতারকে ইতিমধ্যেই গ্রেফতার করা হয়েছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শুক্রবার দুদিনের সফরে রায়পুরে যাবেন

রায়পুর, ১ সেপ্টেম্বর (হি.স.): কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দুদিনের সফরে শুক্রবার দুদিনের জন্য ছত্তিশগড় সফরে যাবেন। সূচি অনুযায়ী আজ সন্ধ্যা ৬টা ৪০ মিনিটে রায়পুরের স্বামী বিবেকানন্দ বিমানবন্দরে পৌঁছাবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। সেখান থেকে বিজেপির রাজ্য অফিস কুশাভাউ ঠাকরে ক্যাম্পাসে গিয়ে একটি বৈঠক করার কথা রয়েছে তাঁর।

রায়পুরে পৌঁছে অমিত শাহ বিজেপির অফিসে সিনিয়র নেতাদের নিয়ে একটি বৈঠক করবেন। এরপর ওখানে অন্যান্য কর্মসূচিতেও অংশ নেবেন। বিজেপির রাজ্য ইনচার্জ ওম মাথুর, সহ-ইনচার্জ নীতিন নবীন এবং জাতীয় সাধারণ সম্পাদক বিএল সন্তোষ, অমিত শাহের সফরের ঠিক আগে রায়পুরে পৌঁছোবেন।

বিএল সন্তোষ নির্বাচনী কমিটিগুলি নিয়ে পর্যালোচনাবৈঠক করবেন মন্ত্রী।

অমিত শাহ আগামীকাল ২ সেপ্টেম্বর মহাসমুন্দ জেলার সরাইপালিতে আদিবাসী সম্মেলনে যোগ দেবেন। ওইদিনই বিকেল সাড়ে ৫টায় দিল্লির উদ্দেশে রওনা হবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী।

আদিত্য-এল ওয়ান লঞ্চের আগে ইসরো প্রধান চেঙ্গালাম্মা মন্দিরে প্রার্থনা জানালেন

তিরুপতি, ১ সেপ্টেম্বর (হি.স.): আদিত্য-এল ওয়ান লঞ্চের আগে চেঙ্গালাম্মা পরমেশ্বরী মন্দিরে পুজো দিলেন ইসরোর চেয়ারম্যান এস সোমনাথ। ইসরোর প্রধান এস সোমনাথ শুক্রবার সকাল সাড়ে ৭টা নাগাদ চেঙ্গালাম্মা পরমেশ্বরী মন্দির পরিদর্শন করেন। মন্দিরের এক আধিকারিক সূত্রে এই তথ্য জানা গিয়েছে। এস সোমনাথ আদিত্য-এল ওয়ান লঞ্চের জন্য প্রার্থনা জানান বলে জানা গিয়েছে।সাংবাদিকদের উদ্দেশে এস সোমনাথ বলেন, আদিত্য মিশন শনিবার সকাল ১১টা ৫০ মিনিট নাগাদ চালু হবে। তিনি আরও জানিয়েছেন, সূর্যকে অন্বেষণ করতে এবং সেখানে পৌঁছোতে সময় লাগবে ১২৫ দিন। সান অবজারভেটরি মিশনের পরে, মহাকাশ সংস্থা আগামী দিনে এসএসএলভি — ডি-থ্রি এবং পিএসএলভি সহ আরও বিভিন্ন উৎক্ষেপণ করবে বলেও এস সোমনাথ জানিয়েছেন।

চন্দ্রযান-৩ মিশন সম্পর্কে ইসরোর প্রধান বলেন, সবকিছু ঠিকঠাকভাবেই কাজ করছে। চেঙ্গালাম্মা পরমেশ্বরী মন্দিরের এক আধিকারিক শ্রীনিবাস রেড্ডি জানিয়েছেন, রকেট উৎক্ষেপণের আগে ইসরো আধিকারিকদের এই মন্দির পরিদর্শন করা একটা ঐতিহ্য হয়ে দাঁড়িয়েছে যেটা গত ১৫ বছর ধরে চলছে।

৩ মাসের বকেয়া বিল, বন্ধ আইসিডিএসে রান্না

বাঁকুড়া, ১ সেপ্টেম্বর (হি. স.) : তিন মাসের বিল বাকি থাকার কারণে আইসিডিএস সেন্টারে খাবার বন্ধ করে দিলেন কর্মীরা। শুক্রবার সকাল থেকে বাঁকুড়া জেলার ওন্দা ব্লকের সমস্ত আইসিডিএস কেন্দ্রে খাবার বন্ধ। ফলে সেন্টারগুলিতে খাবার থেকে বঞ্চিত শিশুরা।

জানা গিয়েছে, তিন মাস ধরে মেলেনি সবজি, ডিম ও জ্বালানির দাম। আইসিডিএস কর্মীরা বকেয়া বিলের দাবি নিয়ে বারবার দ্বারস্থ হয়েছেন ওন্দা ব্লক সিডিপিও-এর কাছে। তাতেও মেলেনি বকেয়া বিলের টাকা। বকেয়া টাকা না পাওয়াতে সেন্টার চালাতে বড় সমস্যায় পড়েছেন কর্মীরা।

তাঁদের অভিযোগ, বাজারে দেনা না মেটানো পর্যন্ত নতুন করে বাজার থেকেও ধারে মিলছে না সবজি ও ডিম। তাই স্বাভাবিকভাবেই সেন্টারে খাবার বন্ধ করতে বাধ্য হলেন আইসিডিএস কর্মীরা।

কর্মীদের দাবি, বাজার থেকে সবজি, ডিম ও জ্বালানির টাকা পাওয়া যায় সংশ্লিষ্ট দফতর থেকে। মাসে মাসে সেই টাকাও দেওয়া হয় ওই দফতর থেকে। কিন্তু গত তিন মাস ধরে বাজার থেকে সেই সব জিনিস কেনা হয়েছে আর সরকারিভাবেও টাকা দেওয়া হয়নি।

তিন মাস ধরে বকেয়া টাকা না পাওয়াতে বাজার থেকে ধার দেওয়া বন্ধ করে দিয়েছেন ব্যবসায়ীরা। এর ফলে সেন্টার চালাতে বড় বিপাকে পড়তে হচ্ছে তাঁদের। এই সমস্যার কারণে ওন্দা ব্লকের ৩৬০টি আইসিডিএস কেন্দ্রে শিশুদের খাবার দেওয়া বন্ধ হয়ে গিয়েছে। শুক্রবার সকাল থেকে ওন্দা ব্লকের সমস্ত সেন্টারে খাবার রান্না করা বন্ধ করে দেন কর্মীরা। তাঁদের দাবি, বকেয়া টাকা মিলে গেলেই আবার চালু হবে রান্না। এদিকে সকাল থেকে আইসিডিএস সেন্টারে এসে খাবার খেতে পেল না শিশুরা তাই ক্ষোভ বাড়ছে অভিভাবকদের মধ্যেও।

কোবিন্দ সকাশে জে পি নাড্ডা, প্রাক্তন রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ নিয়ে রাজনৈতিক মহলে গুঞ্জন

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর (হি.স.): প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের সঙ্গে সাক্ষাৎ করলেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডা। শুক্রবার দিল্লিতে কোবিন্দের বাসভবনে গিয়ে তাঁর সঙ্গে সাক্ষাৎ করেছেন নাড্ডা। উভয়ের মধ্যে বেশ কিছু সময় কথাও হয়েছে, তবে কী কী বিষয়ে কথা হয়েছে, তা অজানা। প্রাক্তন রাষ্ট্রপতির সঙ্গে বিজেপির সর্বভারতীয় সভাপতির সাক্ষাৎ নিয়ে রাজনৈতিক মহলে শুরু হয়েছে গুঞ্জন।প্রসঙ্গত, লোকসভা নির্বাচনের মাস সাতেক আগে আবারও 'এক দেশ এক ভোট' (ওয়ান নেশন ওয়ান ইলেকশন) নীতি কার্যকরের পক্ষে তৎপরতা শুরু করেছে কেন্দ্র। ওই নীতি কার্যকরের দিকগুলি খতিয়ে দেখার জন্য আইন কমিশনের সঙ্গে ইতিমধ্যেই কেন্দ্রের কয়েক দফা আলোচনা হয়েছে বলে সরকারি একটি সূত্রের খবর। সেই আলোচনার ভিত্তিতে 'এক দেশ এক ভোট' নীতি কার্যকরের দিশা খুঁজতে একটি কমিটি গঠন করেছে মোদী সরকার। সেই কমিটির নেতৃত্বে রয়েছেন দেশের প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। এই খবর প্রকাশ্যে আসতেই রামনাথ কোবিন্দের সঙ্গে সাক্ষাৎ করলেন নাড্ডা।এদিকে, 'এক দেশ এক ভোট' (ওয়ান নেশন ওয়ান ইলেকশন) নীতি প্রসঙ্গে সংসদ বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ যোশী বলেছেন, 'এই মুহূর্তে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির রিপোর্ট আসবে যা নিয়ে আলোচনা হবে। সংসদ পরিপক্ক এবং আলোচনা হবে, ঘাবড়ে যাওয়ার দরকার নেই...ভারতকে গণতন্ত্রের জননী বলা হয়, সেখানে বিবর্তন আছে...আমি সংসদের বিশেষ অধিবেশনের এজেন্ডা নিয়ে আলোচনা করব।'

ভারতে কোভিড-সংক্রমণ কমে পৌঁছল ৪৯-এ; ২৪ ঘন্টায় সুস্থ ৭১ জন, ফের মৃত্যু-শূন্য

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর (হি.স.): ভারতে করোনার দৈনিক সংক্রমণ ফের একটু কমল, বিগত ২৪ ঘন্টায় দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন ৪৯ জন। বৃহস্পতিবার সারাদিনে ভারতে করোনায় মৃত্যু হয়নি কারও। এই সময়ে সুস্থ হয়েছেন ৭১ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা এই মুহূর্তে ১,৪৯৮ এবং মৃত্যুর সংখ্যা ৫,৩১,৯৩০।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৬৩,৭৮৮ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ৩১ আগস্ট সারা দিনে ভারতে ২০,২৪৪ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। টিকা প্রাপকের সংখ্যা বেড়ে ২২০,৬৭,৬৭, ৮৫২-তে পৌঁছেছে।

বিহারের ভোজপুরে দুটি বাইকের মুখোমুখি সংঘর্ষে মৃত ৩, গুরুতর আহত ৪ জন

পাটনা, ১ সেপ্টেম্বর (হি.স.): বিহারের ভোজপুরে দুটি বাইকের মধ্যে মুখোমুখি সংঘর্ষে তিনজনের মৃত্যু হয়েছে। ঘটনাটি ঘটেছে, বিহারের ভোজপুর জেলার আরা-সাসারাম রাজ্য সড়কের চরপোখারি থানার অন্তর্গত সেমরাও গ্রামে। দুর্ঘটনায় ৪ জন গুরুতর আহত হয়েছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, নিহতরা হল সোনু সাহ ও তাঁর ১০ বছরের শিশু, এবং ওম প্রকাশ নামক আর এক ব্যক্তি।

দেশের ভালোর জন্য আমরা লড়াই করছি : মমতা বন্দ্যোপাধ্যায়

মুম্বই, ১ সেপ্টেম্বর (হি.স.): 'দেশের ভালোর জন্য আমরা লড়াই করছি', শুক্রবার 'ইন্ডিয়া'' জোটের দ্বিতীয় দিনের বৈঠকের প্রাক্কালে বললেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ও তৃণমূল কংগ্রেস সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। শুক্রবার সকালে মুম্বইয়ের গ্র্যান্ড হায়াত হোটেলে সাংবাদিকদের নানা ধরনের প্রশ্নের মধ্যেই, মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন, 'দেশের ভালোর জন্য আমরা লড়াই করছি।''ইন্ডিয়া'' জোটের দ্বিতীয় দিনের বৈঠকে যোগ দিতে এদিন এসেছেন কংগ্রেসের সোনিয়া গান্ধী, মল্লিকার্জুন খাড়গে, রাহুল গান্ধী, পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান, সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদব, ন্যাশনাল কনফারেন্সের ফারুক আব্দুল্লাহ, ওমর আবব্দুল্লাহ প্রমুখ। দ্বিতীয় দিনের বৈঠকে যোগ দিতে এসেছেন আরজেডির লালুপ্রসাদ যাদব, তেজস্বী যাদবও।

পুলিশ দিবসে প্রতিটি পুলিশকে শুভেচ্ছা মমতা বন্দ্যোপাধ্যায়ের

কলকাতা, ১ সেপ্টেম্বর (হি. স.) : পুলিশ দিবসে প্রতিটি পুলিশকে শুভেচ্ছা জানালেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর মমতা বন্দ্যোপাধ্যায়।

শুক্রবার তিনি টুইটারে লিখেছেন, "পুলিশ দিবসে, আমি প্রতিটি পুলিশ সদস্যকে তাদের অক্লান্ত সেবার জন্য আন্তরিক অভিনন্দন জানাই। আমাদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য আপনি প্রতিদিনের ত্যাগ স্বীকারের জন্য আমি আপনার এবং আপনার পরিবারের সকলের কাছে গভীরভাবে কৃতজ্ঞ।"

প্রসঙ্গত, জাতীয় পুলিশ দিবস ভারতে ৩১ অক্টোবর পালিত হলেও পশ্চিমবঙ্গে দিবসটি পালিত হয় ১ সেপ্টেম্বর। মূলত করোনাকালে পুলিশের কাজের স্বীকৃতি হিসাবেই মুখ্যমন্ত্রী এই দিবস ঘোষণা করেছেন।

মুম্বাইয়ে বিরোধীদের বৈঠককে তোপ তথাগতর

কলকাতা, ১ সেপ্টেম্বর (হি. স.) : মুম্বাইয়ে বিরোধীদের বৈঠককে টুইটারে তোপ দাগলেন প্রাক্তন রাজ্যপাল তথাগত রায় এবং বিজেপি-র আইনজীবী নেতা তরুণজ্যোতি তিওয়ারি।

তথাগতবাবু লিখেছেন, "ক্লাউনদের দল যারা নিজেদের আইএনডিআইএ. বলছেন, তাঁরা ভালো করেই জানেন দেশ তাঁদের ভোট দিয়ে ক্ষমতায় আনবে না। কারণ তাঁরা একজন প্রধানমন্ত্রী প্রার্থীকে বাদ দিন, একজন আহ্বায়কও নির্বাচন করতে পারছেন না। একই কারণে পশ্চিমবঙ্গ বিজেপিকে ভোট দেবে না যতক্ষণ না (রাজ্যে বিজেপির একটা মুখ তৈরি হয়)।

অন্যদিকে ভারতীয় যুব জনতা মোর্চার রাজ্য সহ সভাপতি তথা আইনজীবী তরুণজ্যোতি তিওয়ারি টুইটারে লিখেছেন, "তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেসের জোটের বৈঠকে সীতারাম ইয়েচুরি ক্যাটারিং এর অর্ডার পেয়েছিল মনে হয়।।

তারা নাকি তৃণমূলের সাথে কোন রকম জোটে নেই..... আজব সার্কাস দল একটা।।"

ভারতের প্রবৃদ্ধির উচ্চ হার, বিরোধী জোটের বৈঠককে একহাত শুভেন্দুর

অশোক সেনগুপ্ত

কলকাতা, ১ সেপ্টেম্বর (হি. স.) : ভারতকে বিশ্বের সবচেয়ে দ্রুত বর্ধনশীল প্রধান অর্থনীতির দেশ বলে চিহ্নিত করে মুম্বাইয়ের পাঁচতারা হোটেলে বিরোধী জোটের বৈঠককে একহাত নিলেন পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

শুক্রবার তিনি টুইটারে লিখেছেন, "চিত্তাকর্ষক জিডিপি বৃদ্ধি আমাদের দেশকে বিশ্বের সবচেয়ে দ্রুত বর্ধনশীল প্রধান অর্থনীতিতে পরিণত করছে। এটি মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীজি-র সাহসী ও দূরদর্শী নেতৃত্বের প্রতিফলন।"

তিন মাসের (এপ্রিল-জুন, ২০২৩) গ্রস ডোমেস্টিক প্রোডাক্টে মার্কিন যুক্তরাষ্ট্র, রাশিয়া ও ইন্দোনেশিয়ার প্রবৃদ্ধির হার যথাক্রমে ২.৪, ৪.৯ ও ৫.২। জাপান, চিন ও ভারতের হার যথাক্রমে ৬.০, ৬.৩ ও ৭.২। এই লেখচিত্র যুক্ত করে শুভেন্দুবাবু লিখেছেন, "মুম্বাইয়ের গ্র্যান্ড হায়াত হোটেলে প্রচার করা হতাশাবাদীরা অবশ্যই হতাশায় তাঁদের মাথা খোঁচাচ্ছে। কারণ উচ্চ জিডিপি প্রবৃদ্ধি অর্থনীতি সম্পর্কে তাদের জাল আখ্যানকে ভেঙ্গে ফেলে এবং বিকল্প হিসাবে নিজেদের উপস্থাপন করার তাদের প্রচেষ্টাকে বাতিল করছে।"

মধ্যপ্রদেশ : সেপ্টেম্বর মাসের প্রথম কর্মদিবসে রাষ্ট্রবন্দনা ও জাতীয় সঙ্গীতে গলা মেলালেন আমলারা

ভোপাল, ১ সেপ্টেম্বর (হি.স.): মধ্যপ্রদেশ সরকারের নির্দেশ অনুসারে সেপ্টেম্বর মাসের প্রথম সরকারি কর্মদিবস অর্থাৎ শুক্রবার ক্যাবিনেটে সর্দার বল্লভভাই প্যাটেল পার্কে রাষ্ট্রবন্দনা 'বন্দে-মাতরম' এবং জাতীয় সঙ্গীত 'জন-গণ-মন' গাওয়া হয়। এই উপলক্ষে পুলিশ ব্যান্ড দেশভক্তির ওপর ভিত্তি করে একটি সুমধুর সুর পরিবেশন করে। মন্ত্রনালয়ে জাতীয় সঙ্গীত গাওয়া উপলক্ষ্যে যে অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল সেখানে উপস্থিত ছিলেন অনেকে। তারা হলেন, সাতপুরা এবং বিন্ধ্যাচল ভবনের মুখ্য সচিব ইকবাল সিং বেন্স, অতিরিক্ত মুখ্য সচিব বিনোদ কুমার, জেএন কানসোটিয়া, রাজেশ রাজৌরা, অশোক বার্নওয়াল, এসএন মিশ্র, মলয় শ্রীবাস্তব, অজিত কেশরি, কেসি গুপ্ত এবং প্রধান সচিব নীরজ মান্ডলোই। এনারা ছাড়াও মন্ত্রাণালয়ে অফিসার ও কর্মচারীরাও এই গান গায়।

উল্লেখ্য, মধ্যপ্রদেশ সরকারের নির্দেশ অনুসারে প্রতি মাসের প্রথম কর্মদিবসে মন্ত্রণালয়ে সম্মিলিতভাবে বন্দে-মাতরম গান গাওয়া হয়।

ভারতের সবচেয়ে ভালর জন্যই লড়াই 'ইন্ডিয়া'র, দাবি মমতার

মুম্বাই, ১ সেপ্টেম্বর (হি. স.) : ভারতের সবচেয়ে ভাল করার লক্ষ্যেই বিরোধী জোট 'ইন্ডিয়া'র লড়াই। মুম্বইয়ে বৈঠকে ঢোকার আগে এমনটাই জানালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

সংবাদমাধ্যমের সামনে তিনি বলেন, "দেশের যাতে সবচেয়ে ভাল হয়, তার জন্যই আমরা লড়াই করছি।"

মন্তব্যটি করেই বৈঠকস্থলে ঢুকে পড়তে দেখা যায় মুখ্যমন্ত্রীকে।মহাজোটের মহাবৈঠকে যোগ দিতে গ্র্যান্ড হায়াত হোটেলে একে একে জড়ো হন নেতানেত্রীরা।

উল্লেখ্য, বহু জল্পনায় জল ঢেলে দিয়ে এদিন প্রতীক প্রকাশ হচ্ছে না বলে শেষ মুহূর্তে জানা যায়।

শিবসেনার রাজ্যসভা সদস্য সঞ্জয় রাউত নিশ্চিত করে বলেন, জোটের একটি অতি গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে লোগো। আমাদের আলোচনায় এ বিষয়ে কথা হয়েছে। তবে আজই তা প্রকাশ করা হচ্ছে না।

ভারত হিন্দুরাষ্ট্র, এদেশে বসবাসকারী প্রত্যেক নাগরিকই হিন্দু : মোহন ভাগবত

নাগপুর, ১ সেপ্টেম্বর (হি.স.) : ফের ভারতকে হিন্দুরাষ্ট্র বলে জোড়াল দাবি করলেন রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘের সরসঙ্ঘচালক ড় মোহন ভাগবত। সেই সঙ্গে এদেশে বসবাসকারী সকলকেই হিন্দু বলে উল্লেখ করেন তিনি। শুক্রবার নাগপুরে আরএসএস প্রধান বলেন, ভারত হিন্দুরাষ্ট্র। তাই এদেশে বসবাসকারী প্রত্যেক নাগরিকই হিন্দু। সমস্ত ভারতবাসীর হয়েই প্রতিনিধিত্ব করে হিন্দু ধর্ম। এদিন তিনি আরও বলেন, এই কথাগুলি বুঝতে পেরেও মানতে চান না দেশবাসীর একটা বড় অংশ। কারণ তাঁরা স্বার্থপর।

শুক্রবার নাগপুরের দৈনিক তরুণ ভারত সংবাদপত্রের একটি ভবন উদ্বোধনের অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন আরএসএস প্রধান। সেখানেই বক্তৃতা দেওয়ার সময়ে বলেন, "হিন্দুস্তান তথা ভারত হল হিন্দুরাষ্ট্র। এটাই সত্যি। তাই সব ভারতীয়রাই হিন্দু। আর হিন্দু মানেই সকল ভারতীয়কে বোঝানো হয়। আজ যতজন মানুষ ভারতে বসবাস করেন তাঁরা সকলেই হিন্দু সংস্কৃতির সঙ্গে জড়িত। হিন্দু রাষ্ট্র থেকে হিন্দু পূর্বসূরি, সমস্ত কিছুর সঙ্গেই হিন্দুত্বের যোগসূত্র রয়েছে।"

তিনি আরও বলেন, "সকলেই এই সার বিষয়টি বুঝতে পেরেছেন। কিন্তু অনেকেই এটা অস্বীকার করেন। দীর্ঘদিনের অভ্যাসবশত নিজেদের হিন্দু বলে পরিচয় দেননা তাঁরা। আবার কেউ কেউ স্বার্থপর। কেউ আবার এখনও বুঝতেই পারেননি তাঁরা হিন্দুরাষ্ট্রের অন্তর্ভুক্ত।"

এদিনের অনুষ্ঠানে সাংবাদিকতার ধরণ নিয়েও মুখ খোলেন ভাগবত। আরএসএস প্রধানের মতে, "সমস্ত রকমের খবরই মানুষের কাছে পৌঁছে দেওয়া উচিত। সঠিক তথ্য জানাতে হবে মানুষকে। কিন্তু তার পাশাপাশি নিজেদের আদর্শকেও বজায় রাখতে হবে। গোটা দুনিয়াই হিন্দু আদর্শকে সমাদর করে কারণ এর কোনও বিকল্প নেই।"প্রসঙ্গত, আগেও একাধিকবার ভাগবতের মুখে শোনা গিয়েছে হিন্দুরাষ্ট্রের দাবি। তাঁর মতে, জিনগতভাবেই প্রত্যেক ভারতবাসী হিন্দু ধর্মাবলম্বী।

বিদেশী মুদ্রা সহ গ্রেফতার ১ বিদেশী

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর (হি.স.) : দিল্লির ইন্দিরা গান্ধী ইন্টারন্যাশন্যাল বিমানবন্দর থেকে বিপুল পরিমান বিদেশী মুদ্রা সহ এক বিদেশী গ্রেফতার। ধৃত উজবেক নাগরিকদিল্লি থেকে দুবাইয়ের দিকে যাচ্ছিল। ডলার সহ ওই ব্যক্তিকে শুল্ক দফতরের হাতে তুলে দিয়েছে সিআইএসএফ।

তদন্তে জানা গেছে ধৃত ব্যক্তির নাম মিরজালোল জারায়েভ। অতিরিক্ত বিদেশী মুদ্রা রাখার অভিযোগে তাকে আটক করেছে সিআইএসএফ। দিল্লি থেকে দুবাইয়ের দিকে যাচ্ছিল ধৃত উজবেক নাগরিক। তাকে জেরা করে তার কাছে থেকে বিপুল পরিমানে ডলার উদ্ধার করে সিআইএসএফ। যার মূল্য আনুমানিক ২.৫২ কোটি টাকা। যদিও এই বিপুল পরিমান অর্থ রাখার জন্য সঠিক কাগজ দেখাতে পারেনি সে। ডলার সহ ওই ব্যক্তিকে শুল্ক দফতরের হাতে তুলে দেওয়া হয়।

পুলিশ দিবস উপলক্ষে ম্যারাথনের আয়োজন পুরুলিয়া জেলা পুলিশের

পুরুলিয়া, ১ সেপ্টেম্বর (হি.স.) : প্রতিবছর ১ সেপ্টেম্বর দিনটি পুলিশ দিবস হিসেবে পালন করা হয় রাজ্যে। সারা রাজ্যের সঙ্গে পুরুলিয়ায় পালিত হল পুলিশ দিবস । পুলিশ দিবস উপলক্ষে শুক্রবার পুরুলিয়া জেলা পুলিশের তরফ থেকে ম্যারাথন দৌড়ের আয়োজন করা হয়।

এদিন ৭ কিলোমিটারের এই ম্যারাথন দৌড় প্রতিযোগিতার উদ্বোধন করেন পুরুলিয়া জেলা পুলিশ সুপার অভিজিৎ বন্দ্যোপাধ্যায়। বেলগুমা পুলিশ লাইনে শুরু হয়ে রাঁচি রোড হয়ে,পুরুলিয়া সার্কিট হাউস, সাহেব বাঁধ , ভিক্টোরিয়া স্কুল মোড় হয়ে আবার বেলগুমা পুলিশ লাইনে দৌড় শেষ হয়। প্রতিযোগিতায় চূড়ান্ত স্থানাধিকারীদের জেলা পুলিশের পক্ষ থেকে আর্থিক পুরস্কার ও বিশেষ ট্রফি দিয়ে সম্মানিত করা হয়।

বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

বিজ্ঞাপন বিভাগ
জাগরণ

জরুরী পরিষেবা

হাসপাতাল : জিবি : ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

ধূপগুড়িতে ফের সেলিমের মুখে মোদী-মমতা সমঝোতা-তত্ত্ব

জলপাইগুড়ি, ১ সেপ্টেম্বর (হি. স.) : "ভাইপোকে কেন বিদেশে যেতে সুযোগ করে দেওয়া হচ্ছে?" এই প্রশ্ন তুলে কার্যতই ধূপগুড়িতে প্রচারে গিয়ে ফের মোদী-মমতা সশঝোতা-তত্ত্ব নিয়ে নিশানা করলেন সিপিএম নেতা মহম্মদ সেলিম।

মূলত কয়লা পাচার মামলা নিয়ে ইতিমধ্যেই বন্দ্যোপাধ্যায় পরিবারকে ঘিরে বিতর্কের ঝড় উঠেছে। একাধিকবার কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার তলবের মুখে পড়েছেন সস্ত্রীক অভিষেক বন্দ্যোপাধ্যায়। এমন কি বাদ যাননি তাঁর শ্যালিকাও। এরই মাঝে সম্প্রতি চিকিৎসার কারণে বিদেশ গিয়েছিলেন

অভিষেক বন্দ্যোপাধ্যায়। যা নিয়ে ফের জল ঘোলা হয়। আর এদিন সেই ইস্যু তুলেই নাম না করেই সেলিম তোপ দাগেন।তিনি আরও বলেন, "অনেক সাংসদ আছে, তাঁরা বিজেপির না তৃণমূলের কেউ জানে না। দুর্নীতি হলে ইডি-সিবিআই ডাকবে, আদালত বলবে কেন তদন্ত এগোচ্ছে না। রায়গঞ্জের এইমস মোদী-দিদি সেটিংয়ের কারণে কল্যাণীতে চলে গেছে। তৃণমূলে যারা পচে গেছে, তারাই দিল্লিতে গিয়ে বিজেপি হয়েছে। লুঠের টাকা বিজেপি ও তৃণমূল নেতাদের অ্যাকাউন্টে ঢুকেছে", ধূপগুড়ি উপনির্বাচনের প্রচারে গিয়ে তৃণমূল-বিজেপিকে একযোগে আক্রমণ মহম্মদ সেলিমের।

মথার

● প্রথম পাতার পর

দলের কোনো সিদ্ধান্ত দলীয় কর্মীদের উপর দেওয়া হবে না বলে জানিয়েছেন তিনি।

এদিকে গোটা বিষয়টি নিয়ে সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী প্রতিক্রিয়া দিতে গিয়ে বলেন, এটা তিপ্রা মথা দলের একটা স্ট্রেটাজি হতে পারে। তবে তিপ্রা মথা দলের সমর্থন তাদের সঙ্গেই রয়েছে। অন্যদিকে শাসক দল বিজেপি নির্বাচনী প্রচারে জনজাতিদের সমর্থন তাদের সঙ্গে রয়েছে বলে দাবি করছেন। ফলে জনজাতিদের সমর্থন আদতে কার সঙ্গে রয়েছে সেটা প্রশ্ন থেকেই যাচ্ছে। এই উপ নির্বাচনেও উপজাতিদের সমর্থন ফলাফলে বিশেষ ভূমিকা রাখবে বলেই ধারণা রাজনৈতিক মহলের।

চালককে গ্রেপ্তার

● প্রথম পাতার পর

যান। রোগীকে হাসপাতালে পৌঁছে দিয়ে ফেরার পথে বিশালগড় থানায় অভিযোগ করতে আসলে অ্যাম্বুলেন্স চালককেই আটকে ফেলে পুলিশ। পুলিশের বক্তব্য তদন্ত পরে হবে অ্যাম্বুলেন্সে চালক নিজেও নেশাগ্রস্ত অবস্থায় ছিলেন এমনই অভিযোগ। তাই ওই সরকারি চালককে আটক করা হয়েছে। অ্যাম্বুলেন্সও বাজেয়াপ্ত করেছে বিশালগড় থানার পুলিশ। রোগী নিয়ে অ্যাম্বুলেন্স আগে ছুটে যাবে এটাই স্বাভাবিক। যদিও এম্বুলেন্সে হামলাকারী কাউকে গ্রেফতার করতে পারেনি বিশালগড় থানার পুলিশ।

পরিষেবা

● প্রথম পাতার পর

পারে বলে খবর। সূত্রের দাবি আগরতলা থেকে চিটাগাং আকাশ পথে ভাড়া হতে পারে চার থেকে সাড়ে চার হাজার টাকা। আগরতলা বিমান বন্দর সূত্রে জানা গেছে বিষয়টি এখনো চূড়ান্ত হয়নি। তবে ১৭ সেপ্টেম্বর এই আগরতলা- চিটাগাং বিমান পরিষেবা শুরু হওয়ার সম্ভাবনা প্রবল।

কমিটি গড়ল কেন্দ্র

● প্রথম পাতার পর

এর সাধারণ সম্পাদক ডি রাজা বলেছেন, 'রাজনৈতিক দল ও সংসদের সঙ্গে আলোচনা ছাড়া সরকার কীভাবে একতরফা সিদ্ধান্ত নিতে পারে?' ঝাড়খণ্ড কংগ্রেসের প্রধান রাজেশ ঠাকুর বলেছেন, 'পাঁচ রাজ্যে নির্বাচন ঘনিয়ে এসেছে এবং প্রধানমন্ত্রীর চেয়ার বিপদে পড়েছে। তাঁরা "এক দেশ এক নির্বাচনের" কথা বলে, কিন্তু এই দেশ শুধুমাত্র একজনের নয়।' উদ্ধব ঠাকরে শিবিরের নেতা সঞ্জয় রাউত বলেছেন, 'দেশ এমনিতেই এক, কেউ কি এ নিয়ে প্রশ্ন করছেন? আমরা "এক দেশ এক নির্বাচন" নয়, সুষ্ঠু নির্বাচন চাই। আমাদের সুষ্ঠু নির্বাচনের দাবি থেকে মনোযোগ সরাতে "এক দেশ এক নির্বাচন" এই ফান্ডা আনা হচ্ছে।'

উল্লেখ্য, গত বাদল অধিবেশনে রাজ্যসভায় কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুনরাম মেঘওয়াল জানিয়েছিলেন, 'এক দেশ এক ভোট' চালু করার জন্য আইন কমিশনের দ্বারস্থ হচ্ছে কেন্দ্র। তিনি বলেন, "এর ফলে যে বিপুল অর্থের সাশ্রয় হবে, তা রাজনৈতিক দলের প্রার্থীদের প্রচারে ব্যয় হতে পারে। এই নীতি কার্যকর হলে উন্নয়নমূলক প্রকল্পের গতিও বাড়বে।" প্রসঙ্গত, বৃহস্পতিবার কেন্দ্রীয় সংসদীয় মন্ত্রী প্রহ্লাদ জোশী আগামী ১৮ সেপ্টেম্বর থেকে পাঁচ দিনের জন্য সংসদের বিশেষ অধিবেশন ডাকার কথা ঘোষণা করেছেন। সেখানে অভিন্ন দেওয়ানি বিধির পাশাপাশি 'এক দেশ এক ভোট' সংক্রান্ত বিল পাশ করানো হতে পারে বলে জল্পনা রয়েছে। বিশেষ অধিবেশনেই রাষ্ট্রপতি কোবিন্দের নেতৃত্বাধীন কমিটি রিপোর্ট পেশ করতে পারে।

মুখ্যমন্ত্রী

● আটের পাতার পর

হাসপাতালের মেডিকেল সুপার ডা: শঙ্কর চক্রবর্তী, ডেপুটি সুপার ডা: কনক চৌধুরী সহ অন্যান্য দায়িত্বপ্রাপ্ত আধিকারিকগণ। পরিদর্শনের সময় মুখ্যমন্ত্রীকে হাসপাতালের পরিকাঠামো ও পরিষেবা সম্পর্কিত বিভিন্ন বিষয়ে অবগত করেন জিবির মেডিকেল সুপার ও ডেপুটি সুপার। এদিন জিবির একাধিক গুরুত্বপূর্ণ স্বাস্থ্য বিভাগ সরেজমিনে ঘুরে দেখেন মুখ্যমন্ত্রী। মেডিসিন ওয়ার্ড থেকে শুরু করে ইমাজেন্সি ওয়ার্ড সহ অত্যাধুনিক মেশিনপত্রও চাক্ষুষ করেন। কথা বলেন হাসপাতালে চিকিৎসারত রোগী ও তাদের পরিজনদের সঙ্গেও। এছাড়া জিবির চিকিৎসা পরিষেবার আরো উন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের গুরুত্বপূর্ণ নির্দেশ দেন মুখ্যমন্ত্রী ডা: সাহা।

ডেপুটেশন

● আটের পাতার পর

এমনকি এন এইচ আই ডি সি এলের দায়িত্ব প্রাপ্ত কুন্দনও একই ভাবে এড়িয়ে যাচ্ছেন। ফলে কাঞ্চনপুর থেকে লালছড়া পর্যন্ত ডাবল লেনের এই গুরুত্বপূর্ণ রাস্তার স্থায়িত্ব নিয়ে প্রশ্ন উঠেছে। জেকেএম ইনফ্রা ওয়ার্ক এল এল পি ইপিসি ঠিকাদার সংস্থা হিসাবে কাজ করলেও কাজের সুপারভিশন করছে ভারত সরকারের রোড এন্ড ট্রেন্সপোর্ট সংস্থা এন এইচ আই ডি সি এল।

এদিকে জাতীয় সড়কে নিম্নমানের কাজের জন্য মূলত দেখা যাচ্ছে চলতি বর্ষাতেই বৃষ্টির জলে রাজ্যের বিভিন্ন এলাকায় মূল সড়কগুলি বড় বড় ফাটল তৈরি করে সম্পূর্ন সড়ক বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে। কোন কোন ক্ষেত্রে নির্মাণের ছয় মাসের মধ্যেই সাধারণ বর্ষার জলে তলিয়ে যাচ্ছে সড়ক। অথচ হাজার হাজার কোটি কোটি টাকা খরচ করা হয়েছে এই সড়ক নির্মাণের জন্য। যদি কেন্দ্রীয় সরকারের সংস্থায় এমন দুর্নীতি চলছে থাকে তাহলে আগামীতে রাজ্যের নাগরিকের জন্য চরম দুর্ভোগে অপেক্ষা করছে বলে তথ্য বিজ্ঞমহল মনে করছেন। ফলে ঘটনা গুলো প্রকাশ্যে আসতেই জনমনে ক্ষোভের সৃষ্টি হচ্ছে। তাই সড়ক নির্মাণের দুর্নীতির অভিযোগে আজকের এই ডেপুটেশন জনগণের পুঞ্জিভূত ক্ষোভেরই আংশিক বহিঃপ্রকাশ ঘটছে বলে মনে করছেন প্রশাসনের একাংশ।

এবিষয়ে ডেপুটেশনে দিয়ে স্থানীয়দের পক্ষে গৌতম দাস জানান সড়কটি কাঞ্চনপুরের জনগণের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ লাইফ লাইন।ত্বএই সড়ক দিয়ে সহজেই মহকুমা থেকে রাজধানীর আগরতলার সঙ্গে যোগাযোগ হয়। এই সড়কের প্রয়োজনীয়তা বিচার করে কেন্দ্রীয় সরকার কোটি কোটি টাকা বরাদ্দ করেছে। কিন্তু সড়কটি এতোই নিম্নমানের কাজ হচ্ছে যাকিনা পরবর্তীতে মহকুমাবাসীকেই দুর্ভোগ পোহাতে হবে। তাই কিছুতেই সড়ক নির্মাণে দুর্নীতিকে প্রশ্রয় দেওয়া হবে না। প্রশাসন পদক্ষেপ না নিলে আন্দোলন হবে বলে হুশিয়ারি দিয়েছেন স্থানীয়রা।

বিলোনিয়ায় আয়ুষ্মান ভারত স্কুল হেলথ এন্ড ওয়েলনেস প্রোগ্রামের প্রশিক্ষণ শিবির

নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ১ সেপ্টেম্বর।। আজ আয়ুষমান ভারত স্কুল হেলথ এন্ড ওয়েলনেস প্রোগ্রাম অনুষ্ঠিত হয় বিলোনীয়ায়, রাষ্ট্রীয় কিশোর কিশোরী স্বাস্থ্য কার্যক্রমের অঙ্গ হিসাবে শুক্রবার বেলা একটায় বিলোনীয়া পুরাতন টাউন হলে দক্ষিণ ত্রিপুরা জেলার ৩২০ টি স্কুলের প্রধান শিক্ষক সহ আরো ১ জন করে শিক্ষক নিয়ে এই প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। অতিথিগণ প্রশিক্ষণ শিবিরে আলোচনা রাখতে গিয়ে বলেন শিক্ষার পাশাপাশি প্রত্যেক ছাত্র ছাত্রী দের স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন বিষয়ে সচেতন করে তোলার জন্য তাদের ভূমিকা অপরিসীম, পাশাপাশি এও বলেন যাতে করে প্রত্যেক স্কুলের প্রধান শিক্ষক ওনাদের স্কুলে ছাত্র ছাত্রীদের মধ্যে স্বাস্থ্য সচেতন করার ক্ষেত্রে বিশেষ উদ্যোগী ভূমিকা গ্রহন করেন। তার জন্য স্বাস্থ্য দপ্তর যে কোন ধরনের সহযোগিতা করতে প্রস্তুত , শিক্ষার সাথে স্বাস্থ্য ভালো রাখতে হবে তাহলে একজন ছাত্র বা ছাত্রী সচেতন নাগরিক হিসেবে নিজেকে গড়ে তুলতে পারবে এবং আগামীর ভবিষ্যৎ হিসাবে দেশ গড়ার দায়িত্ব পালন করবে। প্রদীপ প্রজ্বলন করে অনুষ্টানের সূচনা করেন দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের সভাধিপতি শ্রীমতি কাকলি দাস দত্ত এছাড়াও সাথে ছিলেন সহ সভাধিপতি বিভীষণ চন্দ্র দাস, বিলোনীয়া পুরপরিষদের চ্যায়ারপার্সন নিখিল চন্দ্র গোপ, দক্ষিণ ত্রিপুরা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ সুব্রত দাস, শিক্ষা দপ্তরের আধিকারিক সহ অন্যান্য অতিথিগন।

পূর্ণ গতিতে চলছে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের বৈদ্যুতিকীকরণের কাজ

গুয়াহাটি, ১ সেপ্টেম্বর (হি.স.) : ফসিল ফুয়েলের উপর নির্ভরশীলতা হ্রাস করার উদ্দেশ্যে ভারতীয় রেলওয়ে বিশ্বের মধ্যে সর্ববৃহৎ "গ্রিন রেলওয়ে" হিসেবে গড়ে ওঠার লক্ষ্যে মিশন মোডে কাজ করছে। সম্পূর্ণ বৈদ্যুতিকীকরণের এক প্রচেষ্টায়, উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে ১৭৮৮.৫৮৪ আরকেএম (রুট কিলোমিটার)-এর বৈদ্যুতিকীকরণ অর্জন করতে সক্ষম হয়েছে, যা শূন্য কার্বন নির্গমন অর্জন করার লক্ষ্যের একটি অংশ হিসেবে সমগ্র নেটওয়ার্কের মোট ৪৩৪৮ আরকেএম-এর ৪১.১৩ শতাংশ। এই জোনটি ২০২৩-এর ডিসেম্বর মাসের মধ্যে নিজেদের সমগ্র রুট কিলোমিটার বৈদ্যুতিকীকরণ করার পরিকল্পনা করেছে।

উত্তর পূর্বাঞ্চলীয় রাজ্যগুলিতে মোট ২৯৭৫.২৩ কিমি রুটের বৈদ্যুতিকীকরণ করা হবে। উত্তর পূর্বাঞ্চলের মোট বৈদ্যুতিকীকরণ রুটের মধ্যে অসমের ৭৪৮.৪০৯ কিমি এবং মেঘালয়ের ৯.৫৮ কিমি ইতিমধ্যেই সম্পূর্ণ হয়েছে। ২০২৩-এর মার্চ মাসে মেঘালয় প্রথমবারের জন্য ইলেকট্রিক ট্রেন লাভ করে। এছাড়াও, উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের অধিক্ষেত্রের অন্তর্গত বিহারে ২৮৫.৮৬৯ কিমি ও পশ্চিমবঙ্গে ৭৪৪.৭২৬ কিমি বৈদ্যুতিকীকরণ ইতিমধ্যে সম্পূর্ণ হয়েছে।বৈদ্যুতিকীকরণের কাজ আরও দ্রুতগতিতে সম্পন্ন করার জন্য ইন্ডিয়ান রেলওয়ে কনস্ট্রাকশন ইন্টারন্যাশনাল লিমিটেড (ইরকন), রেল ইন্ডিয়া টেকনিক্যাল অ্যান্ড ইকোনমিক সার্ভিস (রাইট), উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে/ কনস্ট্রাকশন এবং সেন্ট্রাল অর্গানাইজেশন ফর রেলওয়ে ইলেকট্রিফিকেশন (ক""র) উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের বৈদ্যুতিকীকরণের কাজ পর্যায় ক্রমিকভাবে সম্পাদন করছে। কয়েকটি মেজর সেকশনের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে আলিপুরদুয়ার ডিভিশনের নিউ কোচবিহার-গোলোকগঞ্জ-ধুবড়ি (৭৮ আরকেএম), তিনসুকিয়া ডিভিশনের সিমলুগুড়ি-ডিব্রুগড় (৯৭ আরকেএম), লামডিং ডিভিশনের কাটাখাল-ভৈরবী (৮৪ আরকেএম), কাটিহার ডিভিশনের রানিনগর-জলপাইগুড়ি-হলদিবাড়ি (৩১ আরকেএম) ও রঙিয়া ডিভিশনের হেলেম-হারমতি-নাহরলগুন (৭৯ আরকেএম)।বৈদ্যুতিকীকরণের ফলে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের মধ্যে ট্রেনের গতিশীলতাকে উল্লেখযোগ্যভাবে উন্নত করবে এবং উত্তর পূর্বাঞ্চলীয় রাজ্যগুলিতে রেল নেটওয়ার্ক শক্তিশালী হবে। অতিরিক্তভাবে ফসিল ফুয়েল থেকে বৈদ্যুতিকে রূপান্তরিত হওয়ায় দূষণ হ্রাস পাবে, রেলওয়ের আর্থিক কর্মদক্ষতারও উন্নতি ঘটবে। এছাড়াও বৈদ্যুতিকীকরণের ফলে ট্রেনগুলির সুগম চলাচলে সুবিধা হবে এবং ট্রেনগুলির গড় গতিও বৃদ্ধি পাবে, যার পরিণামস্বরূপ ট্রেন চলাচলের ক্ষেত্রে সময়ানুবর্তিতা মেনে চলা সম্ভব হবে।

গাজোলে পঞ্চায়েত সমিতি গঠনে তৃণমূলের গোষ্ঠীকোন্দলে জখম একাধিক

গাজোল, ১ সেপ্টেম্বর (হি. স.) : শুক্রবার ছিল মালদার গাজোল পঞ্চায়েত সমিতির স্থায়ী সমিতি গঠনের কাজ। সেই পঞ্চায়েত সমিতির স্থায়ী সমিতি গঠনকে কেন্দ্র করে রণক্ষেত্রের চেহারা নিল গাজোল ব্লক ক্যাম্পাস। তৃণমূল কংগ্রেস এবং তৃণমূলের শাখা সংগঠন জয় হিন্দ বাহিনীর সদস্যদের মধ্যে তুমুল সংঘর্ষ বাঁধে। মারধরে দুই গোষ্ঠীর বেশ কয়েকজন জখম হয়। এদের মধ্যে একজনের আঘাত গুরুতর হওয়ায় তাঁকে মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়েছে। এছাড়া বাকিদের প্রাথমিক চিকিৎসা করা হয়েছে।

এদিকে ঘটনাকে কেন্দ্র করে করলা ভিটা এলাকার এক তৃণমূল কর্মীর বাড়ি ভাঙচুর করে জয় হিন্দ বাহিনীর সদস্যরা। ঘটনাকে কেন্দ্র করে গাজোলের বিভিন্ন জায়গায় জয় হিন্দ বাহিনী এবং তৃণমূলের কর্মী সমর্থকরা জমায়েত হতে থাকে। যদিও পুলিশ ঘটনাস্থলে গিয়ে দুই পক্ষকেই ছত্রভঙ্গ করে দেয়।

প্রসঙ্গত, এদিন ছিল গাজোল পঞ্চায়েত সমিতির স্থায়ী সমিতি গঠনের কাজ। পঞ্চায়েত সমিতির মোট আসন ৪৫। এরমধ্যে তৃণমূলের দখলে আছে ২৪টি আসন। বিজেপির দখলে ১ টি আসন। বাম কংগ্রেস জোটের দুটি এবং নির্দল একটি আসনে জয়ী হয়েছে। এছাড়াও স্থায়ী সমিতি গঠনে ভোট দেবে ১৫টি গ্রাম পঞ্চায়েত প্রধান, ৩ জন জেলা পরিষদ সদস্য, সাংসদ এবং বিধায়ক। সব মিলিয়ে ভোটারের সংখ্যা ৬৫। নির্দিষ্ট সময়ের মধ্যে সকলেই পৌঁছে যান পঞ্চায়েত সমিতি দফতরে। সুষ্ঠু ভাবেই চলছিল স্থায়ী সমিতি গঠনের প্রক্রিয়া। মোতায়েন ছিল বিশাল পুলিশ বাহিনী। এরই মধ্যে তুলসীডাঙ্গা এলাকার একদল জয় হিন্দ বাহিনীর কর্মী সমর্থকেরা ঢুকে পড়ে ব্লক ক্যাম্পাস চত্বরে। অন্যদিকে ভিড় করে দাঁড়িয়েছিল তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকরা। কথা কাটাকাটি হতেই দুপক্ষের মধ্যে তুমুল সংঘর্ষ বেঁধে যায়। পুলিশ প্রথমে বুঝিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে। কিন্তু তাতে কাজ না হওয়ায় শুরু হয় বেধড়ক লাঠিচার্জ। পুলিশের মারে ছত্রভঙ্গ হয়ে যায় দুইপক্ষ। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করছে পুলিশ।

বিদ্যুৎ গ্রাহকদের স্বাক্ষর সংগ্রহ অভিযান করিমগঞ্জে

করিমগঞ্জ (অসম), ১ সেপ্টেম্বর (হি.স.) : অল আসাম ইলেকট্রিসিটি কনজিউমার্স অ্যাসোসিয়েশন""র অসম রাজ্য কমিটির পক্ষ থেকে চূড়ান্ত গ্রাহকস্বার্থ বিরোধী প্রিপেইড স্মার্ট মিটার ব্যবস্থা ও বিদ্যুতের বর্দতি মাশুল প্রত্যাহার করা, বিদ্যুৎ সংশোধনী বিল-২০২২ বাতিল করা, বিলের কোনো ধারাকে ঘুরপথে চাপিয়ে না দেওয়া এবং বিদ্যুৎ খন্ডের বেসরকারিকরণের ষড়যন্ত্র বন্ধ করা ইত্যাদি দাবিতে রাজ্যের পাঁচ লক্ষ

জয়ের ধারা অব্যাহত ফরোয়ার্ড ক্লাবের অধরা সাফল্যে পিছিয়ে ফ্রেন্ডস ইউনিয়ন

ফরোয়ার্ড ক্লাব: ৩ ফ্রেন্ডস ইউনিয়ন: ২

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।। জয়ের ধারা অব্যাহত রেখেই এগুচ্ছে প্রথম সারির দল ফরোয়ার্ড ক্লাব। প্রথম ম্যাচে জুয়েলস এসোসিয়েশনকে ৩-১ গোলে হারানোর পর সঞ্চিত মনোবল আরও তুঙ্গে তুলে নিয়েছে আজ ফ্রেন্ডস ইউনিয়নকে ৩-২ গোলে হারিয়ে। তবে তিন গোলে পিছিয়ে থেকে ফ্রেন্ডস ইউনিয়ন যেভাবে কাম ব্যাক করেছে মাঝে আরও একটি গোল করে নিতে পারলে খেলার ফলাফল ব্যতিক্রম হতো। তিন গোলে এগিয়ে থেকে ফরওয়ার্ড ক্লাব অনেকটা রক্ষণাত্মক খেলার চিন্তা ভাবনা করলে কার্যত তার খেসারত দিতে হয়েছে। এ ধরনের ৩-২ গোলে কষ্টার্জিত জয় ফরওয়ার্ড ক্লাবকে কিন্তু আগামী ম্যাচগুলোর জন্য ভাবিয়ে তুলেছে। পক্ষান্তরে ফ্রেন্ডস ইউনিয়ন লাগাতর তিন ম্যাচে পয়েন্ট খুইয়ে অনেকটা পিছিয়ে পড়েছে বলা চলে। ফ্রেন্ডস ইউনিয়ন দল গঠনে কিছুটা ঘাটতি রয়েছে বলে বিশেষজ্ঞদের অভিমত। প্রথম ম্যাচে রামকৃষ্ণ ক্লাবের সঙ্গে ১-৫ গোলে হারের পর দ্বিতীয় ম্যাচে রাজনৈতিক দলের ডাকা বনধকে ঘিরে খেলোয়াড়রা আটকে গিয়ে লীগ রুলস এর কারণে টাউন ক্লাবের বিপক্ষে ওয়াকওভার ম্যাচে পয়েন্ট হারাতে হয়। আজ, শুক্রবার তৃতীয় ম্যাচে ঘুরে দাঁড়ানোর যথেষ্ট চেষ্টা করলেও শেষ মুহূর্ত পর্যন্ত পেরে উঠেনি। তিন গোল হজম করে খেলার ইনজুরি টাইম পর্যন্ত দুই গোল পরিশোধ করলেও পরাজয়ের তকমা সরাতে সক্ষম হয়নি। ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশন আয়োজিত টেকনো ইন্ডিয়া চন্দ্র মেমোরিয়াল প্রথম ডিভিশন লিগ ফুটবলের ১০ম ম্যাচে আজ ফরোয়ার্ড ক্লাব ৩-২ গোলে ফ্রেন্ডস ইউনিয়নকে পরাজিত করে টানা দ্বিতীয় জয়ের স্বাদ পেয়েছে। প্রথমার্ধের ২২ মিনিটে খানগাম হোরাম-এর গোল এবং ৪২ মিনিটের মাথায় ছোঙ্গথাম সিং এর গোল ফরোয়ার্ড ক্লাবকে প্রথমার্ধে ২-০ তে লিড এনে দিয়েছে। দ্বিতীয়ার্ধের ১০ মিনিটের মাথায় হোরামের দ্বিতীয় গোল ফরোয়ার্ড ক্লাবকে ৩-০ তে এগিয়ে দেয়। পরবর্তী মিনিটেই ফ্রেন্ডস ইউনিয়নের অকস্মাৎ আক্রমণে প্রবীর জমাতিয়ার গোলে ব্যবধান কমে ১-৩ হয়। খেলার ইনজুরি টাইমে রিংঘর জমাতিয়া আরও একটি গোল করলেও ফ্রেন্ডস ইউনিয়ন শেষ পর্যন্ত ২-৩ গোলে হেরে যায়। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি অভিজিৎ দাস, অরিন্দম মজুমদার, অসীম বৈদ্য ও আদিত্য দেববর্মা। দিনের খেলা টাউন ক্লাব ও বীরেন্দ্র ক্লাব, বিকেল সাড়ে তিনটায়, উমাকান্ত মিনি স্টেডিয়ামে।

এ-ডিভিশন লিগ ফুটবল টুর্নামেন্ট

দল	ম্যা:	জ:	ড্র:	প:	গোল	প:
লালবাহাদুর	২	২	০	০	৯-০	৬
রামকৃষ্ণ	২	২	০	০	৭-১	৬
ফরোয়ার্ড	২	২	০	০	৬-৩	৬
ত্রিবেণী সংঘ	৩	২	০	১	৫-৫	৬
এগিয়ে চলো	১	১	০	০	৩-০	৩
টাউন ক্লাব	২	১	০	১	২-৩	৩
জুয়েলস	৩	০	০	৩	২-৭	০
ফ্রেন্ডস ইউ:	৩	০	০	৩	৩-১০	০
বীরেন্দ্র ক্লাব	২	০	০	২	১-৯	০

ঢাকা জাতীয় ও আগরতলা প্রেসক্লাবের মধ্যে ফ্রেন্ডলি ক্রিকেট ম্যাচ আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।। ঢাকা জাতীয় প্রেসক্লাবের প্রতিনিধি দল এখন আগরতলায়। আন্তর্জাতিক ফ্রেন্ডলি ক্রিকেট ম্যাচ হতে যাচ্ছে ঢাকা জাতীয় প্রেসক্লাব ও আগরতলা প্রেস ক্লাবের মধ্যে। প্রস্তুতিপর্ব চূড়ান্ত। প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশ থেকে ঢাকা জাতীয় প্রেস ক্লাবের সভাপতি ফরিদা ইয়াসমিন এর নেতৃত্বে ১৭ সদস্যক সাংবাদিক ক্রিকেটারদের টিম আজ, শুক্রবার দুপুরে আগরতলায় পৌঁছুলে আগরতলা প্রেসক্লাবের পক্ষ থেকে সভাপতি, সম্পাদক, যুগ্ম সম্পাদক, কোষাধ্যক্ষ সহ অন্যান্য কর্মকর্তা বৃন্দ তাঁদের উষ্ণ সংবর্ধনা জানান। লাল গোলাপ, উত্তরীয় পড়ানো এবং রাখি বন্ধনের মধ্য দিয়ে দু''দেশের মেলবন্ধনে আরো দৃঢ়তা পরিস্ফুট হয়। চার দিন সফরের দ্বিতীয় দিনে আগামীকাল শনিবার সকাল সাড়ে নয়টায় নরসিংগড় স্থিত ডঃ বি আর আম্বেদকর স্কুল গ্রাউন্ডে অনুষ্ঠিত হবে ফ্রেন্ডলি ক্রিকেট ম্যাচ। ক্রিকেট ম্যাচের শুরুতে সংক্ষিপ্ত অনুষ্ঠানে রাজ্য মন্ত্রিসভার সদস্য সুধাংশু দাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। এদিকে আগরতলা প্রেস ক্লাব ক্রিকেট টিমও যথারীতি অনুশীলন করে নিয়েছে। দলটি হল: অভিষেক দে (অধিনায়ক), অভিষেক দেববর্মা, অভিজিৎ ভট্টাচার্য, অনির্বাণ দেব, বিশ্বজিৎ দেবনাথ, জাকির হোসেন, কৃষানু দেববর্মা, মেঘধন দেব, মিল্টন ধর, প্রসেনজিৎ সাহা, সুমন ঘোষ (সহ-অধিনায়ক), সন্তোষ গোপ, শিসান চক্রবর্তী, শান্তনু বণিক, মেন্টর- মনিময় রায়, ম্যানেজার- সুপ্রভাত দেবনাথ। ম্যাচের ব্যবস্থাপনায় ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের সহযোগিতাও রয়েছে। আন্তর্জাতিক ফ্রেন্ডলি ক্রিকেট ম্যাচ সাফল্যমন্ডিত করে তুলতে আগরতলা প্রেসক্লাবের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা চাওয়া হয়েছে। পাশাপাশি স্পনসরর সহ সকলকে ধন্যবাদ জানানো হয়েছে।

PRESS NOTICE INVITING e-TENDER NO: 20/PNIeT/EE/PWD/SBM/DIV/2023-24 Dated- 25-08-2023.

The Executive Engineer, Sabroom Division PWD (R & B), Sabroom, South Tripura invites on behalf of the 'Governor of Tripura', invites **online percentage rate e-tender in single bid system** from the eligible Central & State public sector undertaking / enterprise and eligible Contractors/Firms/ Private Ltd. Firm /Agencies of **Appropriate Class** registered with PWD/TTAADC/MES/CPWD/ Railway/Gov't Organization of other State & Central up to 10.00 A.M. on 08-09-2023 for the following work: -

Sl. NO	NAME OF THE WORK	ESTIMATED COST	EARNEST MONEY	TIME FOR COMPLETION	LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING	TIME AND DATE OF OPENING BID	DOCUMENT DOWNLOADING AND BIDDING AT APPLICATION	CLASS OF BIDDER
1	DNIeT No: 72/NIT/SE-III/R/2023-24.	Rs.30,05,198.56	Rs.60,104.00	120 Days	Up to 10:00 A.M. on 08-09-2023.	At 10:30 A.M. on 08-09-2023.	https://tripuratenders.gov.in	Appropriate Class
2	DNIeT No: 73/NIT/SE-III/R/2023-24.	Rs. Rs.1,06,19,925.72	Rs.2,12,399.00	120 Days				
3	DNIeT No: 71/NIT/SE-III/R/2023-24.	Rs. Rs.1,11,11,947.52	Rs.2,22,239.00	120 Days				

For more details kindly visit: https://tripuratenders.gov.in.

Bid(s) shall be opened through online in e-procurement portal by respective bid openers on behalf of the Executive Engineer, Sabroom Division, PWD (R&B), Sabroom, South Tripura and the same shall be accessible by intending bidder through website https://tripuratenders.gov.in. However, intending bidders and other bidder may like to be present at the bid opening for any enquiry. Please contact by e-mail to eepwdsbm2015@gmail.com.

For and on behalf of the Governor of Tripura.

Executive Engineer
Sabroom Division, PWD(R&B)
Sabroom, South Tripura.

ICA/C-2085/23

PRESS NOTICE INVITING e-TENDER NO: 07/EE/WR-III/UDP/2023-24 DATE: 22.08.2023

Sl. NO.	Name of Work	ESTIMATED COST	EARNEST MONEY	BID FEE	TIME FOR COMPLETION	LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING	TIME AND DATE OF OPENING OF BID	CLASS OF BIDDER
1	Providing and installation of centrifugal pump motor sets(25HP) within the jurisdiction of water Resource sub-Division,Amarpur during the year 2023-24. DNIeT No: 22/EE/WRD-III/UDP/DNIeT/2023-24	9,87,496.00	19,750.00	1,000.00	03(Three) Months	Up to15.00 Hrs on 15.09.2023	At 16.00 Hrs on 16.09.2023 (if possible)	Appropriate Class
2	Replacement and installation of Centrifugal pump sets under Amarpur,Ompi and Karbook Block within W.R sub-Division Amarpur, during the year 2023-24 DNIeT No: 23/EE/WRD-III/UDP/DNIeT/2023-24	14,49,360.00	28,987.00	1,000.00	03(Three) Months			
3	Lift Irrigation Scheme at Ranjamati in Amarpur RD Block / SH: Construction of Pump house, laying of pipeline and other allied works. DNIeT No: 24/EE/WRD-III/ UDP/DNIeT/2023-24	21,53,401.00	43,068.00	1,000.00	06 (Six) Months			
4	Lift Irrigation Scheme at Ekjan Dukan in Ompi RD Block / SH: Construction of Pump house, laying of pipeline and other allied works. DNIeT No: 25/EE/WRD-III/ UDP/DNIeT/2023-24	21,53,401.00	43,068.00	1,000.00	06 (Six) Months			
5	Lift Irrigation Scheme at North Ekchari in Karbook RD Block / SH: Construction of Pump house, laying of pipeline and other allied works. DNIeT No: 26/EE/WRD-III/ UDP/DNIeT/2023-24	21,53,401.00	43,068.00	1,000.00	06 (Six) Months			
6	Lift Irrigation Scheme at Malbassa in Karbook RD Block / SH: Construction of Pump house, laying of pipeline and other allied works. DNIeT No: 27/EE/WRD-III/ UDP/DNIeT/2023-24	21,53,401.00	43,068.00	1000.00	06 (Six) Months			

N.B.: The details notice can be seen in the office of the [i] Superintending Engineer, W.R. Circle No.III, Udaipur [ii] Executive Engineer, W.R. Division No.III, Udaipur [iii] Assistant Engineer, W.R. Sub-Division No.I, Udaipur [iv] Assistant Engineer, W.R. Sub-Division No.II, Udaipur and [v] Assistant Engineer, W.R. Sub-Division, Amarpur during office hours.
The Bid Forms and other details including online activities should be done in the e-procurement portal: www.tripurainfo.com or https://tripuratenders.gov.in

For & on behalf of the Governor of Tripura

(Er. M. Hoq)
Executive Engineer
Water Resource Division No.III
Udaipur, Gomati, Tripura

ICA/C-2085/23

SHORT NOTICE INVITING TENDER

On behalf of the Governor of Tripura the undersigned is hereby invites sealed Tender of rate from the Owne? (<j/Person(s)/ Firm(s) for Hiring of one Maruti Omni Commercial Vehicle (Petrol/ CNG) manufactured not before January 2022 in connection with proper monitoring of various development works of office of the DWO, Gomati District.
Tender/ Quotation in sealed cover will be received w.e.f. 06/09/2023 to 26/09/2023 from 10.00 a.m. to 3.00 p.m. in the office of the undersigned and the same will be opened on 26/09/2023 at 3.30 p.m. if possible, otherwise in subsequent working day.
The details of this tender may be downloaded from the website https://gomati.nic.in and www.tripura.gov.in or may be purchased from the office of the undersigned on payment of appropriate cost.

(A.R. Debbarnia, TCS Gr-I)
District Welfare Officer
Gomati District, Udaipur, Tripura

ICA/C-2076/23

অর্থাভাবে প্রতিভাবান দাবারুর জাতীয় আসরে অংশগ্রহণ অনিশ্চিত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।। একদিকে খুশির খবর, অপরদিকে ব্যথিত হওয়ার মতো বিষয়। জাতীয় দাবা আসরে অংশগ্রহণের সুযোগ পেয়েও অর্থাভাবে প্রতিভাবান দাবারুর জাতীয় আসরে অংশগ্রহণ অনিশ্চিত হয়ে পড়েছে। কথা হচ্ছিল এবারকার অপরাজিত অনূর্ধ ১১ ওপেন চেস চ্যাম্পিয়নশিপে অপরাজিত রাজ্য চ্যাম্পিয়ন মেহেকদ্বীপ গোপের প্রসঙ্গে। রাজ্য সেরা হওয়ার সুবাদে মেহেকদ্বীপ আগামী ১ থেকে ৯ অক্টোবর অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনমে অনূর্ধ ১১ জাতীয় চেস চ্যাম্পিয়নশিপে অংশগ্রহণের সুযোগ পেয়েছে। গত বছরও সে অনূর্ধ-৯ বিভাগে অপরাজিত রাজ্য চ্যাম্পিয়ন হওয়ার সুবাদে মধ্যপ্রদেশের ইন্দোরে অনুষ্ঠিত অনূর্ধ-৯ জাতীয় আসরে অংশগ্রহণ করে দারুণ সাফল্য পেয়েছিল। ১১ রাউন্ডের খেলায় পাঁচটিতে জয়, পাঁচটিতে ড্র এবং একটিতে হারের সুবাদে মোট সাড়ে সাত পয়েন্ট পেয়ে সারা দেশের ২১৪ জন দাবারুর মধ্যে ১৯ তম স্থান পেয়েছিল। যা উত্তর-পূর্ব ভারতের হিসেবে সেরা পারফরমেন্স ছিল। ২০২২ সালে জম্মুর বার্ণাই-য়ে অনুষ্ঠিত অনূর্ধ ১০ ওপেন চেস চ্যাম্পিয়নশিপে এবং ২০২৩ সালে উত্তরপ্রদেশের বৃন্দাবনে আন্তর্জাতিক ওপেন ফিডে রেটেড চেস চ্যাম্পিয়নশিপে দারুন সাফল্য অর্জন করেছিল। কিন্তু এবার আগামী অক্টোবরে অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনমে জাতীয় অনূর্ধ ১১ দাবায় অংশগ্রহণের সুযোগ পেয়েও মেহেকদ্বীপের অংশগ্রহণ অনিশ্চিত হয়ে পড়েছে শুধুমাত্র অর্থাভাবের কারণে। পিতা মিটন গোপ রাজ্য মধ্যশিক্ষা বোর্ডে কর্মরত রয়েছেন। মা মুক্তা গোপ গৃহিণী। সাধারণ বেতনের সরকারি কর্মচারী হয়ে পিতার পক্ষে ছেলেকে দাবা খেলায় এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না। সরকারি বা বেসরকারি এমনকি কোনও কোম্পানি বা ব্যক্তিগত উদ্যোগের সহায়তা না পেলে মেহেকদ্বীপের দাবা কেরিয়ার থেমে যাওয়ার পরিস্থিতি তৈরি হয়েছে। আসন্ন জাতীয় আসরে সে অংশ নিতে পারবে কিনা সে ব্যাপারে যথেষ্ট সন্দেহ দেখা দিয়েছে। সরকারি কোনও উদ্যোগ বা বেসরকারি কোন প্রতিষ্ঠান বা কোম্পানি এগিয়ে না আসলে মেহেকদ্বীপের দাবা কেরিয়ার বন্ধ হয়ে যেতে পারে বলে দাবা অনুরাগীদের অনুমান।

অত্যাধুনিক জি এস জিমের আনুষ্ঠানিক উদ্বোধন হলো

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।। উদ্বোধন হলো। অত্যাধুনিক জি এস ফিটনেস জিমের। শুক্রবার সকালে। আশ্রম চৌমুহনী সংলগ্ন এলাকায় ওই জিমের উদ্বোধন করেন ভারতীয় জনতা পার্টির রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য। এছাড়া এলাকার কাউন্সিলর সুখময় সাহা এবং ভারতীয় জনতা পার্টির মুখপাত্র তথা সত্য ভাষণ পত্রিকার এডিটর নবেন্দু ভট্টাচার্য। ফিতা কেটে ওই জিমের উদ্বোধন হয়। এবং সন্ধ্যায় এই জিমে উপস্থিত ছিলেন বহিরাজ্য থেকে আসা বডি বিল্ডিং আইকন তথা আই এফ বি বি প্রো কার্ড হোল্ডার সিদ্ধান্ত যশোয়াল এবং অন্যান্যরা। সম্পূর্ণ অত্যাধুনিক ইকুপমেন্ট দিয়ে সুসজ্জিত যাতে করে রাজ্যের বডি বিল্ডার্স এবং ফিটনেস প্রেমিরা উন্নত মানের শরীরচর্চা করতে সক্ষম হবে। সেন্টারে উদ্বোধন করে রাজীব ভট্টাচার্য বলেন,'সুস্থ শরীর গঠনে শরীরচর্চার বিশেষ ভূমিকা রয়েছে। তিনি যুবসমাজকে শরীর চর্চায় আরও এগিয়ে আসার আহ্বান রাখেন'। সংস্থার কর্ণধার গোবিন্দ সাহা বলেন,'আগামীদিনে সংস্থায় প্রশিক্ষণরত ষিক্ষার্থীদের জন্য বিশেষ সুবিধে দেওয়ার পরিকল্পনা আছে'।

অরুণাচল প্রদেশে নর্থইস্ট দাবায় ত্রিপুরা দল অংশ নেওয়ার প্রস্তুতি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।। নর্থইস্ট দাবার আসরে রাজ্য দল যোগ দেবে বলে স্থির হয়েছে। আগামী ২০ অক্টোবর থেকে অরুণাচল প্রদেশে ২১তম নর্থইস্ট চেস চ্যাম্পিয়নশিপ-২০২৩ অনুষ্ঠিত হতে চলেছে। ত্রিপুরা রাজ্য দল এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। রাজ্যের যে সকল দাবা খেলোয়ার এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক, তারা আগামী ১০ সেপ্টেম্বরের মধ্যে রাজ্য দাবা সংস্থার অফিস গৃহে নাম নথিভুক্ত করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। বিগত দিনের রাজ্য আসরে দাবারুদের পারফরম্যান্সের ভিত্তিতে রাজ্য দল নির্বাচন করা হবে। অল ত্রিপুরা চেস এসোসিয়েশনের অর্গানাইজিং সেক্রেটারি অভিজিৎ ঘোষ এক বিবৃতিতে এ খবর জানিয়েছেন।

Central Selection Committee 2023
Education (Higher) Department
Government of Tripura

Date:-01/09/2023

Academic Notice

This is for information to all concerned that due to some unavoidable circumstances, the choice filling process for admission into 3rd Semester of Diploma Engineering courses in various Polytechnics along with TIT, Narsingarh through ITI Lateral Entry scheme is hereby withheld until further notice. Candidates are instructed to be constantly in touch with Education (Higher) Department website https://highereducation.tripura.gov.in/ for any updates and further notifications. Candidates are also advised to regularly go through leading daily circulated news papers for any information in this regard.

ICA/D-892/23

Secretary
Central Selection Committee
Education (Higher) Densritsent
Govt. of Tripura

TTAADC Polytechnic Institute, Khumulwng
ADMISSION NOTIFICATION Date:01/09/2023

Applications in prescribed forms duly filled in are invited for admission into 1st Semester of 6(six) Semester Diploma courses for Academic Session 2023-24 at **TTAADC Polytechnic Institute, Khumulwng** under Higher Education Department, Tripura, to fill-up the vacant seats available after completion of admission process through Diploma Engineering Entrance Examination of Tripura'2023 (DEEET-2023) conducted by the Central Selection Committee'2023. Candidates, who have passed 10th standard examination (Madhyamik or Equivalent) from any recognized Board and resident of Tripura, may apply for admission against the vacant seats.

Sl. No.	Branch	Category-wise Vacant seats		
		UR	ST	SC
1	Civil Engineering	NIL	01(ESM)*	04
2	Electrical Engineering	01(ESM)*	06	09
3	Mechanical Engineering	06	15+01(ESM)*	09

*ESM: Ex-Servicemen

Important Dates:

Collection for Application form for admission from the Institute (Application form can also be downloaded from **https://tpikhumulwng.edu.in**)	02/09/2023 to 08/09/2023 within 11:00AM to 3:00PM at Room no: B-212(Tutorial Room-1), 1st floor
Last date for Submission of filled-in Application form with photocopies of necessary documents at the Institute	08/09/2023 within 3:00PM at Room no: B-212(Tutorial Room-1), 1st floor
Publication of provisional list of rejected candidates at the Institute website: **https://tpikhumulwng.edu.in**	08/09/2023 at 5:00PM
Hearing on provisional list of rejected candidates	11/09/2023 (Time: 11:00AM to 3:00PM) at Room no: B-212(Tutorial Room-1), 1st floor
Publication of provisional common merit list at the Institute website: **https://tpikhumulwng.edu.in** and the Institute notice board.	11/09/2023 (within 5:00PM)
Addressing of any query (if any) related to the provisional common merit list	12/09/2023 (Time: 11:00Am to 2:00PM) at Room no: B-212(Tutorial Room-1), 1st floor
Seat allotment through counselling process Location: Room no: A-305 , 2nd floor, TTAADC Polytechnic Institute, Khumulwng	13/09/2023 1. Counselling will start from **12:00 noon** sharp. 2. Eligible Candidates must report before 12:00 noon. Candidates must remain present.
Admission after allotment of seats	13/09/2023 to 14/09/2023 (within 4:00PM)

- Detailed admission notification is published at the website **https://tpikhumulwng.edu.in.** For necessary updates always visit Institute website.
- The provisional Merit list will be prepared based on the total marks obtained by the candidate at 10th Level examination (Madhyamik or Equivalent).
- Alongwith the application form, candidates must submit self-attested clear photocopies of 10th Standard (Madhyamik or Equivalent) Marksheet, PRTC, 10th Std. Examination Admit card, Cast certificate(if belongs to SC/ST category).
- ESM category will be considered if the application is forwarded from Rajya Sainik Board, Tripura within 08/09/2022 (3:00PM).
- For any clarification candidates may visit the office of the Convener, Admission Committee of this Institute.
- In case of any dispute during the admission process, the decisions of the Institute will stand final.

(Dr. Tamojay Deb)
Principal-in-Charge
TTAADC Polytechnic Institute

ICA/D-896/23

WALK-IN-ADMISSION-এর বিজ্ঞপ্তি

ত্রিপুরা সরকারের শিল্প ও বানিজ্য দপ্তরের অধীনস্থ সকল আই টি আই গুলোর সাথে আই টি আই খোয়াইতেও ৫ই জুন ২০২৩ ইং থেকে ২০২৩-২০২৪/২০২৫ ইং শিক্ষাবর্ষের জন্য যে **online** ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছিল তার তৃতীয় রাউন্ড-এর ভর্তি প্রক্রিয়া ১৬ই আগষ্ট ২০২৩ইং শেষ হওয়ার পরও এখনো কিছু আসন খালি আছে। তাই, উক্ত খালি আসনগুলো সীমিত সময়ের মধ্যে দ্রুততার সাথে পূরণের লক্ষ্যে ইচ্ছুক ভর্তিপ্রার্থী ভারতীয় নাগরিকদের কাছ থেকে **walk in admission**-এর জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

১। আবেদনপত্রের নির্দিষ্ট নমুনা অনুযায়ী সমস্ত সার্টিফিকেটের যেমন-**Marksheet, Age Proof Certificate, Pass Certificate, Caste Certificate, PRTC, PwD/Ex-Serviceman Certificate, Bank Passbook, AADHAR, Family Ration Card** ইত্যাদির স্ব-প্রত্যয়িত কপিসহ আই টি আই খোয়াইতে জমা দিতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
২। আবেদনপত্র জমা দেওয়ার সময়কাল : ০৪/০৯/২০২৩ ইং থেকে ০৬/০৯/২০২৩ ইং, বেলা ১১ টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
৩। মেধাতালিকা প্রকাশ ও আসন বন্টনের তারিখ : ০৮/০৯/২০২৩ ইং, বেলা ১১টা।
৪। ভর্তির তারিখ : ০৮/০৯/২০২৩ ইং, বেলা ১১টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
৫। অপেক্ষমান প্রার্থীদের আসন বন্টন ও ভর্তির তারিখ : ১১/০৯/২০২৩ ইং, বেলা ১১টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
৬। মেধাতালিকা প্রকাশের ভিত্তি ত্রিপুরা সরকারের শিল্প ও বানিজ্য দপ্তরের ২২শে মে ২০২৩ ইং তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির ৭ নং শর্তানুযায়ী হবে।
৭। আসন সংরক্ষণ ত্রিপুরা সরকারের বিধি অনুযায়ী হবে।
৮। আসনপ্রাপ্ত প্রার্থীদের **Caution Money** ১০০০ টাকা (নগদ), ২ কপি ছবি ও প্রয়োজনীয় সমস্ত সার্টিফিকেটের স্ব- প্রত্যয়িত কপিসহ নির্দিষ্ট তারিখের মধ্যে ভর্তি হতে হবে। অন্যথায় সেই আসনটি পরবর্তী প্রার্থীকে দেওয়া হবে।
খালি আসনের বিস্তারিত বিবরণ নিম্নে দেওয়া হল :

ক্রমিক নং	ট্রেডের নাম	মোট খালি আসনসংখ্যা	অসংরক্ষিত	এস. টি.	এস.সি.	প্রশিক্ষণের সময়কাল	ভর্তির যোগ্যতা
1	Mason (Building Constructor) [NSQF]	40	21	11 [None-10 & Ex-Serviceman-01]	08	১ বৎসর	অষ্টমমান উত্তীর্ণ।
2	Pump Operator cum Mechanic [NSQF]	26	12 [None-10 & Ex-Servicemar -01]	10	04 [None-03 & Ex-Serviceman -01]	১ বৎসর	মাধ্যমিক উত্তীর্ণ। (অংক ও বিজ্ঞানসহ)
3	Computer Operator and programming Assistant [NSQF]	15	05	05	05	১ বৎসর	মাধ্যমিক উত্তীর্ণ।
4	Electrician [NSQF]	07	05 [None-04 & Ex-Serviceman-01]	00	02	২ বৎসর	মাধ্যমিক উত্তীর্ণ। (অংক ও বিজ্ঞানসহ)

* পূর্বে ভর্তি হওয়া কোন প্রার্থী যদি তার আসন ছেড়ে দেয় তবে আসন সংখ্যার পরিবর্তন হতে পারে।
৯। মেধাভিত্তিক ভর্তি প্রক্রিয়া ১১/০৯/২০২৩ ইং, বিকাল ৫টায় শেষ হওয়ার পরও যদি কোন আসন খালি থাকে তবে ১২/০৯/২০২৩ ইং থেকে ১৫/০৯/২০২৩ ইং বিকাল ৫টা পর্যন্ত আগে এলে আগে পাবেন এর ভিত্তিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
১০। ভর্তি সংক্রান্ত আরও **Updates** তথা ভারত সরকারের **DGT**-কর্তৃক ভর্তির তারিখ বর্ধিতকরনের পরবর্তী নির্দেশ ইত্যাদি নানা নির্দেশাবলী আই টি আই খোয়াই-এর **Notice Board**-এ দেওয়া থাকবে এবং আসন খালি থাকলে ঐ নির্দেশাবলীর নিরিখে আগে এলে আগে পাবেন এর ভিত্তিতে চলমান ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
১১। আবেদনপত্র আই টি আই খোয়াইয়ের **Training Section**-এ পাওয়া যাবে।

(প্রসেনজিৎ দেববর্মা)
অধ্যক্ষ
আই টি আই, খোয়াই
সোনাতলা, খোয়াই ত্রিপুরা।

ICA/D-888/23

রাজধানী মহিলা বিদ্যালয়ের এনএসএস ইউনিটের উদ্যোগে রাখি উৎসব পালন। ছবি নিজস্ব।

বানান ভুল নিয়ে জেলা শাসকের নিকট ডেপুটেশন

নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১ সেপ্টেম্বর।। পৃথিবীর প্রতিটি মানুষের কাছে তার মাতৃভাষা মায়ের সমান। মায়ের ভাষার প্রতি আবেগ এবং অহংকার প্রতিটি মানুষের মধ্যেই বিরাজমান। কোনভাবেই মায়ের ভাষার প্রতি অসম্মান মেনে নেওয়া যায়না। তবে এই রাজ্যে অধিক প্রচলিত ভাষা বাংলা ভাষার প্রতি প্রাতিষ্ঠানিক এবং প্রশাসনিকভাবে অন্যায় করা হচ্ছে। আর তা অতি সহজেই ধরা পড়ে রাজ্যের জাতীয় সড়কগুলিতে। জাতীয় সড়কগুলিতে এন এইচ আই ডি সি এল কর্তৃক লাগানো ব্যানারগুলিতে বাংলা বানানে ভুল শুধুমাত্রই ভুল নয়, তা এই ভাষার

প্রতি অসম্মান প্রদর্শনও বটে। কারন প্রতিক্ষেত্রেই ভুল বানানের সাথে এই শব্দের অর্থেরও পরিবর্তন হয়ে যাচ্ছে। আর রাস্তায় বাংলা ভাষায় এই ভুল ব্যক্ষার প্রভাব পড়ছে ছোট ছোট শিশুদের উপর। ভুল বানানকেই তারা সঠিক হিসেবে গ্রহণ করছে। উদাহরণ স্বরূপ এন এইচ আই ডি সি এল এর লাগানো ব্যানারে বিশালগড় বানানে মারাত্মক ভুল রয়েছে। বিশালগড় বানানে 'শ' এর পরিবর্তে 'ষ' ব্যবহার করা হয়েছে। আর এতে 'বিশাল' শব্দের অর্থ যেখানে প্রকান্ড হিসাবে প্রকাশিত হবার কথা , সেখানে এই শব্দের অর্থ বিষাক্ত হয়ে যাচ্ছে। যা অনেক বড় ধরনের ভুল বলেই গন্য হওয়া উচিত। শুক্রবার এই বিষয়ে সিপাহীজলা জেলা শাসক ডাঃ বিশাল কুমারের নিকট একটি মেমোরেন্ডাম তুলে দেন বিশালগড় আনন্দমার্গ প্রচারক সংঘ এবং আনন্দমার্গ স্কুলের শিক্ষকরা। তারা এই বানানগুলি দ্রুত সঠিক করার আবেদন রাখেন। শুধু তাই নয় সিপাহীজলা জেলার ইংরেজী বানানেও ভুল রয়েছে বলে জেলা শাসকের নিকট তথ্য তুলে ধরেন তারা। মেমোরেন্ডাম প্রদানে উপস্থিত ছিলেন বিশালগড় আনন্দমার্গ স্কুলের চেয়ারম্যান ননী গোপাল দেবনাথ, স্কুলের প্রিন্সিপাল প্রানগোপাল গোস্বামী, শিক্ষক শতদল আচার্জী এবং সজল সূত্রধর।

অবসর প্রাপ্ত অঙ্গনওয়াড়ি কর্মীকে সংবর্ধনা

নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ১ সেপ্টেম্বর।। কৈলাসহর হরিজন কলোনি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের কর্মী অবসর হওয়ায় শুক্রবার উনাকে সংবর্ধনা দিল সেই অঙ্গনওয়াড়ি কেন্দ্রের পরিচালন কমিটি। জানা যায়, উত্তর কাচেরঘাট এলাকার বাসিন্দা অনিমা দাস দীর্ঘ ১২বছর ধরে সেই অঙ্গনওয়াড়ি কেন্দ্রে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে আসছেন। কিন্তু উনার বয়স ষাট বছর হয়ে যাওয়ার কারণে উনাকে চাকুরী থেকে অবসর করা হয়। সংশ্লিষ্ট দপ্তরের পক্ষ থেকে হরিজন কলোনি এলাকার বাসিন্দা ভারতি সরকার আজ থেকে সেই অঙ্গনওয়াড়ি কেন্দ্রের কর্মী হিসাবে দায়িত্বভার গ্রহণ করেন। অবসরপ্রাপ্ত সেই অঙ্গনওয়াড়ি কেন্দ্রের কর্মী অনিমা দাস আজ সেই অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সমস্ত দায়িত্বভার সমঝে দেন সদ্য নিযুক্ত অঙ্গনওয়াড়ি কেন্দ্রের কর্মী ভারতি সরকারকে। তাই আজ সেই অঙ্গনওয়াড়ি কেন্দ্রের পরিচালন কমিটির পক্ষ থেকে অবসরপ্রাপ্ত অঙ্গনওয়ারি কর্মী অনিমা দাসকে সংবর্ধনা দেওয়া হয়। আজকের এই সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৈলাশহর পুরপরিষদের এক নং ওয়ার্ডের কাউন্সিলর কাকলি মালাকার, সেই অঙ্গনওয়াড়ি কেন্দ্রের পরিচালন কমিটির সভাপতি টিংকু মালাকার থেকে শুরু করে আরো অনেকে।

"মোদী সরকার কখনও গরীবের জন্য কাজ করবে না": খাড়গে

নয়াদিল্লি, ১ সেপ্টেম্বর (হি.স.) : "মোদী সরকার কখনও গরীবের জন্য কাজ করবে না"। ইন্ডিয়া জোটের বৈঠকের পর এবার সাংবাদিকদের মুখোমুখি হলেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে। খাড়গে আরও বলেন, এর আগে পাটনার বৈঠকে ইন্ডিয়া জোটের অ্যাজেন্ডা নির্ধারণ করা হয়। বর্তমানে মুম্বইতে সবাই একে অপরের সামনে তাদের মতামত রেখেছেন। দেশে ক্রমবর্দমান বেকারত্ব, গ্যাস সিলিন্ডারের মূল্যবৃদ্ধি, জ্বালানির মূল্যবৃদ্ধির বিরুদ্ধে কীভাবে লড়াই করা যায়, সেদিকেই জোর দেওয়া হয় ইন্ডিয়া জোটের বৈঠকে।

এদিন, কংগ্রেস সভাপতি বলেন, সব দলই এই বৈঠকটি ভালোভাবে পরিচালনা করেছে। ইন্ডিয়া জোটের বৈঠকের আগে আমার বাসভবনে আলোচনা হয়। সেখানে জোটের জন্য একটি কাঠামো তৈরি করা হয় বলে জানান খাড়গে। কংগ্রেস সভাপতির অভিযোগ, মোদীজি কখনও গরিবের জন্য কাজ করবেন না। আদানির আয় কীভাবে বেড়েছে তার একটি রিপোর্ট গতকাল রাহুল গান্ধী পেশ করেন বলেও সাংবাদিক সম্মেলনে মন্তব্য করেন মল্লিকার্জুন খাড়গে।এদিন তিনি আরও বলেন, এর আগে পাটনার বৈঠকে ইন্ডিয়া জোটের অ্যাজেন্ডা নির্ধারণ করা হয়। বর্তমানে মুম্বইতে সবাই একে অপরের সামনে তাদের মতামত রেখেছেন। দেশে ক্রমবর্দমান বেকারত্ব, গ্যাস সিলিন্ডারের মূল্যবৃদ্ধি, জ্বালানির মূল্যবৃদ্ধির বিরুদ্ধে কীভাবে লড়াই করা যায়, সেদিকেই জোর দেওয়া হয় ইন্ডিয়া জোটের বৈঠকে। এলিপিজি সিলিন্ডারের দাম বৃদ্ধি করে, তারপর তা কমানো হয়েছে বলে বিজেপি সরকারকে কটাক্ষ করেন খাড়গে।

আত্মঘাতী বোমা হামলায় ৯ সেনা নিহত

ইসলামাবাদ, ১ সেপ্টেম্বর (হি. স.) পাকিস্তানের উত্তর-পশ্চিমাঞ্চলে আত্মঘাতী হামলায় নিহত পাক সেনাবাহিনীর নয় জওয়ান। বৃহস্পতিবার পাক সেনার কনভয়ের সঙ্গে সংঘর্ষ হয় আত্মঘাতী বোমা হামলাকারীর বাইকের। এই হামলার নেপথ্যে তেহরিক-ই-তালিবান পাকিস্তান তথা টিটিপি জঙ্গিগোষ্ঠী রয়েছে বলে মনে করা হচ্ছে।এদিনের ঘটনার পর পাক সেনার আধিকারিকরা জানিয়েছেন, "পাকিস্তানের সীমান্ত লাগোয়া বান্নু জেলায় আত্মঘাতী বোমা বিস্ফোরণের ঘটনা ঘটে। হামলাকারী বাইকে এসে সেনাবাহিনীর কনভয়ের একটি ট্রাকে ধাক্কা মারে।" এই হামলায় নিহত হয়েছেন নয় জন। ফিদায়েঁ হামলায় তীব্র ক্ষুব্ধ পাকিস্তানের অস্থায়ী প্রধানমন্ত্রী আনওয়ার-উল-হক কাকর। ক্ষোভ প্রকাশ করে তিনি বলেন, "এটা কাপুরুষের মতো সন্ত্রাসবাদী হামলা।" উল্লেখ্য, পাকিস্তানের সন্ত্রাসবাদী দলগুলির মধ্যে সবচেয়ে প্রভাবশালী হচ্ছে টিটিপি। আফগান তালিবানের শাখা সংগঠন তারা।

মোটর সাইকেলের ধাক্কায় দুই শিশুর মৃত্যু

আরারিয়া ১ সেপ্টেম্বর (হি. স.) : বিহারের আরারিয়া নগর থানা এলাকার দোগাছির কাছে ৫৭ নম্বর জাতীয় সড়কে একটি অনিয়ন্ত্রিত ট্রাক বিপরীত দিক থেকে আসা একটি মোটরসাইকেল আরোহীকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই মোটরসাইকেল আরোহী দুই শিশুর মৃত্যু হয়।দুর্ঘটনায় মোটরসাইকেলে থাকা স্বামী-স্ত্রী গুরুতর আহত হন। যাদের চিকিৎসার জন্য আরারিয়া সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছেছে নগর পুলিশ।জানা গেছে, পূর্ণিয়া জেলার জালালগড় থানা এলাকার গেহুয়া গ্রামের বাসিন্দা রূপেশ কুমার যাদব বৃহস্পতিবার তার স্ত্রী রজনী দেবীর সঙ্গে মোটরসাইকেলে করে শ্বশুর বাড়িতে এসেছিলেন। সঙ্গে ছিল নয় বছরের মেয়ে রাধা কুমারী ও পাঁচ বছরের ছেলে আদিত্য কুমার।শুক্রবার মোটরসাইকেলে করে বাড়ি ফেরার সময় আরারিয়ার গায়েরি এবং জালালগড়ের মধ্যে হাইওয়েতে একটি দ্রুতগামী ট্রাক মোটরসাইকেলটিকে জোরে ধাক্কা দেয়, দুর্ঘটনায় রূপেশ যাদব এবং রজনী দেবী গুরুতর আহত হন, এবং তাদের দুই শিশুই ঘটনাস্থলে মারা যায়। ঘটনার পর ট্রাক চালক পালিয়ে যায়। পুলিশ মৃতদেহ দুটি নিজেদের হেফাজতে নিয়ে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালে পাঠায়িছে।

চারদিন ধরে বিকল জিবির সিটিস্ক্যান মেশিন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।। ফের বিকল জিবিপি হাসপাতালের সিটি স্ক্যান মেশিন। দুর্ভোগে রোগীরা। জানা গেছে, গত চার দিন ধরেই হাসপাতালের সিটি স্ক্যান মেশিন বিকল হয়ে আছে। যার ফলে দুর্ভোগের শিকার হচ্ছেন রোগী ও তাদের আত্মীয় পরিজনেরা। রাজ্যের প্রধান হাসপাতালের এহেন অবস্থায় রোগীদের মধ্যে ক্ষোভ বিরাজ করছে। এই হাসপাতালে দূর দুরান্ত থেকে রোগীরা ছুটে আসেন ভালো চিকিৎসা পরিষেবা গ্রহণের জন্য। প্রায় সময়েই হাসপাতালের পরিষেবা নিয়ে বিভিন্ন অনিয়ম লক্ষ্য করা গেছে। অতিসত্তর বিকল মেশিনগুলি সারাইয়ের ব্যবস্থা করুক হাসপাতাল কর্তৃপক্ষ, দাবি সাধারনের।

বীরবিক্রম কিশোর জন্মবার্ষিকী উপলক্ষ্যে শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠান

নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ১ সেপ্টেম্বর।। তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে ও বিদ্যালয় শিক্ষা দপ্তরের সহযোগিতায় মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য বাহাদুরের জন্মবার্ষিকী উপলক্ষে শুক্রবার কৈলাসহর ঊনকোটি কলাক্ষেত্রে শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। আজকের এই অনুষ্ঠানে কৈলাসহর মহকুমার বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করে। পাশাপাশি বিভিন্ন ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। প্রদীপ প্রজ্জ্বলন করে উক্ত অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন ঊনকোটি জেলা পরিষদের সহকারী সভধিপতি শ্যামল দাস। আজকের এই অনুষ্ঠানে শ্যামল দাস ছাড়াও উপস্থিত ছিলেন কৈলাশহর পুর পরিষদের চেয়ার পার্সন চপলা রানী দেবরায়, কৈলাসহর বিজেপি মন্ডলের মন্ডল সভাপতি সিদ্ধার্থ দত্ত, কৈলাসহর পুর পরিষদের ভাইস চেয়ার পার্সন নীতিশ দে, তথ্য সংস্কৃতি দপ্তরের উপ-অধিকর্তা বিশ্বজিৎ দেব থেকে শুরু করে আরো অনেকে। বিপুল উৎসাহ ও উদ্দিপনার মধ্য দিয়ে আজকের এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

পানিসাগরে অনুষ্ঠিত সিভিক অ্যাকশন প্রোগ্রাম

নিজস্ব প্রতিনিধি, পানিসাগর, ১ সেপ্টেম্বর।। উত্তর ত্রিপুরা জেলার সীমান্তবর্তী গ্রাম সাগরপাড়ায় বিএসএফ ফ্রন্টিয়ার ত্রিপুরার অধীনে বিএসএফ সেক্টর হেডকোয়ার্টার পানিসাগরের নির্দেশ অনুসারে বু-এর দ্বারা একটি সিভিক অ্যাকশন প্রোগ্রামের আয়োজন করা হয়েছে। বিএন বিএসএফ-এর সহকারী কমান্ডেন্ট প্রবীণ কুমার এবং আশেপাশের গ্রামের অন্যান্য বিশিষ্ট ব্যক্তিদের উপস্থিতিতে এসএইচকিউ বিএসএফ পানিসাগরের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল মুরারি প্রসাদ সিং এই অনুষ্ঠানের উদ্বোধন করেন। সিভিক অ্যাকশন প্রোগ্রাম চলাকালীন সাগরপাড়া গ্রাম এবং সীমান্ত এলাকার প্রায় গ্রামবাসীকে কম্বল, মশারি (ডাবল,)জুতা, বাসনপত্র, পোশাক স্কুলের জন্য পর্যাপ্ত পরিমাণে স্টেশনারী, অন্যান্য জিনিসপত্র দেওয়া হয়েছে। এছাড়া চাদর, প্লাস্টিকের টেবিল এবং প্লাস্টিকের চেয়ার, গ্রামবাসীদের বিনোদনের জন্য কমিউনিটি সেন্টারের জন্য বাদ্যযন্ত্র এবং অভাবী সীমান্ত জনগোষ্ঠীকে কাটার, সরঞ্জাম প্রদান করা হয়। একই দিনে অনুষ্ঠানের অঙ্গ হিসেবে গ্রামবাসী ও বিএসএফ-এর উর্ধতন কর্মকর্তাদের সাথে বসে মিলিত ভোজের আয়োজন করা হয়। সীমান্ত বাহিনীর পক্ষ থেকে জানানো হয় বিএসএফ ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে পাহারা দেয় পাশাপাশি সীমান্ত জনগণের মধ্যে নিরাপত্তার অনুভূতি জাগিয়ে তুলে। এমনকি প্রায়ই বিএসএফ সিভিক অ্যাকশন প্রোগ্রাম এবং মেডিকেল ক্যাম্প পরিচালনা করে বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডে সীমান্ত গ্রামগুলিকে সহায়তা করা হয়।

উন্নয়নের জন্য রাষ্ট্রবাদী দলের প্রার্থীদের ভোট দেওয়ার আহ্বান

নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ১ সেপ্টেম্বর।। উন্নয়নের জন্য রাষ্ট্র বাদী দলের প্রার্থী কে ভোট দিন কর্মচারীদের আহ্বান ধনপুরে শুক্রবার বিকালে ধনপুর বিধানসভার রাষ্ট্র বাদী দলের প্রার্থী বিন্দু দেবনাথ এর সমর্থনে কাঁঠালিয়া কমিউনিটি হলে ত্রিপুরা পিডব্লিওডি এমপ্লয়িজ ষ্টেট কমিটি ও ত্রিপুরা পাম্প অপারেটর সংঘের প্রদেশ কমিটির উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন ত্রিপুরা সরকারের মাননীয় বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ পিডব্লিডিও এমপ্লয়িজ সংগঠনের প্রদেশ কনভেনার দীপক সিং প্রদেশ সাধারণ সম্পাদক সনয় সূত্রধর ত্রিপুরা পাম্প অপারেটর সংঘের প্রদেশ সাধারণ সম্পাদক এলিয়াজ হোসেন জেলা সভাপতি মৃদুল দেরবমা সহ নেতৃত্বরা মন্ত্রী রতন লাল নাথ আলোচনা করতে গিয়ে বামফ্রন্ট সরকারের প্রতি ক্ষোভ উগরে দিলেন এবং বর্তমান সরকার বিভিন্ন উন্নয়ন মুলক বিষয়ে বিস্তারিত আলোচনা করেন কর্মচারীদের ভবিষ্যতের কথা চিন্তা করে উপ নির্বাচনে বক্সনগর ও ধনপুর বিধানসভায় রাষ্ট্র বাদী দলের প্রার্থী দের বিপুল ভোটে জয়যুক্ত করার আহ্বান জানিয়েছেন মন্ত্রী রতন লাল নাথ। এদিকে নির্বাচনের দিনক্ষণ যতই এগিয়ে আসছে ততই প্রচারে গতি আনছে শাসক দল রাষ্ট্র বাদী দলের বিভিন্ন অঙ্গ সংগঠনের পক্ষ থেকে প্রচার প্রভাকান্ড হাত নিচ্ছে কর্মচারী সংগঠন গুলো শুক্রবার প্রচারের অঙ্গ হিসাবে আলোচনা সভা অনুষ্ঠিত করল পাম্প অপারেটর ও পিডব্লিওডি এমপ্লয়িজ কমিটি এদিন কর্মচারীদের উপস্থিতি ছিল লক্ষনীয় কাঁঠালিয়া কমিউনিটি হল ছিল কোনঠাসা পাম্প অপারেটর ভাই দের উপস্থিতি ছিল লক্ষনীয়।

বিলোনিয়ায় প্রশিক্ষণ শিবির

নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ১ সেপ্টেম্বর।। সুস্থ মন সুস্থ দেহ ভালো রাখতে হলে তাহলে শরীরচর্চা অত্যন্ত প্রয়োজন। প্রতিদিন দেশের প্রধানমন্ত্রী থেকে শুরু করে মুনিঋষিরাও শরীর চর্চা করে থাকেন ,এরমধ্যে দুজন হচ্ছেন পরমপূজ্য যোগঋষি স্বামী রামদেবজি ও আশ্চার্য বালকৃষ্ণজি। তাদের দিব্য আশীর্বাদে পতঞ্জলি পীঠ হরিদ্দারের তত্ত্বাবধানে ভারত স্বাভিমান ট্রাস্ট দক্ষিণ ত্রিপুরা জেলা কমিটির উদ্যোগে নিঃশুল্ক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয় প্রতিদিন বিলোনিয়াতে ,বিলোনিয়া শহর সংলগ্ন মফিজ মিয়া ঘাট এলাকায় দক্ষিণেশ্বরী কালিবাড়ির নাটমন্দিরে প্রতিদিন সকাল পাঁচটা থেকে ৭ টা পর্যন্ত চলে এই যোগ ব্যায়াম প্রশিক্ষণ শিবির, সহযোগিতায় থাকেন পতঞ্জলি যোগ সমিতি এবং মহিলা পতঞ্জলি যোগ সমিতি, পতঞ্জলি কিষান সেবা সমিতি। বৃহস্পতিবার সকালেও যোগা এবং প্রাণায়ামের মাঝে রাখিবন্ধন উৎসব পালন করা হয় নাঠ মন্দিরে ,মহিলা পতঞ্জলি যোগ সমিতির সদস্যাদের পক্ষ থেকে পতঞ্জলি যোগ সমিতির সদস্যদের হাতে রাখি পরিয়ে রাখি বন্ধন উৎসব পালন করা হয়, এই আনন্দঘন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পতঞ্জলি সমিতি ও ভারত স্বাভিমান জেলা প্রভারী বিকাশ মজুমদার (বলাই), সোশ্যাল মিডিয়া প্রভারী শরবিন্দু মজুমদার, জেলা মহিলা প্রভারি তৃপ্তি মালাকার বৈদ্য,মহিলা প্রভারি স্নিগ্ধা পাল এবং তহশীল প্রভারি রংপা ধর,যোগ সাধক মন্দির প্রতিষ্ঠাতা বাচ্চু দত্ত সহ বিভিন্ন যোগ ব্যায়ামের সাথী ভাই-বোনেরা।

রাজ্যে এলেন বাংলাদেশ জাতীয় প্রেসক্লাবের সাংবাদিকরা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।। বাংলাদেশ জাতীয় প্রেসক্লাবের সাংবাদিক প্রতিনিধিরা শুক্রবার আগরতলায় এলেন। আগরতলা প্রেসক্লাবের নিমন্ত্রণে বাংলাদেশের সাংবাদিকরা আগরতলায় এসেছেন। আগামীকাল শনিবার বাংলাদেশ জাতীয় প্রেসক্লাব ও আগরতলা প্রেসক্লাবের সাংবাদিকদের মধ্যে একটি প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হবে।

বাংলাদেশের সাংবাদিক দলের নেতৃত্বে ছিলেন জাতীয় প্রেসক্লাব সভাপতি ফরিদা ইয়াসমিন ও সাধারণ সম্পাদক শ্যামল দত্ত। শুক্রবার দুপুরে আখাউড়া চেকপোস্টের জিরো পয়েন্টে বাংলাদেশের সাংবাদিকদের ফুল দিয়ে স্বাগত জানান আগরতলা প্রেসক্লাব সভাপতি জয়ন্ত ভট্টচার্য ও সাধারণ সম্পাদক রমাকান্ত দে। এসময় আগরতলাস্থিত বাংলাদেশ সহকারী হাই কমিশনের প্রথম সচিব আল-আমিন সীমান্তের জিরো পয়েন্টে সাংবাদিক প্রতিনিধিদের ফুল দিয়ে শুভেচ্ছা জানান তিনি। বাংলাদেশ জাতীয় প্রেসক্লাব সভাপতি ফরিদা ইয়াসমিন বলেছেন, আমাদের মধ্যে সৌহার্দ রয়েছে। আগরতলার সাংবাদিক বন্ধুদের সঙ্গে আমরা প্রীতি ক্রিকেট ম্যাচে অংশ নেব। বাংলাদেশের মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত এলাকা ঘুরে দেখবো। সাংবাদিক ও রাজনৈতিক নেতৃবৃন্দের সঙ্গেও আলোচনা হবে। আগামী চার সেপ্টেম্বর বাংলাদেশের সাংবাদিকরা নিজ দেশে ফিরে যাবেন।

রাতে আচমকাই জিবি হাসপাতাল ভ্রমণে মুখ্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ সেপ্টেম্বর।। চিকিৎসা পরিষেবার বাস্তব চিত্র খতিয়ে দেখতে ফের একবার আগরতলা সরকারি মেডিকেল কলেজ ও জিবি হাসপাতাল পরিদর্শন করলেন রাজ্যের স্বাস্থ্য মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা। বৃহস্পতিবার রাতে জিবি হাসপাতালের বিভিন্ন গুরুত্বপূর্ণ ওয়ার্ড চাক্ষুষ করলেন তিনি। এর পাশাপাশি গোটা হাসপাতালের সার্বিক পরিকাঠামো সম্পর্কে সংশ্লিষ্ট স্বাস্থ্য আধিকারিকদের কাছ থেকে বিস্তৃতভাবে অবগত হন। সেই সঙ্গে রাজ্যের চিকিৎসা পরিষেবার আরো উন্নয়নে সরকারিভাবে যা যা পদক্ষেপ নেওয়ার প্রয়োজন সেটা করার নির্দেশ দেন।২০১৮ সালে আমজনতার রায়ে রাজ্যে প্রতিষ্ঠিত হয় ভারতীয় জনতা পার্টি নেতৃত্বাধীন সরকার। দায়িত্ব গ্রহণের পর থেকেই সরকার রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার চিত্রকে আমূল পরিবর্তন করার জন্য বিশেষ অগ্রাধিকার দেয়। বলা চলে, স্বাস্থ্য ব্যবস্থায় বিপ্লব আনতে কার্যকরী ভূমিকা নেয় রাজ্য প্রশাসন। পরবর্তী সময়ে মুখ্যমন্ত্রী হিসেবে রাজ্যের স্বনামধন্য চিকিৎসক প্রফেসর ডাঃ মানিক সাহা দায়িত্ব গ্রহণের পর স্বাস্থ্য

ব্যবস্থার উন্নয়নে আরো জোর গতি আসে। নিজে একজন প্রথিতযশা চিকিৎসক হওয়ার সুবাদে রাজ্যের চিকিৎসা পরিষেবার সার্বিক ব্যবস্থাপনা নিয়ে যথেষ্ট ওয়াকিবহাল ছিলেন তিনি। যে কারণে মুখ্যমন্ত্রী এবং স্বাস্থ্য দপ্তরের মন্ত্রী হিসেবে দায়িত্ব নিয়েই রাজ্যের প্রধান প্রধান হাসপাতাল থেকে শুরু করে জেলা ও মহকুমা স্তরে এবং তৃণমূল স্তর পর্যন্ত স্বাস্থ্য পরিষেবাকে ঢেলে সাজাতে উদ্যোগী হন তিনি।

তাই তো চিকিৎসা পরিষেবার উন্নয়নকে অন্যতম অগ্রাধিকার দিয়েছে প্রফেসর ডাঃ মানিক সাহা নেতৃত্বাধীন রাজ্যের বর্তমান সরকার। রাজ্যের সাম্প্রতিক বাজেটেও চিকিৎসা পরিকাঠামোর উন্নয়নে প্রচুর অর্থের সংস্থান রেখেছে রাজ্য সরকার। নতুন করে রাজ্যে আরো প্রায় ১০০টি উপ স্বাস্থ্য কেন্দ্র গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। সেই সঙ্গে জেলা হাসপাতালগুলিতে চিকিৎসা পরিকাঠামোর উন্নয়নে বিশেষ অগ্রাধিকার দেওয়া হয়েছে। সাম্প্রতিক সময়ে বিগত কিছুদিন ধরে জিবি হাসপাতালের সার্বিক পরিষেবা নিয়ে বিভিন্ন মহল থেকে বিক্ষিপ্ত অভিযোগ উত্থাপন করা হচ্ছিল। আর বিষয়টি নজরে আসে স্বাস্থ্য দপ্তরের আধিকারিকদের। এই পরিস্থিতিতে প্রশাসনিক কাজের ব্যস্ততার মধ্যেও বৃহস্পতিবার রাতে প্রশাসনের আধিকারিকদের নিয়ে সরেজমিনে আগরতলা সরকারি মেডিকেল কলেজ ও জিবি হাসপাতাল পরিদর্শন করলেন মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা।

পরিদর্শন কালে মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন মুখ্যমন্ত্রী দপ্তরের সচিব প্রদীপ কুমার চক্রবর্তী, স্বাস্থ্য দপ্তরের সচিব ড: দেবাশিস বসু, জিবি ☛ ৬ এর পাতায় দেখুন

সড়ক নির্মাণে দুর্নীতির অভিযোগ মহকুমা শাসকের কাছে ডেপুটেশন

নিজস্ব প্রতিনিধি, কাঞ্চনপুর, ১ সেপ্টেম্বর।। সড়ক নির্মাণে ব্যাপক দুর্নীতির অভিযোগ এনে মহকুমা শাসকের কাছে ডেপুটেশন দিলেন স্থানীয় এলাকাবাসী। দীর্ঘদিন যাবত সড়ক নির্মাণে ব্যাপক হারে দুর্নীতির অভিযোগ উঠলেও প্রশাসন কোন পদক্ষেপ নিচ্ছে না বলে অভিযোগ। এ ব্যাপারে ইতিমধ্যেই একাধিকবার সংবাদপত্রে দুর্নীতির অভিযোগ প্রকাশিত হয়েছে। তাই বাধ্য হয়ে প্রশাসনের উপর চাপ সৃষ্টি করতে সড়ক নির্মাণের ক্ষেত্রে নানা দুর্নীতির অভিযোগ তুলে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য বৃহস্পতিবার কাঞ্চনপুর মহকুমা শাসকের অফিসে ডেপুটেশন দিলেন স্থানীয় জনতা। ডেপুটেশনকারীদের অভিযোগ প্রশাসন এই দুর্নীতিবাজ নির্মাণ সংস্থার বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণ করছে না। কিন্তু ডেপুটেশনের পরও প্রশাসন পরবর্তীতে কোন ব্যবস্থা না নিলে প্রশাসনের উপর স্থানীয় জনতার চাপ আরো বৃদ্ধি করা হবে বলে জানিয়েছেন তারা। উল্লেখ্য কাঞ্চনপুর থেকে লালছড়া পর্যন্ত আঠারো কিলোমিটার রাস্তা নির্মানের নামে নজির বিহীন কেলেঙ্কারির চিত্র প্রকাশ্যে এসেছে। এন এইচ আই ডি সি এলের প্যাকেজে কাঞ্চনপুর থেকে লালছড়া এই ডাবল লেন রাস্তার কাজ হচ্ছে। এই ডাবল লেনের রাস্তার কাজটির দায়িত্ব এন এইচ আই ডি সি এলের ঠিকাদার জে কে এম ইমফ্রা ওয়ার্ক এল এল পি নামে গৌহাটির একটি বেসরকারি কোম্পানি হতে রয়েছে। দেখা যাচ্ছে দীর্ঘ দিন যাবত নির্মাণ কাজ চললেও রাস্তার কাজের পাশে কোথাও কোন সাইনবোর্ড নেই যাতে সাধারণ মানুষ বুঝতে পারে কাজটির বরাদ্দ কত এবং কত কিলোমিটার রাস্তা হবে। জানা গেছে প্রায় তিনশ কোটি টাকা রাস্তাটির কাজের জন্য বরাদ্দ করা হয়েছে। অভিযোগ গুরুত্বপূর্ণ রাস্তার কাজ অত্যন্ত নিম্নমানের করা হচ্ছে। দেখা যাচ্ছে রাস্তার পাশে যে রিটার্নিং ওয়াল হচ্ছে তাতে অত্যন্ত নিম্নমানের কোয়ালিটির পাথর সিমেন্ট রড ব্যবহার করা হচ্ছে। এমনকি যেভাবে বড় বড় বোল্ডার বসিয়ে আরসিসি ডালাই হচ্ছে তা কিভাবে এন এস আই ডি সি এলের বাস্তুকাররা মেনে নিচ্ছেন তানিয়ে সন্দেহ দেখা দিচ্ছে স্থানীয়দের মধ্যে। ফলে তিনশ কোটি টাকা ব্যয়ে এই রাস্তাটির স্থায়িত্ব নিয়ে প্রশ্ন উঠেছে। এমন লাগাম ছাড়া কেলেঙ্কারিতে এন এইচ আই ডি সি এলের জি এম বিদ্যাসাগর সিং এবং কাঞ্চনপুরের দায়িত্ব প্রাপ্ত কুন্দন সিং সরাসরি জড়িত বলে অভিযোগ তুলছে স্থানীয়রা। ঐ আধিকারিক দের নজরদারিতেই সীমাহীন কেলেঙ্কারি চলছে বলে অভিযোগ। এই সীমাহীন কেলেঙ্কারি নিয়ে জি এম বিদ্যাসাগর সিংকে জিজ্ঞাসা করলে গোটা বিষয়টি এড়িয়ে যাচ্ছেন তিনি। ☛ ৬ এর পাতায় দেখুন

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।